




বিশ্ব পরিচিতি

মহাবিশ্ব ও আমাদের পৃথিবী

- বিশ্বের প্রথম প্রকাশিত মানচিত্র তৈরী করেন বিখ্যাত গ্রিক ভূগোলবিদ ক্লাডিয়াস টলেমি।

বিভিন্ন রেখা:

- নিরক্ষ রেখা: দুই মেরু থেকে সমান দূরত্বে পৃথিবীকে পূর্ব-পশ্চিমে বেষ্টন করে একটি রেখা কল্পনা করা হয়েছে যাকে নিরক্ষরেখা/বিশুব রেখা/গুরুবৃত্ত/মহাবৃত্ত রেখা বলে। **বিশুব রেখা/ নিরক্ষরেখার মান-0°।** বিশ্ববরেখার নামে দক্ষিণ আমেরিকার ইকুয়েডর ও আফ্রিকার নিরক্ষীয় গিনির নামকরণ করা হয়েছে। **এখানে দিন ও রাত সমান থাকে। ঋতু বৈচিত্র্য থাকে না।**
- দ্রাঘিমা রেখা: নিরক্ষ রেখাকে ডিগ্রি, মিনিট ও সেকেন্ডে ভাগ করে প্রত্যেক ভাগ বিন্দুর উপর দিয়ে উত্তর মেরু থেকে দক্ষিণ মেরু পর্যন্ত যে সকল রেখা কল্পনা করা হয়েছে সেগুলোই হলো দ্রাঘিমা রেখা। এগুলো পৃথিবীর পরিধির অর্ধেকের সমান। এগুলো সময় সম্পর্কে ধারণা দেয়। **দ্রাঘিমা রেখা ১ ডিগ্রি ব্যবধানে সময়ের পার্থক্য ৪ মিনিট।**



- মকরক্রান্তি ও কর্কটক্রান্তি রেখা: $23\frac{1}{2}^{\circ}$ উত্তর ও দক্ষিণ অক্ষাংশকে যথাক্রমে কর্কটক্রান্তি (Topic of cancer) ও মকরক্রান্তি (Topic of capricorn) রেখা বলে। বাংলাদেশে কর্কটক্রান্তি ও দ্রাঘিমা রেখা একত্রিত হয়েছে ফরিদপুরের ভাঙ্গায়।
- সুমেরু বৃত্ত ও কুমেরু বৃত্ত: $66\frac{1}{2}^{\circ}$ (North pole) উত্তর ও $66\frac{1}{2}^{\circ}$ (South pole) দক্ষিণ অক্ষাংশকে যথাক্রমে- সুমেরু ও কুমেরু বৃত্ত বলে।
- যুক্তরাজ্যের লন্ডন শহরের উপকণ্ঠে গ্রিনিচ শহরের ওপর দিয়ে উত্তর- দক্ষিণে বিস্তৃত রেখাকে মূল মধ্যরেখা বা গ্রিনিচ রেখা বলে।
- আন্তর্জাতিক তারিখ রেখার মান - 180° পূর্ব ও পশ্চিম দ্রাঘিমা রেখা।
- পৃথিবীর কেন্দ্র ভেদ করে কল্পিত ব্যাসের বিপরীত প্রান্তদ্বয়ে অবস্থিত বিন্দু দুটিকে পরস্পরের প্রতিপাদ স্থান বলে। তাদের মধ্যে দ্রাঘিমাস্তর হয় 180° ডিগ্রী। ঢাকার প্রতিপাদ স্থান দক্ষিণ আমেরিকার চিলির নিকটে প্রশান্ত মহাসাগরে অবস্থিত।
- পৃথিবীতে মোট স্বাধীন দেশ ১৯৫ টি।

পৃথিবীর আকার

পৃথিবীর আকারের সহজতম মডেল হলো গোলক। পৃথিবী গোলাকার তবে উত্তর দক্ষিণে কিছুটা চাপা। পৃথিবীর গড় ব্যাস ১২৭৩৪.৫ কিলোমিটার। পৃথিবীর গড় পরিধি ৪০ হাজার কিলোমিটার। পৃথিবীর আয়তন ২.৫৯৮৮×10^{10} কিউবিক মাইল।

পৃথিবীর গতি

পৃথিবীর গতি দুই ধরনের- আঙ্গিক গতি ও বার্ষিক গতি।

- সূর্যের চারদিকে পৃথিবীর ঘুরে আসতে সময় লাগে ৩৬৫ দিন ৫ ঘন্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড।
- নিজ অক্ষের উপর একবার আবর্তন করতে সময় লাগে ২৩ ঘন্টা ৫৬ মিনিট।
- লিপ ইয়ার বা অধিবর্ষ চার বছর পর পর হয়। সেক্ষেত্রে ফেব্রুয়ারি মাস ২৯ দিনে হয়।

তারিখ	উত্তর গোলার্ধ	দক্ষিণ গোলার্ধ
২১ মার্চ	দিন-রাত্রি সমান (বাসন্ত বিষুব)	দিন-রাত্রি সমান
২১ জুন	দীর্ঘতম দিন	দীর্ঘতম রাত
২৩ সেপ্টেম্বর	দিন-রাত্রি সমান (শারদ বিষুব)	দিন-রাত্রি সমান
২২ ডিসেম্বর	ক্ষুদ্রতম দিন	ক্ষুদ্রতম রাত

জোয়ার ভাটা

প্রায় ১২ ঘন্টা পর পর জোয়ার ভাটা হয়। দিনে দুইবার জোয়ার ভাটা হয়।



মহাকাশ

বিগব্যাং বা মহাবিস্ফোরণ

১৫ শত কোটি বছর পূর্বে Big Bang বা মহাবিস্ফোরণের ফলে মহাবিশ্বে ছায়াপথ, গ্রহ, উপগ্রহ ইত্যাদির আবির্ভাব ঘটে। **Big Bang** তত্ত্বের জনক বেলজিয়ামের বিজ্ঞানী জি. ল্যামেটার। পদার্থ বিজ্ঞানের দৃষ্টি কোণ থেকে **A brief History of Time** গ্রন্থে তত্ত্বটি ব্যাখ্যা করেন পদার্থ বিজ্ঞানী স্টিফেন হকিং।

জ্যোতিষ্ক


- মহাশূন্যে অবস্থিত বস্তুসমূহকে বলা হয়- জ্যোতিষ্ক।
- জ্যোতিষ্ক-৭ প্রকার। যথা: নক্ষত্র, গ্যালাক্সি, গ্রহ, উপগ্রহ, ছায়াপথ, ধূমকেতু এবং উল্কা।

নীহারিকা (Nebula)

- মহাশূন্যে-ভাসমান আলোকময় বা কালো মেঘের ন্যায় যে বাষ্পীয় জ্যোতিষ্ক দেখা যায় তা হল নীহারিকা।
- নীহারিকা থেকে নক্ষত্রের উৎপত্তি।

ছায়াপথ (Milky Way)

- ক্ষুদ্র ক্ষুদ্র কোটি কোটি নক্ষত্রের সমষ্টিকে ছায়াপথ বলে।
- ছায়াপথের অপর নাম-আকাশ গঙ্গা, সর্প গঙ্গা।
- আমাদের ছায়াপথের নাম মিল্কিওয়ে।
- মিল্কিওয়ের বাইরে ছায়াপথের সন্ধান দেন মার্কিন বিজ্ঞানী এডউইন হাবল।
- পৃথিবীর অক্ষকাচছন্ন ও আলোকাচছন্ন মধ্যবর্তী অংশকে বলে ছায়াবৃত্ত।




নক্ষত্র (Star)

- সবচেয়ে বড় নক্ষত্র- ইউ ওয়াই স্কুটি।
- সৌরজগতের নিকটতম নক্ষত্র- প্রক্সিমা সেন্টারাই/আলফা সেন্টারাই।
- আকাশে উজ্জ্বলতম নক্ষত্র- লুব্বক।
- বৃহত্তম নক্ষত্রমণ্ডলের নাম- হাইড্রা।
- পৃথিবী থেকে নক্ষত্র বা নক্ষত্র থেকে নক্ষত্রের দূরত্ব মাপতে ব্যবহৃত হয়- আলোকবর্ষ।
- এক বছর সময় আলো যতটা পথ বা দূরত্ব অতিক্রম করে তাকে এক আলোকবর্ষ বলে।
- খালি চোখে দেখা যায় ৬০০০ নক্ষত্র। নভোযানের দিক নির্ণয়ে ক্যানোপাস নক্ষত্রটি ব্যবহৃত হয়।
- সপ্তর্ষি মণ্ডল (Great Bear), কাল পুরুষ (Orion), ক্যাসিওপিয়া (Cassiopeia), লঘুসপ্তর্ষি (Little Bear), বৃহৎ কুকুর (Canis Major) মণ্ডল এগুলো হল নক্ষত্রমণ্ডলের নাম।



উল্কা (Meteor)


- কথ্য ভাষায় উল্কাপিণ্ড নামে পরিচিত।
- এটি ক্ষুদ্র বস্তুর (সাধারণত উল্কাপিণ্ড) একটি উজ্জ্বল ধারা যা পৃথিবীর বায়ুমণ্ডলের মধ্য দিয়ে যায় এবং উপরের বায়ুমণ্ডলে বায়ু অণুর সাথে সংঘর্ষের ফলে উত্তপ্ত হয়ে জ্বলে ওঠে।
- উল্কাপিণ্ডগুলি পৃথিবী থেকে প্রায় ৭৫ থেকে ১২০ কিলোমিটার উচ্চতায় দৃশ্যমান হয়।
- সাধারণত ৫০ থেকে ৯৫ কিলোমিটার উচ্চতায় এগুলো ভেঙে যায়।





ধূমকেতু (Comet)

- ধূমকেতু অর্থ ধোঁয়ার নিশানা।
- গত শতাব্দীর উজ্জ্বলতম ধূমকেতু হেলবপ।
- হেলবপ ধূমকেতু আবিষ্কার হয় ১৯৯৫ সালে।
- সর্বশেষ আবিষ্কৃত ধূমকেতু নিট।
- বিংশ শতাব্দীর সবচেয়ে উজ্জ্বল ধূমকেতু Ikeya-Seki
- একবিংশ শতাব্দীর প্রথম ধূমকেতু লাইনিয়ার।
- হ্যালির ধূমকেতু আবিষ্কার করেন এডমন্ড হ্যালি।
- হ্যালির ধূমকেতু ৭৬ বছরের মধ্যে একবার দেখা যায়।
- হ্যালির ধূমকেতু ১ম দেখা যায় ১৭৫৯ সালে। আগামীতে ২০৬২ সালে আবার দেখা যাবে। সর্বশেষ দেখা যায় ১৯৮৬ সালে।




ধ্রুবতারা (North Star)

- ধ্রুবতারা দেখা যায় উত্তর গোলার্ধে।
- ধ্রুবতারা থেকে পৃথিবীতে আলো পৌঁছতে সময় লাগে ৪৭ বছর।

সৌরজগত (Solar System)

- সীমাহীন মহাকাশের সুবিশাল মহাজগতের একটি ক্ষুদ্র অংশ হলো সৌরজগত।
- বিজ্ঞানীরা এ পর্যন্ত ৫০০ কোটি সৌরজগতের সন্ধান লাভ করেছেন।
- সৌরজগতের মূল কেন্দ্র সূর্য।
- ১৫৪০ সালে সর্বপ্রথম সৌরজগত আবিষ্কার করেন-কোপার্নিকাস।



সূর্য (The Sun)

- সূর্যকে সৌরজগতের প্রাণ বলা হয়।
- সূর্য একটি নক্ষত্র। যার বর্ণ হলুদ।
- সূর্যের ব্যাস ১৩ লক্ষ ৮৪ হাজার কি. মি.।
- পৃথিবী থেকে সূর্য ১৩ লক্ষ গুণ বড়।
- সূর্যের কৌণিক দূরত্ব মাপার যন্ত্র সেক্সট্যান্ট।
- সূর্যের শক্তি উৎপন্ন হয় পরমাণুর ফিউশন পদ্ধতিতে।
- সূর্যের মধ্যে হাইড্রোজেন গ্যাস ৯১.২%, হিলিয়াম গ্যাস ৮.৭% ও অন্যান্য গ্যাস রয়েছে ০.১%।
- পৃথিবী থেকে সূর্যের গড় দূরত্ব ১৫ কোটি কি. মি. বা ১৫০ মিলিয়ন কি. মি.।
- সূর্য থেকে পৃথিবীর দূরত্ব ৪ জুলাই সবচেয়ে বেশি হয় যা অপসূর নামে পরিচিত।
- সূর্য থেকে পৃথিবীর দূরত্ব ১-৩ জানুয়ারি সবচেয়ে কম হয় যা অনুসূর নামে পরিচিত।
- সূর্যের বহিঃ পৃষ্ঠের তাপমাত্রা ৬০০০°C।
- সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮ মি. ১৯ সেকেন্ড।
- সূর্যের নিজ অক্ষের ওপর ১বার আবর্তন করতে সময় লাগে ২৫ দিন।
- সূর্যের নিকটতম গ্রহ বুধ।
- সূর্যের চতুর্দিক অবস্থিত হাক্সা গ্যাস করোনা।

গ্রহ ও উপগ্রহ

- ♦ সৌরজগতের গ্রহের সংখ্যা ৮টি। যথা-

■ বুধ ■ শুক্র ■ পৃথিবী ■ মঙ্গল ■ বৃহস্পতি ■ শনি ■ ইউরেনাস ■ নেপচুন

বিষয়	সংক্ষিপ্ত বিবরণ
বুধ (Mercury)	<ul style="list-style-type: none"> ♦ বুধ সূর্যের নিকটতম গ্রহ। ♦ সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহ বুধ। ♦ ৮৮ দিনে সূর্যকে একবার আবর্তন করে। ♦ বুধ গ্রহের কোন উপগ্রহ নেই। ♦ সৌরজগতের দ্রুততম গ্রহ।
শুক্র (Venus)	<ul style="list-style-type: none"> ♦ শুক্র গ্রহের কোন উপগ্রহ নেই। ♦ এই গ্রহে অ্যাসিড বৃষ্টি হয়। ♦ শুক্র গ্রহে বেশিরভাগ গ্যাস হলো কার্বন-ডাই-অক্সাইড। ♦ পৃথিবীর জমজ গ্রহ বলা হয় শুক্রকে। ♦ শুক্র গ্রহকে ভোর বেলায় 'শুকতারা' সন্ধ্যাবেলায় 'সন্ধ্যাতারা' বলা হয়। ♦ সৌরজগতের উষ্ণতম গ্রহ। ♦ পৃথিবীর নিকটতম গ্রহ শুক্র। ♦ ২২৫ দিনে সূর্যকে একবার আবর্তন করে।



পৃথিবী (Earth)	<ul style="list-style-type: none"> সৌরজগতের একমাত্র আদর্শগ্রহ পৃথিবী। পৃথিবীর একমাত্র উপগ্রহ চাঁদ। দূরত্ব অনুসারে সৌরজগতের ৩য় গ্রহ পৃথিবী। পৃথিবী আবর্তন করে পশ্চিম থেকে পূর্ব দিকে। পৃথিবী তৈরির উপকরণ সিলিকন। পৃথিবীর কক্ষপথ উপবৃত্তাকার। পৃথিবীর কাছাকাছি ছায়াপথের নাম অ্যান্ড্রোমিডা। প্রয়োজনীয় অক্সিজেন ও নাইট্রোজেন শুধু পৃথিবীতে রয়েছে। পৃথিবীর বহিরাবরণকে ভূ-ত্বক বলে, ভূ-ত্বকের প্রধান উপাদান অক্সিজেন। পৃথিবী সূর্যের চারিদিকে ঘুরে (Contripetal force) কেন্দ্রমুখী বা অভিকেন্দ্রিক শক্তির বলয়ে। 	<ul style="list-style-type: none"> পৃথিবীকে Blue Planet বলা হয়। ২৭ দিনে চাঁদ পৃথিবীর চারদিকে একবার ঘুরে আসে। জিওডেসি হলো পৃথিবীর আকার ও আয়তন সম্পর্কীয় বিদ্যা। ভূ-পৃষ্ঠে সবচেয়ে বেশি আছে অ্যালুমিনিয়াম ধাতু। পৃথিবীতে সবচেয়ে বেশি পাওয়া যায়-লোহা। ভূপৃষ্ঠের গড় তাপমাত্রা ১৩.৯° সে।
মঙ্গল (Mars)	<ul style="list-style-type: none"> মঙ্গলকে 'লালগ্রহ' বলা হয়। মঙ্গলের বায়ুমন্ডলে কার্বন-ডাই অক্সাইড ৯৯%। মঙ্গলে প্রেরিত নাসার রোবট সোজারনার। যে পরমাণু শক্তি চালিত নভোযানে মানুষ মঙ্গলে যাবে 'মে ফ্লাওয়ার'। মঙ্গল ৬৮৭ দিনে সূর্যকে আবর্তন করে। 'মার্স ওয়ান' নৈদারল্যান্ড (ডাচ) ভিত্তিক মঙ্গল গ্রহ নিয়ে গবেষণা প্রতিষ্ঠান। মঙ্গলে প্রেরিত নভোযান-মার্স, ডিসকভারি, পাথফাইন্ডার (১৯৯৭), ভাইকিং, ফিনিক্স। 	<ul style="list-style-type: none"> এর দুটি উপগ্রহ ফোবোস ও ডিমোস। মঙ্গলগ্রহ পৃথিবীর নিকটে আসে-২৭ আগস্ট ২০০৩। মঙ্গলে প্রেরিত সর্বশেষ রোবট- পারসিভারেন্স রোভার।
বৃহস্পতি (Jupiter)	<ul style="list-style-type: none"> এটিকে গ্রহরাজ বলা হয়। বৃহত্তম গ্রহ। প্রধান উপগ্রহ-লো, ইউরোপা, গ্যানিমেড ও ক্যালিস্টো। 	<ul style="list-style-type: none"> এই গ্রহে দুইবার সূর্য উদয় ও অস্ত যায়। মোট উপগ্রহ ৯৫ টি।
শনি (Saturn)	<ul style="list-style-type: none"> শনিকে 'বলয়যুক্ত' গ্রহ বলা হয়। (৩টি বলয় রয়েছে) শনির বড় উপগ্রহ টাইটান। শনির প্রধান উপগ্রহ-টাইটান, হিয়া, ডাইওন, ক্যাপিটাস ও টেথিস। 	<ul style="list-style-type: none"> দ্বিতীয় বৃহত্তম গ্রহ। শনি গ্রহে পাঠানো নভোযান ক্যাসিনি।
ইউরেনাস (Uranus)	<ul style="list-style-type: none"> ইউরেনাসকে 'সবুজগ্রহ' বলা হয়। ১৭৮৯ সালে এটি আবিষ্কৃত হয়। 	<ul style="list-style-type: none"> সৌরজগতের ৩য় বৃহত্তম গ্রহ। উপগ্রহ ২৭ টি।
নেপচুন (Neptune)	<ul style="list-style-type: none"> সৌরজগতের সর্বশেষ গ্রহ নেপচুন। ১৮৪৬ সালে এটি আবিষ্কৃত হয়। 	
বামনগ্রহ	<ul style="list-style-type: none"> যার নিজস্ব কক্ষপথ নেই, পৃথিবীর ভরের ১২ হাজার ভাগের এক ভাগের কম হয়, তাকে বামন গ্রহ বলে। বামন গ্রহ-৫টি। যথা- পুটো, সেরেস, এরিস, মেকমেক, হাউমিয়া। সৌরজগতের গ্রহ থেকে বাদ দেয়া হয়েছে পুটোকে। পুটোর নতুন আবিষ্কৃত উপগ্রহ P-5। পুটো গ্রহের মর্যাদা হারায় ২০০৬ সালের ২৪ আগস্ট। 	
চাঁদ (Moon)	<ul style="list-style-type: none"> চাঁদ $29\frac{1}{2}$ দিনে পৃথিবীকে একবার আবর্তন করে। 'শান্ত সাগর' অবস্থিত-চাঁদে। 'রস সাগর'- চাঁদের সবচেয়ে অন্ধকারময় জায়গা। পৃথিবীর চেয়ে চাঁদে কোন জিনিসের ওজন ৬ ভাগের ১ ভাগ। চাঁদ থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ১.৩০ সেকেন্ড। চাঁদে পানি সন্ধানে প্রেরিত মহাকাশ যান-লুনার প্রসপেক্টর। চাঁদে পানির সন্ধানে প্রেরিত ভারতের মনুষ্যবিহীন যান-চন্দ্রযান-১ মানুষ ১ম চাঁদে আরোহণ করে ২০ জুলাই ১৯৬৯ সালে (এ্যাপোলো-১১ তে চড়ে)। 	



সূর্যগ্রহণ

পৃথিবী ও সূর্যের মাঝখানে যখন চাঁদ অবস্থান করে তখন তাকে সূর্যগ্রহণ বলে। অমাবস্যা তিথিতে পৃথিবী, চাঁদ ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে। সূর্যগ্রহণের সময় পৃথিবীর উপর চাঁদের ছায়া পড়ে।

Solar Eclipse

চন্দ্রগ্রহণ

পৃথিবী যখন সূর্য ও চাঁদের মাঝে অবস্থান করে তখন তাকে চন্দ্রগ্রহণ বলে। পূর্ণিমা তিথিতে চাঁদ, পৃথিবী ও সূর্য প্রায় একই সরলরেখায় অবস্থান করে।

Lunar Eclipse

- সৌরজগতের ৮টি গ্রহের মধ্যে বুধ, শুক্র, মঙ্গল, বৃহস্পতি ও শনি বেশ উজ্জ্বল এবং কোন যন্ত্রের সাহায্য ছাড়াই দেখা যায়। ইউরেনাস ও নেপচুন কম উজ্জ্বল এবং দূরবীক্ষণ যন্ত্র ছাড়া এদের দেখা যায় না। প্রথম ৪টি গ্রহ ভূ-স্বদেশ এবং পরবর্তী ৪টি গ্রহ বৃহস্পতি, শনি, ইউরেনাস ও নেপচুনকে গ্যাসীয় দানব বলা হয়।
- সৌরজগতের বাইরে আবিষ্কৃত সবচেয়ে ছোট গ্রহের নাম 'কেপলার ৩৭ বি'।

মহাকাশ গবেষণা

- কৃষ্ণ গহ্বরের আবিষ্কারক জন হইলার। ১৯৫৭ সালে তিনি এটি আবিষ্কার করেন।
- মহাকাশ তত্ত্বের আবিষ্কারক স্যার আইজ্যাক নিউটন।
- মহাকাশ যাত্রায় মানুষ প্রথম সাফল্য লাভ করে রকেট আবিষ্কারের মাধ্যমে যা ১৯২৬ সালে ড. রবার্ট হ্যাচিং গভার্ড (U.S.A) আবিষ্কার করেন।
- উপগ্রহ দুই প্রকার: কৃত্রিম ও প্রাকৃতিক।
- প্রথম কৃত্রিম উপগ্রহ স্পুটনিক-১। উৎক্ষেপণ করা হয় ১৯৫৭ সালের ৪ অক্টোবর (উৎক্ষেপণকারী দেশ রাশিয়া)
- ১৯৫৮ সালে মহাকাশে প্রথম লাইকা নামে একটি কুকুর পাঠানো হয় স্পুটনিক-২ এর সাহায্যে (লাইকা পৃথিবীতে ফিরে আসেনি)
- মহাকাশে প্রথম মানুষ- রুশ নভোচারী ইউরি গ্যাগারিন। তিনি ভোস্টক-১ এ চড়ে ১৯৬১ সালের ১২ এপ্রিল পৃথিবীকে প্রদক্ষিণ করেন।
- মহাশূন্যে প্রথম মহিলা নভোচারী : রুশ নভোচারী ভেলেন্টিনা তেরেসকোভা। তিনি ১৯৬৩ সালের ৬ জুন মহাকাশে গমন করেন ভোস্টক-৬ নামক মিশনে।
- মহাকাশ অভিযাত্রী দলের প্রথম মহিলা নেতা এলিন কলিস, ২৩ জুলাই ১৯৯৮ মিস এলিনের নেতৃত্বে স্পেস শাটল কলম্বিয়া মহাশূন্যে প্রেরণ করা হয়।
- NASA (National Aeronautics and Space Administration) U.S.A এর ফ্লোরিডার কেপকেনেডি মহাকাশ উৎক্ষেপণ কেন্দ্র। এর সদর দপ্তর ওয়াশিংটন ডি.সি। নাসা প্রতিষ্ঠিত হয় ১৯৫৮ সালে।
- চীনের প্রথম মহাকাশচারী নারী লিও-ইয়াং (নভোযান- শেনজু ৫)
- পৃথিবী থেকে বৃহস্পতির উদ্দেশ্যে প্রেরিত কৃত্রিম উপগ্রহ- গ্যালিলিও।
- ভারতের প্রথম মহাকাশচারী- কল্পনা চাওলা (নভোযান-কলম্বিয়া)।

মঙ্গলগ্রহে অভিযান

মঙ্গলগ্রহে অবতরণকারী প্রথম মহাকাশযান 'মারস-২'। নাসার বিজ্ঞানীরা মঙ্গলগ্রহের উদ্দেশ্যে দুটি কাভার স্প্রিট ও অপারচুনিটি পাঠায় ২০০৪ সালে।

চন্দ্রবিজয়

- সোভিয়েত ইউনিয়নের লুনা-২ মিশন হচ্ছে চাঁদে অবতরণকারী মনুষ্যনির্মিত প্রথম বস্তু যা ১৯৬৯ সালের ১৩ সেপ্টেম্বর চাঁদে অবতরণ করে।
- মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যাপোলো-১১ মিশন চাঁদে মানুষের প্রথম সফল অবতরণ। ১৯৬৯ সালের ২০ জুলাই নীল আর্মস্ট্রং প্রথম মানব হিসাবে চাঁদে পা রাখেন। তাঁর সহযোগী ছিলেন মাইকেল কলিন্স এবং এডউইন অলড্রিন।
- সোভিয়েত ইউনিয়নের লুনা-২ মিশন হচ্ছে চাঁদে অবতরণকারী মনুষ্যনির্মিত প্রথম বস্তু যা ১৯৬৯ সালের ১৩ সেপ্টেম্বর চাঁদে অবতরণ করে।
- চাঁদের পানির সন্ধানে প্রেরিত মহাকাশ যান-লুনার প্রসপেক্টর।
- চাঁদে পানির সন্ধানে প্রেরিত ভারতের মনুষ্যবিহীন যান-চন্দ্রযান-১
- ৫টি দেশ ও ১টি সংস্থা এ পর্যন্ত চাঁদে অভিযান চালায়। যথা- রাশিয়া • যুক্তরাষ্ট্র • চীন • জাপান • ভারত • ইউরোপীয় মহাকাশ সংস্থা।



মহাকাশ স্টেশন

♦ পৃথিবীতে ১৬টি দেশের প্রচেষ্টায় আন্তর্জাতিক মহাকাশ স্টেশন স্থাপিত হয় মহাশূন্যে।

মহাকাশ স্টেশনের নাম	দেশ	মহাকাশ যানের নাম	দেশ
স্যালুট	সোভিয়েত ইউনিয়ন	স্পুটনিক, ভোস্টক, সয়ুজ	রাশিয়া
মির	রাশিয়া		
ফাইল্যাব	যুক্তরাষ্ট্র	এক্সপ্লোরার, কলম্বিয়া, ভয়েজার, চ্যালেঞ্জার, জু ড্রাগন (ফ্যালকন ৯)	যুক্তরাষ্ট্র
ISS (Int'l Space Station)	আন্তর্জাতিক		
তিয়ানগং	চীন	শেনজু	চীন

উৎক্ষেপণ কেন্দ্র	অবস্থান
বাইকনুর	কাজাখস্তান
কেপ ক্যানাভেরাল (নাসা)	ফ্লোরিডা, যুক্তরাষ্ট্র
কেনেডি স্পেস সেন্টার	ফ্লোরিডা
ভ্যানডেনবার্গ স্পেস ফোর্স বেস	ক্যালিফোর্নিয়া

মহাকাশ পর্যটক		
পর্যটকের নাম	দেশ	বিশেষ তথ্য
ডেনিস টিটো	যুক্তরাষ্ট্র	১ম মহাকাশ ভ্রমণকারী পর্যটক
আনুশেহ আনসারি	যুক্তরাষ্ট্র	১ম নারী ও মুসলমান পর্যটক। ইরানী বংশোদ্ভূত
লিউ ইয়াপিং	চীন	১ম চীনা মহাকাশ পর্যটক
ওলেগ কোনোনেকো	রাশিয়া	মহাকাশে বেশি দিন কাটানোর রেকর্ডধারী

বিভিন্ন দেশের মহাকাশ সংস্থা		
দেশ	সংস্থা	প্রতিষ্ঠা
যুক্তরাষ্ট্র	National Aeronautics and Space Administration (NASA)	১৯৫৮
রাশিয়া	Russian Federal Space Agency (RFSA)	১৯৯২
চীন	China National Space Administration (CNSA)	১৯৯৩
জাপান	Japan Aerospace Exploration Agency (JAXA)	২০০৩
ভারত	Indian Space Research Organization (ISRO)	১৯৬৯
ইসরাইল	Israeli Space Agency (ISA)	১৯৮৩
ইউরোপ	European Space Agency (ESA)	১৯৭৫

স্পেস এক্স সম্পর্কে কিছু তথ্য:

- স্পেস এক্সপ্রোরেশন টেকনোলজিস কর্পোরেশন বা সংক্ষেপে স্পেসএক্স একটি মার্কিন মহাকাশ প্রযুক্তি কোম্পানি।
- প্রযুক্তি ব্যবসায়ী ও উদ্যোক্তা ইলন মাস্ক ২০০২ সালে স্পেসএক্স প্রতিষ্ঠা করেন।
- স্পেস এক্সের প্রধান কার্যালয় মার্কিন যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ার হর্থর্ন নগরীতে অবস্থিত।
- ২০২৪ সালের ১৩ অক্টোবর স্টারশিপ রকেট প্রথম নিরাপদে লঞ্চপ্যাডে অবতরণ করেছে।
- স্টারবেস হল টেক্সাসের ক্যামেরন কাউন্টিতে অবস্থিত স্পেসএক্স এর একটি রকেট উৎক্ষেপণ এবং উৎপাদন কমপ্লেক্স। মহাকাশ সম্প্রদায়ের মধ্যে এটি "Gateway To Mars" নামে পরিচিত।



মহাকাশের বিবিধ তথ্য

- ২০১৫ সালের ২৮ সেপ্টেম্বর প্রথম স্পেস অবজারভেটরি 'অ্যাস্ট্রোস্যাট' এর সফল উৎক্ষেপণ করে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা (ISRO)। যুক্তরাষ্ট্র, রাশিয়া ও জাপানের পর বিশ্বের চতুর্থ দেশ হিসেবে নিজেদের স্পেস অবজারভেটরি উৎক্ষেপণ করে ভারত।
- ২০১৫ সালের ২৪ এপ্রিল হাবল টেলিস্কোপ মহাশূন্যে রজতজয়ন্তী পূর্ণ করে। ১৯৯০ সালের ২৪ এপ্রিল সালে নাসার মহাকাশযান ডিসকভারিতে এটি উৎক্ষেপিত হয়েছিল।
- IAU (International Astronomical Union) প্যারিসে (ফ্রান্স) অবস্থিত।
- মহাকাশে প্রেরিত ১ম যোগাযোগ উপগ্রহ কে বলা হয় 'টেলস্টার'।
- রাশিয়া ও যুক্তরাষ্ট্রের যৌথ মঙ্গলগ্রহ অভিযানকে বলা হয় 'মার্স টুগেদার'।
- যুক্তরাষ্ট্র কর্তৃক নিক্ষিপ্ত ১ম উপগ্রহ হল 'এক্সপ্লোরার-১'।
- বিশ্বের ১ম বাণিজ্যিক মহাকাশ স্টেশন যুক্তরাষ্ট্রের নিউ মেক্সিকোতে অবস্থিত।
- চীন বিশ্বের প্রথম যাত্রীবাহী ড্রোন তৈরি করে।



এক তজরে...

- | | |
|--|--|
| <ul style="list-style-type: none"> ০১. ঋতু বৈচিত্র্য থাকে না-
<input checked="" type="checkbox"/> নিরক্ষ রেখায় ০২. সময় সম্পর্কে ধারণা দেয়-
<input checked="" type="checkbox"/> দ্রাঘিমা রেখা ০৩. ট্রপিক অব ক্যান্সার বলা হয়-
<input checked="" type="checkbox"/> কর্কটক্রান্তি রেখাকে ০৪. ঢাকার প্রতিপাদ স্থান-
<input checked="" type="checkbox"/> দক্ষিণ আমেরিকার চিলির অন্তর্গত প্রশান্ত মহাসাগরে ০৫. দিনরাত সমান থাকে-
<input checked="" type="checkbox"/> ২১ মার্চ, ২৩ সেপ্টেম্বর ০৬. দিনরাত সংঘটিত হয়-
<input checked="" type="checkbox"/> আহ্নিক গতির ফলে ০৭. বার্ষিক গতির ফলে-
<input checked="" type="checkbox"/> ঋতু পরিবর্তন হয়- ০৮. বিগব্যাঙ তত্ত্বের জনক-
<input checked="" type="checkbox"/> জি ল্যামেটার ০৯. A Brief History of Time গ্রন্থের জনক-
<input checked="" type="checkbox"/> স্টিফেন হকিং ১০. আধুনিক জ্যোতির্বিজ্ঞানের জনক-
<input checked="" type="checkbox"/> গ্যালিলিও ১১. সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে-
<input checked="" type="checkbox"/> ৮ মিনিট ১৯ সেকেন্ড ১২. সৌর জগতের নিকটতম নক্ষত্র-
<input checked="" type="checkbox"/> প্রক্সিমা সেন্টারাই ১৩. উপগ্রহ নেই-
<input checked="" type="checkbox"/> বুধ ও শুক্র ১৪. সৌরজগতের ক্ষুদ্রতম গ্রহ-
<input checked="" type="checkbox"/> বুধ ১৫. শুকতারা নামে পরিচিত-
<input checked="" type="checkbox"/> শুক্রগ্রহ | <ul style="list-style-type: none"> ১৬. পৃথিবীর জন্মজ গ্রহ বলা হয়-
<input checked="" type="checkbox"/> শুক্র ১৭. ব্লু প্লানেট বলা হয়-
<input checked="" type="checkbox"/> পৃথিবীকে ১৮. ভূত্বকের প্রধান উপাদান-
<input checked="" type="checkbox"/> অক্সিজেন ১৯. পৃথিবী তৈরির উপকরণ-
<input checked="" type="checkbox"/> সিলিকন ২০. লালগ্রহ বলা হয়-
<input checked="" type="checkbox"/> মঙ্গলকে ২১. মঙ্গলের বায়ুমন্ডলে কার্বন-ডাই অক্সাইডের পরিমাণ-
<input checked="" type="checkbox"/> ৯৯% ২২. গ্রহরাজ বলা হয়-
<input checked="" type="checkbox"/> বৃহস্পতিকে ২৩. সবুজ গ্রহ বলা হয়-
<input checked="" type="checkbox"/> ইউরেনাসকে ২৪. আমাদের ছায়াপথের নাম-
<input checked="" type="checkbox"/> মিল্কওয়ে ২৫. সৌরজগতের বাইরে আবিষ্কৃত সবচেয়ে ছোট গ্রহ-
<input checked="" type="checkbox"/> কেপলার-৩৭ বি ২৬. মহাকাশ তত্ত্বের আবিষ্কারক-
<input checked="" type="checkbox"/> নিউটন ২৭. প্রথম কৃত্রিম উপগ্রহ-
<input checked="" type="checkbox"/> স্পুটনিক-১ ২৮. প্রথম মানব হিসেবে চাঁদে পা রাখেন-
<input checked="" type="checkbox"/> নীল আর্মস্ট্রং ২৯. নাসা কোন দেশের মহাকাশ সংস্থা
<input checked="" type="checkbox"/> যুক্তরাষ্ট্র ৩০. মহাকাশে প্রেরিত প্রথম যোগাযোগ উপগ্রহকে বলা হয়-
<input checked="" type="checkbox"/> টেলস্টার |
|--|--|



বিপণ্য বছরের প্রশ্ন সমূহ

৯ মেডিকেল এন্ড ডেন্টাল ভর্তি পরীক্ষা

০১. পৃথিবীর সবচেয়ে কাছের গ্রহ কোনটি? [MBBS: 2013-14]

- ক) শনি খ) বুধ
গ) শুক্র ঘ) বৃহস্পতি

০২. কৃষ্ণ গহ্বরের আবিষ্কারক কে? [MBBS: 2012-13]

- ক) নিউটন খ) স্টিফেন হকিং
গ) জন হুইলার ঘ) আইনস্টাইন

৯ বিসিএস পরীক্ষা

০৩. কৃষ্ণগহ্বর নিয়ে কোন বাঙালি বিজ্ঞানী গবেষণা করেছেন? [46th BCS]

- ক) কুদরত-ই-খুদা খ) কাজী মোতাহার হোসেন
গ) জামাল নজরুল ইসলাম ঘ) আব্দুল মতিন চৌধুরি

০৪. বিশ্বব্রহ্মাণ্ডের সবচেয়ে বেশি গ্যাসটি হল- [45th BCS]

- ক) অক্সিজেন খ) কার্বন ডাই অক্সাইড
গ) নাইট্রোজেন ঘ) হাইড্রোজেন

০৫. 'কেপলার-৪৫২ বি' কি? [44th BCS]

- ক) পৃথিবীর মতো একটি গ্রহ
খ) নাসা এর অত্যাধুনিক টেলিস্কোপ
গ) সূর্যের মতো একটি নক্ষত্র
ঘ) একটি মহাকাশ যান

০৬. সূর্যের নিকটতম নক্ষত্রের নাম- [41th BCS]

- ক) ভেগা খ) প্রক্সিমা সেন্টারাই
গ) আলফা সেন্টারাই এ ঘ) আলফা সেন্টারাই বি

০৭. পাথফাইন্ডার এর মঙ্গলে অবতরণ সাল- [41th BCS]

- ক) ১৯৯০ খ) ১৯৯৫
গ) ১৯৯৭ ঘ) ২০০০

০৮. স্টিফেন হকিং একজন- [38th BCS]

- ক) দার্শনিক খ) পদার্থবিদ
গ) রসায়নবিদ ঘ) কবি

০৯. জামাল নজরুল ইসলাম কে? [34th BCS]

- ক) ফুটবল খেলোয়াড় খ) অর্থনীতিবিদ
গ) কবি ঘ) বৈজ্ঞানিক

১০. ইউরি গ্যাগারিন মহাশূন্য যান- [33rd BCS]

- ক) ১৯৫৬ সালে খ) ১৯৬১ সালে
গ) ১৯৬৪ সালে ঘ) ১৯৬৯ সালে

১১. পৃথিবীর প্রথম বাণিজ্যিক যোগাযোগ কৃত্রিম উপগ্রহ কোনটি?

- [29th BCS]
ক) আলিবার্ড হল খ) এস্ট্রেলার হল
গ) ওবেরী হল ঘ) কসমস

১২. ছায়াপথ তার নিজ অক্ষকে কেন্দ্র করে ঘুরে আসতে যে সময় লাগে তাকে কি বলে? [28th BCS]

- ক) সৌর বছর খ) কসমিক ইয়ার
গ) আলোকবর্ষ ঘ) পলিসা

১৩. NASA- এর সদর দপ্তর কোথায়? [28th BCS]

- ক) ফ্লোরিডা খ) হিউস্টন
গ) ওয়াশিংটন ডিসি ঘ) টেকসাস

১৪. গ্রিনিচ মান সময়ের সঙ্গে বাংলাদেশের সময়ের পার্থক্য কত ঘণ্টা? [26th BCS]

- ক) ছয় ঘণ্টা খ) আট ঘণ্টা
গ) দশ ঘণ্টা ঘ) পাঁচ ঘণ্টা

১৫. NASA এর সদর দপ্তর কোথায়? [24th BCS]

- ক) ফ্লোরিডা খ) হিউস্টন
গ) কেপ কেনেডি ঘ) টেকসা

[N. B: কেপ কেনেডি ওয়াশিংটন ডি.সি. তে অবস্থিত]

১৬. চন্দ্রপৃষ্ঠে প্রথম অবতরণকারী মানুষের নাম ও দেশ- [24th BCS]

- ক) ইউরি গ্যাগারিন, রাশিয়া খ) জন গ্লেন, যুক্তরাষ্ট্র
গ) রিচার্ড এলড্রিন, যুক্তরাষ্ট্র ঘ) নীল আর্মস্ট্রং, যুক্তরাষ্ট্র

১৭. যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয়- [23th BCS]

- ক) চন্দ্রগ্রহণ খ) সূর্যগ্রহণ
গ) আমাবস্যা ঘ) পূর্ণিমা

১৮. মহাজাগতিক রশ্মি আবিষ্কার করে কোন বিজ্ঞানী নোবেল পুরস্কার পান? [20th BCS]

- ক) হেস খ) গোল্ডস্টাইন
গ) রাদারফোর্ড ঘ) আইনস্টাইন

১৯. নাসা কোন দেশের মহাকাশ গবেষণা সংস্থা? [19th BCS]

- ক) জার্মানি খ) যুক্তরাষ্ট্র
গ) রাশিয়া ঘ) ফ্রান্স

২০. আকাশের উজ্জ্বলতম নক্ষত্র কোনটি? [18th BCS]

- ক) প্রবতারা খ) প্রক্সিমা সেন্টারাই
গ) লুবক ঘ) পুলহ

২১. গ্যালিলিও কি? [18th BCS]

- ক) মঙ্গলগ্রহের একটি উপগ্রহ
খ) পৃথিবী থেকে পাঠানো বৃহস্পতির একটি কৃত্রিম উপগ্রহ
গ) শনি গ্রহের একটি উপগ্রহ
ঘ) বৃহস্পতি গ্রহের একটি উপগ্রহ

২২. মঙ্গলগ্রহে প্রেরিত নভোযান কোনটি? [13th BCS]

- ক) সমুজ্জ খ) এপোলো
গ) ভয়েজার ঘ) ভাইকিং

উত্তরমালা

০১. গ	০২. গ	০৩. গ	০৪. ঘ	০৫. ক	০৬. খ	০৭. গ	০৮. খ	০৯. ঘ	১০. খ	১১. ক	১২. খ
১৩. গ	১৪. ক	১৫. গ	১৬. ঘ	১৭. খ	১৮. ক	১৯. খ	২০. গ	২১. খ	২২. ঘ		



বিশ্ব সভ্যতার ইতিহাস

মেসোপটেমীয় সভ্যতা



‘মেসোপটেমিয়া’ একটি গ্রিক শব্দ। এর অর্থ দুই নদীর মধ্যবর্তী ভূমি। বর্তমান ইরাকের টাইগ্রিস বা দজলা ও ইউফ্রেটিস বা ফোরাতে নদী দুটির মধ্যবর্তী অঞ্চলে গড়ে উঠেছিল এই সভ্যতা। এই সভ্যতা ৪টি পর্যায়ক্রমিক সভ্যতার জন্ম দিয়েছিল।

মেসোপটেমীয়
সভ্যতা



সুমেরীয় সভ্যতা
অ্যাসিরীয় সভ্যতা
ব্যাবিলনীয় সভ্যতা
ক্যালডীয় সভ্যতা



কিউনিফর্ম

সুমেরীয় সভ্যতা

- মেসোপটেমিয়ার দক্ষিণাংশে সবচেয়ে প্রাচীন সভ্যতা গড়ে তুলেছিল সুমেরীয়গণ।
- সুমেরীয়দের আদিবাস ছিল এলামের পাহাড়ি অঞ্চলে।
- সুমেরীয়দের আয়ের মূল উৎস ছিল কৃষি। উন্নত সেচ ব্যবস্থা তাদেরই বড় আবিষ্কার।
- সুমেরীয়গণ ‘কিউনিফর্ম’ (Cuneiform) নামে অক্ষরভিত্তিক একটি বর্ণলিপি উদ্ভাবন করে।
- সভ্যতায় সুমেরীয়দের সবচেয়ে বড় অবদান ‘চাকা’ (Wheel) আবিষ্কার। এছাড়াও জলঘড়ি, চন্দ্রপঞ্জিকা ও পাটিগণিতের গুণ পদ্ধতির আবিষ্কার সুমেরীয়দের গুরুত্বপূর্ণ অবদান।
- এই সভ্যতাকে পৃথিবীর প্রথম সু-সংগঠিত সভ্যতা হিসেবে গণ্য করা হয়।
- সুমেরীয়দের চন্দ্র দেবতার উদ্দেশ্যে নিবেদিত উপাসনালয় ছিল জাগুরাত।

ব্যাবিলনীয় সভ্যতা

- সিরিয়ার মরুভূমি অঞ্চলের অ্যামোরাইট জাতি আনুমানিক ২০৫০ খ্রিস্টপূর্বাব্দে মেসোপটেমিয়া অঞ্চলে একটি নগর সভ্যতা গড়ে তোলে। এটি ব্যাবিলনীয় সভ্যতা নামে পরিচিত।
- ব্যাবিলনীয় সভ্যতার স্থপতি ছিলেন বিখ্যাত অ্যামোরাইট নেতা হাম্মুরাবি।
- পৃথিবীতে প্রথম লিখিত আইনের প্রচলন হয় ব্যাবিলনে।
- সভ্যতায় ব্যাবিলনের সবচেয়ে বড় অবদান আইনের ক্ষেত্রে। আইন সংকলক হিসেবে হাম্মুরাবি আজও অমর হয়ে আছেন। ব্যাবিলনীয়দের আইন ‘হাম্মুরাবি আইন’ নামে পরিচিত।
- সুমেরীয়দের অনুকরণে ব্যাবিলনীয়রা সাহিত্য রচনা করে। বিখ্যাত প্রাচীন মহাকাব্য ‘গিলগামেশ’ এই সভ্যতারই রচনা যা লিখিত হয়েছে ‘কিউনিফর্ম’ লিপিতে।
- পৃথিবীর প্রাচীনতম মানচিত্র পাওয়া যায় ব্যাবিলনের উত্তরের গাথুর শহরের ধ্বংসাবশেষে।



হাম্মুরাবি

অ্যাসিরীয় সভ্যতা

- ব্যাবিলন থেকে দুইশত মাইল উত্তরে টাইগ্রিস নদীর তীরে ‘আশুর’ নামে একটি সমৃদ্ধ শহর গড়ে ওঠে।
- অ্যাসিরীয় সম্রাট নিজেকে সূর্যদেবতা শামসের প্রতিনিধি মনে করতেন।
- অ্যাসিরীয়রা ৬৭০-৬৬২ খ্রিস্টপূর্বাব্দে মিশরে আধিপত্য বিস্তার করে।
- অ্যাসিরীয়রা সমরবাদী হিসেবে পরিচিত। যুদ্ধবিদ্যা, অস্ত্র ও হাতিয়ার তৈরির গুরুত্ব এই সভ্যতার অবদান।
- অ্যাসিরীয়রা প্রথম বৃত্তকে ৩৬০° তে ভাগ করে।
- পৃথিবীকে সর্বপ্রথম তারা অক্ষাংশ (Latitudes) ও দ্রাঘিমাংশ (Longitudes) ভাগ করেছিল।




ক্যালডীয় সভ্যতা

ক্যালডীয় সভ্যতার স্থপতি ছিলেন সম্রাট নেবুচাদনেজার। 'বাবিলনের শূন্যউদ্যান' বা 'বাবিলনের ঝুলন্ত উদ্যান' (The Hanging Garden of Babylon) নির্মাণের জন্য তিনি অমর হয়ে আছেন। প্রিয় সম্রাজ্ঞীর অনুপ্রেরণায় তিনি এটি নির্মাণ করেন। এটি স্থাপন করা হয়েছিল তৎকালীন সম্রাটের খাস উপাসনালয়ের ছাদে। ইতিহাসে এটিই 'শূন্য উদ্যান' বা 'ঝুলন্ত উদ্যান' নামে পরিচিত। ক্যালডীয়রাই প্রথম সপ্তাহকে ৭ দিনে বিভক্ত করে। ক্যালডীয়দের প্রধান দেবতার নাম জুপিটার।

- বাবিলন (ইরাক) শহরকে কেন্দ্র করে গড়ে ওঠা 'নতুন বাবিলনীয় সভ্যতা' কেই বলা হয় ক্যালডীয় সভ্যতা।
- 'বাবিলনের শূন্য উদ্যান' বিশ্বের সপ্তাশ্চর্ষের একটি হয়ে বাবিলনের সুখ্যাতি প্রকাশ করছে।
- আবার প্রতিদিনকে ১২ জোড়া ঘন্টা ও ক্যালেন্ডার প্রথার উদ্ভাবন করেন ক্যালডীয়রা।
- ক্যালডীয়রা ১২টি নক্ষত্রপুঞ্জের সন্ধান পান। তা থেকে ১২টি রাশিচক্রের (12 Zodiac Circles) সৃষ্টি হয়।

মিশরীয় সভ্যতা

প্রাচীন মিশর উত্তর আফ্রিকার পূর্বাঞ্চলের একটি প্রাচীন সভ্যতা। নীলনদের তৃণভূমি অঞ্চলে এই সভ্যতা গড়ে ওঠে বলে গ্রিক ইতিহাসবিদ হেরোডোটাস মিশরকে বলেছেন 'নীল নদের দান'। এই অঞ্চলটি বর্তমানে মিশর রাষ্ট্রের অধিগত। খ্রিস্টপূর্ব ৫০০০-৩২০০ অব্দের সময়কে মিশরের প্রাক রাজবংশীয় যুগ বলা হয়। এ সময় 'নগর সভ্যতার সূচনাকারী' এই মিশরীয় সভ্যতা বেশ কিছু (প্রায় ৪২টি) ছোট ছোট নগর রাষ্ট্রে বিভক্ত ছিল। যেগুলোকে বলা হত 'নোম'। প্রাচীন মিশরের রাজাদের বলা হতো ফারাও।



পিরামিড এবং স্ফিংস

প্রাচীন মিশরীয়দের নানান কৃতিত্ব গুলোর মধ্যে উল্লেখযোগ্য—

- খনি থেকে অটালিকাদি নির্মাণের জন্য পাথর খনন ও নির্মাণ কৌশলের দক্ষতা
- সেচ ব্যবস্থা ও কৃষি উৎপাদন কৌশল
- প্রথম জাহাজ নির্মাণ
- চিকিৎসা ব্যবস্থা
- তারা তিনটি ঋতু চিহ্নিত করেছিল।
- তারাই সর্বপ্রথম ১২ মাসে ১ বছর, ৩০ দিনে ১ মাস এই গণনা রীতি চালু করেছিল।
- ঐতিহাসিক মিশরের পিরামিড সমূহ
- মন্দির, ওবেলিস্ক সমূহ
- বিশ্বের ইতিহাসের প্রাচীনতম শান্তি চুক্তি (হিটাইটদের সাথে) ইত্যাদি।

মিশরীয়রা মনের ভাব প্রকাশ করত ছবি এঁকে। ছবি গুলো ছিল এক একটি অক্ষরের প্রতীক। অক্ষর ভিত্তিক মিশরের এই 'চিত্রলিপি' কে বলা হয় 'হায়ারোগ্লিফিক'। যার অর্থ পবিত্র লিপি। মিশরীয়রা নল-খাগড়া জাতীয় গাছের কাণ্ড থেকে কাগজ বানাত। গ্রিকরা এই কাগজের নাম দেয় 'প্যাপিরাস'।

মিশরের পিরামিড

মিশরীয় পিরামিড হল মিশরে অবস্থিত প্রস্তর নির্মিত স্থাপনা সমূহ। ২০০৮ সাল পর্যন্ত মিশরে ১৩৮টি পিরামিড আবিষ্কৃত হয়েছে। মিশরের প্রাচীন পিরামিড গুলোর মধ্যে সবচেয়ে পুরনোটি হল তৃতীয় রাজবংশের রাজত্বকালে নির্মিত 'জোসারের পিরামিড'। এর নকশা প্রস্তুত করেছিলেন স্থপতি ইমহোটেপ। মিশরের সবচেয়ে বড় পিরামিড (গ্রেট পিরামিড) হল 'কেপোস' বা 'ফারাও খুফুর' পিরামিড। এটি গড়ে উঠেছিল প্রায় ১৩ একর জায়গা জুড়ে। যার উচ্চতা ছিল প্রায় ৪৫০ ফুট। গিজা পিরামিড কমপ্লেক্সে গ্রেট পিরামিড ছাড়াও 'গ্রেট স্ফিংস' নামে পরিচিত বিশাল আকৃতির ভাস্কর্য দেখা যায়। প্রাচীন বিশ্বের সপ্তাশ্চর্ষের মধ্যে পরিগণিত স্থাপনা গুলোর মধ্যে এটিই একমাত্র অদ্যাবধি বিদ্যমান।

সিন্ধু সভ্যতা

এটি তাম্র যুগের সভ্যতা। প্রায় ৩৫০০ বছর পূর্বে দ্রাবিড় জাতি এ সভ্যতা গড়ে তুলেছিল বলে মনে করা হয়। এই সভ্যতার কেন্দ্র ছিল মূলত ভারতীয় উপমহাদেশের পশ্চিমাঞ্চলে অবস্থিত সিন্ধু নদের অববাহিকায়। মূলত পাকিস্তান ভূখণ্ডই ছিল এই প্রাচীন সভ্যতার মূল কেন্দ্র। পূর্ণবর্ধিত সময়কালে এই সভ্যতা হরপ্পা সভ্যতা নামে পরিচিত ছিল। হরপ্পা ছিল এই সভ্যতার প্রথম আবিষ্কৃত শহরগুলির অন্যতম। মহেন্দ্জোদারো সিন্ধু সভ্যতার একটি গুরুত্বপূর্ণ কেন্দ্র। সিন্ধু সভ্যতার আবিষ্কারক জন মার্শাল, দয়ারাম সাহনি ও রাখালদাস বন্দ্যোপাধ্যায়।

সিন্ধু সভ্যতার অবদান:

- পয়ঃনিষ্কাশন ব্যবস্থা
- হাড় ও পাথরের তৈরি সীলমোহর
- পাকা নর্দমা

গ্রিক সভ্যতা

- ঐতিহাসিকগণ প্রাচীন গ্রিসকে আধুনিক পশ্চাত্য সভ্যতার ভিত্তিভূমি বলে স্বীকার করেছেন।
- গ্রিকদের প্রধান দেবতা ছিল জিউস।

বিশ্ব সভ্যতার ইতিহাস

সাধারণ জ্ঞান



গ্রিক দেবী বা দেবতার নাম	পরিচিতি
জিউস	দেবতাদের রাজা/ প্রধান দেবতা
অ্যাপোলো	সূর্য, আলো, চিকিৎসাবিদ্যা এবং সঙ্গীতের দেবতা
আফ্রোডাইটি	ভালোবাসা, রোমাঞ্চ এবং সৌন্দর্যের দেবী
হেরা	বিবাহ বন্ধন অটুট রাখার দেবী (জিউসের স্ত্রী)
এরিস	যুদ্ধদেবতা
এথেনা	প্রজ্ঞার দেবী (জিউসের কন্যা)
আরটেমিস	ফাটিলিটির দেবী

- গ্রিক সভ্যতায় অনেকগুলো ছোট ছোট নগর রাষ্ট্র গড়ে উঠেছিল। এদের মধ্যে নেতৃস্থানীয় ছিল স্পার্টা ও এথেন্স।
- স্পার্টা ছিল গ্রিসের সামরিক নগর রাষ্ট্র।
- স্পার্টা ও এথেন্সের মধ্যে সংঘটিত যুদ্ধ- পেলোপনেনসীয় যুদ্ধ।
- প্রাচীন পৃথিবীতে এথেন্সই সর্বপ্রথম গণতন্ত্রের সূচনা করে। গ্রিসকে বলা হয় গণতন্ত্রের সূতিকাগার।
- মানব সভ্যতায় পৃথিবীর প্রথম মানচিত্র অঙ্কন, সূর্য ও চন্দ্র গ্রহণের কারণ ব্যাখ্যা এই সভ্যতার অবদান।
- প্রাচীন গ্রিক সভ্যতা গড়ে উঠেছিল মূলত ভূমধ্যসাগরকে কেন্দ্র করে। ভৌগলিক ও সাংস্কৃতিক কারণে গ্রিক সভ্যতার সাথে দুইটি সংস্কৃতির নাম জড়িয়ে আছে। একটি 'হেলেনিক' এবং অন্যটি 'হেলেনিস্টিক'। গ্রিসকে তাই হেলেনীয় সভ্যতার দেশ বলা হয়।

সক্রেটিস

- সক্রেটিস ছিলেন গ্রিসের দার্শনিকদের মধ্যে সবচেয়ে খ্যাতিমান।
- অন্যায় শাসনের প্রতিবাদ করায় গ্রিসের শাসক গোষ্ঠী ৩৯৯ খ্রিস্টপূর্বাব্দে এ মহান দার্শনিককে হেমলক লতার তৈরি বিষ খাইয়ে হত্যা করে।
- তাকে সব জ্ঞানীদের গুরু বলা হয়।
- তঁার বিখ্যাত উক্তি- Know thyself (নিজেকে জানো)।



সক্রেটিস

প্লেটো

- তিনি গ্রিসে জন্মগ্রহণ করেন এবং গ্রিসের নাগরিক ছিলেন।
- তিনি তার চিন্তাগুলো ধরে রাখেন দি রিপাবলিক নামক গ্রন্থ রচনা করে।
- প্লেটো ৩৮৬ খ্রিস্টপূর্বাব্দে দর্শনের স্কুল Akademia প্রতিষ্ঠা করেন।
- তিনি সক্রেটিসের শিক্ষার বক্তব্যগুলো নিয়ে ডায়ালগস অব সক্রেটিস নামে আরেকটি গ্রন্থ রচনা করেন।
- তঁার বিখ্যাত উক্তি- জ্ঞানই পুণ্য।



প্লেটো

এরিস্টটল

- তঁার একটি বিখ্যাত গ্রন্থের নাম দ্যা পলিটিয়া।
- তিনি লাইসিয়াম এর প্রতিষ্ঠাতা।
- এরিস্টটল আলেকজান্ডারের শিক্ষক ছিলেন।
- তঁার বিখ্যাত উক্তি- “মানুষ স্বভাবতই সামাজিক ও রাজনৈতিক জীব এবং যে সমাজে বাস করে না সে হয় পশু না হয় দেবতা”।

মহাকাব্য ইলিয়াড এবং ওডিসি গ্রিসের মহাকাব্য হোমার রচিত। গ্রিসের সবচেয়ে জনপ্রিয় নাট্যকার ছিলেন এঙ্কাইলাস। রাজা ইদিপাস নাট্যকার সফোক্লিসের বিখ্যাত ট্রাজেডি।



এরিস্টটল

অন্যান্য সভ্যতা

রোমান সভ্যতা

- রোমের সবচেয়ে খ্যাতিমান সম্রাট ছিলেন জুলিয়াস সিজার।
- “এলাম, দেখলাম, জয় করলাম”- সম্রাট জুলিয়াস সিজারের বিখ্যাত উক্তি।



- জুলিয়াস সিজার নিহত হলে অক্টোভিয়াস সিজার, মার্ক এন্টনি এবং লেপিডাস রোম শাসন করেন। এই তিন জনের শাসন ইতিহাসে ত্রয়ী শাসন হিসেবে পরিচিত।
- রোমের সবচেয়ে জনপ্রিয় দার্শনিক মতবাদ ছিল স্টোয়িক বাদ।
- তৎকালীন বিশ্বে সবচেয়ে বড় নাট্যশালা তৈরি হয়েছিল রোম সাম্রাজ্যে। এর নাম ছিল কলোসিয়াম।
- এ সাম্রাজ্যের শেষ সম্রাট ছিলেন রোমিউলাস অগাস্টুলাস।
- রাজধানী রোমকে কেন্দ্র করে পশ্চিমাঞ্চলীয় রোমান সাম্রাজ্য শাসিত হতো। ৪৭৬ সালে এই পশ্চিম সাম্রাজ্যের পতন ঘটে।
- কনস্টান্টিনোপলকে কেন্দ্র করে পূর্বাঞ্চলীয় রোমান সাম্রাজ্য শাসিত হতো। এই অঞ্চল বাইজেন্টাইন সাম্রাজ্য নামে অভিহিত হয়। ১৪৫৩ সালে তুর্কি মুসলিমদের হাতে কনস্টান্টিনোপলের পতনের মধ্য দিয়ে বাইজেন্টাইন সাম্রাজ্যের পতন ঘটে। কনস্টান্টিনোপলের বর্তমান নাম ইস্তাম্বুল (তুরস্ক)।

সাহিত্য: হোরাস ও ভার্জিল এ যুগের বিখ্যাত কবি। ভার্জিলের বিখ্যাত মহাকাব্য 'ইনিড'। বিখ্যাত ইতিহাসবিদ ট্যাসিটাস এ যুগে রোমে জনপ্রিয় করেছিলেন।

আইন: বিশ্বসভ্যতার ইতিহাসে রোমানদের সর্বশ্রেষ্ঠ অবদান হচ্ছে আইন প্রণয়ন। খ্রিষ্টপূর্ব ৪৪৯ অব্দে ১২টি ব্রোঞ্জ পাতের নাগরিকের অধিকার ও কর্তব্য সম্পর্কিত লিখিত আইন 'The Twelve Tables' (বার বিধি) সর্বজনীনভাবে প্রকাশ্যে ঝুলিয়ে দেওয়া হয়। রোমান আইনকে আধুনিক পাশ্চাত্য আইনের ভিত্তি বলা হয়।

ফিনিশীয় সভ্যতা

প্রাচীন সভ্যতার ইতিহাসে ফিনিশীয়রা জাহাজ নির্মাণে খ্যাতি লাভ করেছিল। তারা ধ্রুব তারা দেখে দিক নির্ণয় করতে পারত। এজন্য ধ্রুবতারাকে ফিনিশীয় তারাও বলা হয়। সভ্যতার ইতিহাসে তাদের সবচেয়ে বড় অবদান বর্ণমালা উদ্ভাবনে।

প্রাচীন চৈনিক সভ্যতা

প্রাচীন চৈনিক সভ্যতা তিনটি অঞ্চলে বেড়ে উঠেছিল। চীনের প্রাচীনতম দার্শনিক ছিলেন লাওৎসে। তার মতবাদের নাম ছিল তাওবাত। চীনের ইতিহাসে সবচেয়ে প্রভাবশালী দার্শনিক ছিলেন কনফুসিয়াস।

ইনকা সভ্যতা

দক্ষিণ আমেরিকার পেরুতে শক্তিশালী ইনকা সভ্যতার বিকাশ ঘটেছিল। এর ব্যাপ্তিকাল ছিল ১৪৩৮-১৫৩২ খ্রিষ্টাব্দ পর্যন্ত। মачু-পিকচু নগরী ইনকা সভ্যতারই নিদর্শন। এটিও পৃথিবীর সপ্তাশ্চর্য হিসেবে স্বীকৃতি পেয়েছে। আমেরিকা মহাদেশের আরেকটি সভ্যতার নাম হল মায়я সভ্যতা। এটির নিদর্শন পাওয়া যায় মেক্সিকোতে। এছাড়াও অ্যাজটেক সভ্যতার কেন্দ্র ছিল মেক্সিকো।

হিব্রু সভ্যতা

হিব্রু মূলত পৃথিবীর প্রাচীনতম সেমিটিক ভাষার নাম। হিব্রু ভাষা হিব্রু সভ্যতায় ব্যাপক প্রচলিত ছিল। প্যালেস্টাইনের জেরুজালেম নগরীকে কেন্দ্র করে হিব্রু সভ্যতার বিকাশ ঘটেছিল। বর্তমানে ইসরাইলের অধিবাসীরা হিব্রুদের বংশধর।

আরবীয় সভ্যতার উত্থান ও বিকাশ

আরব ভূখণ্ডে দীর্ঘদিন গোত্রভিত্তিক সমাজ ব্যবস্থা বিদ্যমান ছিল। কিন্তু ইসলামই প্রথম একটি এক্যবদ্ধ রাষ্ট্র ব্যবস্থা গড়ে তোলার পর আরব এবং এর আশপাশে বৃহত্তর রাষ্ট্র ও সভ্যতা গড়ে উঠতে শুরু করে।

ক) রাশিদুন খিলাফত (৬৩২ - ৬৬১ খ্রিঃ)

খোলাফায়ে রাশেদীনের সময় মুসলিম সাম্রাজ্যের রাজধানী ছিল মদিনায়।

- হজরত আবুবকর সিদ্দিক (রা.) ছিলেন খোলাফায়ে রাশেদীনের প্রথম খলিফা। ৬৩২ খ্রিষ্টাব্দে হজরত মুহাম্মদ (স.) এর ইতিকালের পর আবুবকর (রা.) খলিফা নির্বাচিত হন। তাঁকে ইসলামের প্রাণকর্তা বলা হয়। তিনি 'বায়তুল মাল' প্রতিষ্ঠা করেন।
- হজরত ওমর ইবনে আল খাত্তাব (রা.) ছিলেন খোলাফায়ে রাশেদীনের দ্বিতীয় খলিফা। তিনি খুবই ন্যায়পরায়ণ ও শক্তিম্যান শাসক ছিলেন। এজন্য তাকে 'ওমর দ্য গ্রেট' বলা হয়। তাঁর সময়ে ইসলামি সাম্রাজ্য সবচেয়ে বেশি বিস্তৃতি লাভ করে। তিনি হিজরী সন প্রবর্তন করেন।
- হজরত উসমান ইবনে আফফান (রা.) ছিলেন খোলাফায়ে রাশেদীনের তৃতীয় খলিফা। অধিকাংশ ঐতিহাসিকের মতে, হজরত ওসমান (রা.) সর্বপ্রথম ইসলামি মুদ্রার প্রচলন করেন। তিনি পবিত্র কুরআন সংকলন করেন। তার উপাধি জুননুরাইন।



- হজরত আলী ইবনে আবু তালিব (রা.) খোলাফায়ে রাশেদীনের সর্বশেষ খলিফা। শিশুদের মধ্যে তিনি সর্বপ্রথম ইসলাম গ্রহণ করেছিলেন। খাইবারের যুদ্ধে অসামান্য বীরত্ব প্রদর্শনের জন্য মহানবি (স) তাঁকে 'আসাদুল্লাহ' (অর্থ- আল্লাহর সিংহ) উপাধিতে ভূষিত করেন।

খ) উমাইয়া খিলাফত (৬৬১-৭৫০ খ্রি.)

- মুয়াবিয়া (৬৬১- ৬৮০ খ্রি.) মুয়াবিয়া সর্বপ্রথম মুসলিম নৌবাহিনী প্রতিষ্ঠা করেন। উমাইয়া খলিফাদের রাজধানী ছিল দামেস্ক।
- আবদুল মালিক (৬৮৫ - ৭০৫ খ্রি.) প্রথম বিশুদ্ধ আরবি মুদ্রার প্রচলন এবং ডাক বিভাগের উন্নতি সাধন করেন। মহানবি (স.) যে পাথর খন্ডের উপর দাড়িয়ে পবিত্র মিরাজে গমন করেন তার উপর তিনি আট কোণবিশিষ্ট "কুন্বাতুস সাখরা" (Dome of the Rock) নির্মাণ করেন।
- ওয়ালিদ বিন আবদুল মালিক (৭০৫ - ৭১৫ খ্রি.) এর শাসনামলে উমাইয়া সাম্রাজ্য সর্বাধিক বিস্তৃতি লাভ করে। তাঁর সেনাপতি মুসা বিন নুসাইর সমগ্র উত্তর আফ্রিকা এবং তারিক বিন যিয়াদ স্পেন জয় করেন। মুসলমানরা ৭১১ খ্রিষ্টাব্দের অক্টোবরে স্পেন জয় করে।

স্পেনে মুসলমান শাসন

মুসলমানরা স্পেনে পৃথক খিলাফত প্রতিষ্ঠা করে। এ সময় দেশটি আন্দালুসিয়া নামে পরিচিত ছিল। রাজধানী ছিল কর্ডোভা। কর্ডোভা মধ্যযুগে ইউরোপ মহাদেশে জ্ঞান চর্চার প্রাণকেন্দ্রে পরিণত হয়েছিল বলে একে 'ইউরোপের বাতিঘর' (Light House of the Europe) বলা হতো।

- প্রথম ওমর বিন আবদুল আজিজ (৭১৭ - ৭২০ খ্রি.) খিলাফতে অধিষ্ঠিত হয়ে খুলাফায়ে রাশেদীনের প্রবর্তিত নীতিসমূহ গ্রহণ করেন। তাঁকে উমাইয়া সাধু বা 'ইসলামের পঞ্চম খলিফা' বলা হয়।

গ) আব্বাসীয় খিলাফত

আব্বাসীয় খিলাফতকে ইসলামের ইতিহাসে স্বর্ণযুগ বলা হয়। আব্বাসীয় খলিফারা মন্ত্রীদেরকে 'উজির' উপাধি দিয়েছিলেন।

ক) প্রথম পর্যায় (৭৫০-১২৫৮ খ্রি.)

- আবুল আব্বাস আস সাফফাহ (৭৫০-৭৫৪ খ্রি.) আব্বাসীয় খিলাফত প্রতিষ্ঠা করেন।
- আবু জাফর আল মনসুর (৭৫৪-৭৭৫ খ্রি.) প্রশাসনিক কাঠামোকে সুবিন্যস্ত ও সুদৃঢ় করার লক্ষ্যে ৭৬২ খ্রিষ্টাব্দে বাগদাদে রাজধানী স্থাপন করেন।

হারুন আল রশিদ (৭৮৬-৮০৯ খ্রি.) ছিলেন সবচেয়ে খ্যাতিমান আব্বাসীয় খলিফা। আল মামুন (৮১৩-৮৩৩ খ্রি.) বাগদাদে জ্ঞান চর্চার জন্য 'বায়তুল হিকমা' (House of Wisdom) প্রতিষ্ঠা করেন। তিনি হুনাইন ইবনে ইসহাককে 'বায়তুল হিকমা' এর মহাপরিচালক নিযুক্ত করেন। ১২৫৮ খ্রিষ্টাব্দে কুখ্যাত মোঙ্গল নেতা হালাকু খানের হাতে বাগদাদ নগরীর পতন হয়।

খ) দ্বিতীয় পর্যায় (১২৬১-১৫১৭ খ্রি.): এ সময় রাজধানী ছিল কায়রো

এক তজরে...

০১. মিশরীয় সভ্যতার সমসাময়িক সভ্যতা হলো-

- ☒ মেসোপটেমীয় সভ্যতা

০২. দজলা ও ফুরাত নদীর মধ্যবর্তী অঞ্চলে গড়ে উঠেছিল-

- ☒ মেসোপটেমীয় সভ্যতা

০৩. সুমেরীয়দের বড় আবিষ্কার হলো-

- ☒ উন্নত সেচ ব্যবস্থা

০৪. কিউনিফর্মকে বলা হয়-

- ☒ অক্ষরভিত্তিক বর্ণলিপি

০৫. ইতিহাসের প্রথম মহাকাব্য-

- ☒ গিলগামেশ

০৬. পৃথিবীতে প্রথম লিখিত আইনের প্রচলন হয়-

- ☒ ব্যাবিলনে (হাম্মুরাবি আইন)

০৭. পৃথিবীর প্রথম মানচিত্র পাওয়া যায়-

- ☒ ব্যাবিলনীয় সভ্যতায়

০৮. প্রথম বৃত্তকে ৩৬০° তে ভাগ করে-

- ☒ অ্যাসিরিয়রা

০৯. পৃথিবীকে অক্ষাংশ ও দ্রাঘিমাংশে ভাগ করে-

- ☒ অ্যাসিরিয়রা

১০. প্রথম সপ্তাহকে এদিনে ভাগ করে-

- ☒ ক্যালডীয়রা

১১. নীলনদের তীরে গড়ে ওঠে-

- ☒ মিশরীয় সভ্যতা

১২. সিন্ধু সভ্যতার গুরুত্বপূর্ণ অবদান হলো-

- ☒ পরিমাপ পদ্ধতির উদ্ভাবন

১৩. আধুনিক পাশ্চাত্য সভ্যতার ভিত্তিভূমি-

- ☒ প্রাচীন গ্রীস

১৪. সব বিজ্ঞানীদের গুরু বলা হয়-

- ☒ সক্রেটিসকে



১৫. সর্বপ্রথম গণতন্ত্রের সূচনা হয়-

☒ অ্যাথেন্সে

১৬. The Twelve Tables (বার বিধি) পাওয়া যায়-

☒ রোমান সাম্রাজ্যে

১৭. পৃথিবীর সবচেয়ে বড় নাট্যশালা-

☒ কলোসিয়াম

১৮. ইসলামের জাগতিকতা বলা হয়-

☒ হযরত আবু বকর সিদ্দিক (রা:) কে

১৯. বায়তুলমাল প্রতিষ্ঠা করেন-

☒ হযরত আবু বকর সিদ্দিক (রা:)

২০. হিজরি সন প্রবর্তন করেন-

☒ হযরত ওমর (রা)

২১. জুননুয়াইন উপাধি-

☒ হযরত ওসমান (রা)

২২. আসাদুল্লাহ উপাধি-

☒ হযরত আলী (রা)

২৩. ইসলামের পঞ্চম খলিফা বলা হয়-

☒ ওমর বিন আব্দুল আজিজ কে



বিগত বছরের প্রশ্ন সমূহ

১৯ মেডিকেল এন্ড ডেন্টাল ভর্তি পরীক্ষা

০১. বর্ণমালা আবিষ্কারের কৃতিত্ব কোন সভ্যতার? [MBBS: 2013-2014]

ক) মিসরীয় খ) সুমেরীয়
গ) ফিনিশীয় ঘ) গ্রিক

০২. নিচের কোন সভ্যতায় প্রতিদিনকে ১২ জোড়া ঘণ্টায় বিভক্ত করা হয়? [MBBS: 2010-2011]

ক) ক্যালডীয় খ) পারস্য
গ) রোমান ঘ) গ্রিক

০৩. নিচের কাকে গ্রিকদের ফাটিলিটির দেবী ধরা হয়? [MBBS: 2009-2010]

ক) সিরেস খ) এটিস
গ) অ্যাজটেক ঘ) আরটেমিস

০৪. মিশরের সভ্যতা কত হাজার বছরের পুরানো? [BDS: 2008-2009]

ক) ৫ খ) ৭
গ) ৮ ঘ) ৬

১৯ বিসিএস পরীক্ষা

০৫. 'বার বিধি' (The Twelve Tables) কী? [46th BCS]

ক) রোমান আইনের ভিত্তি খ) স্থাপত্যের ১২ টি নির্দেশনা
গ) ফুটবল খেলার নিয়মাবলি ঘ) স্থানীয় / দেশী খেলা

০৬. কোথায় ঐতিহাসিক ট্রয় নগরী অবস্থিত? [45th BCS]

ক) ইতালি খ) গ্রীস
গ) তুরস্ক ঘ) ফ্রান্স

০৭. গণতন্ত্রের ধারণা উৎসারিত হয় প্রথম কোন দেশ? [44th BCS]

ক) যুক্তরাষ্ট্র খ) প্রাচীন গ্রিস
গ) প্রাচীন রোম ঘ) প্রাচীন ভারত

০৮. মায়া সভ্যতাটি আবিষ্কৃত হয়- [43rd BCS]

ক) উত্তর আমেরিকায় খ) দক্ষিণ আমেরিকায়
গ) মধ্য আফ্রিকায় ঘ) মধ্য আমেরিকায়

০৯. ইনকা সভ্যতা কোন অঞ্চলে বিরাজমান ছিল? [41st BCS]

ক) দক্ষিণ আমেরিকা খ) আফ্রিকা
গ) মধ্যপ্রাচ্য ঘ) ইউরোপ

১০. মেসোপটেমীয় সভ্যতা গড়ে উঠেছিল কোথায়? [39th BCS]

ক) হোয়াংহো নদীর তীরে
খ) ইয়াসিকিয়াং নদীর তীরে
গ) নীলনদের তীরে
ঘ) ট্রাইগ্রিস ও ইউফ্রেটিস নদীর তীরে

১১. বাইজেন্টাইন (Byzantine) সাম্রাজ্যের রাজধানী ছিল কোন শহর? [39th BCS]

ক) লিসবন খ) কনস্টান্টিনোপল
গ) প্যারিস ঘ) ভিয়েনা

১২. মায়া সভ্যতা বিশ্বের কোন অঞ্চলে বিরাজমান ছিল? [39th BCS]

ক) পূর্ব এশিয়া খ) মধ্য আমেরিকা
গ) মধ্য প্রাচ্য ঘ) পূর্ব আফ্রিকা

১৩. 'জুলিয়াস সিজার' কেন বিখ্যাত? [32th BCS]

ক) রোমান সম্রাট হিসেবে
খ) বর্ণবাদ বিরোধী হিসেবে
গ) ব্রিটেনের রাজা হিসেবে
ঘ) আমেরিকার প্রেসিডেন্ট হিসেবে

১৪. বিশ্বের সবচেয়ে প্রাচীন সভ্যতা কোথায় গড়ে উঠেছিল? [24th BCS]

ক) গ্রিসে খ) মেসোপটেমিয়ায়
গ) রোমে ঘ) ভারতে

উত্তরমালা		০১. গ	০২. ক	০৩. ঘ	০৪. ক	০৫. ক	০৬. গ	০৭. খ	০৮. ঘ	০৯. ক	১০. ঘ	১১. খ	১২. খ
১৩. ক	১৪. খ												

মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান



মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

মহাদেশ পরিচিতি




পৃথিবীতে ৭টি মহাদেশ রয়েছে। যথা-

নং	মহাদেশ	স্বাধীন দেশ	আয়তনে বৃহত্তম দেশ	আয়তনে ক্ষুদ্রতম দেশ	জনসংখ্যায় বৃহত্তম দেশ	জনসংখ্যায় ক্ষুদ্রতম দেশ
০১	এশিয়া	৪৪টি	চীন	মালদ্বীপ	ভারত	মালদ্বীপ
০২	আফ্রিকা	৫৪টি	আলজেরিয়া	সিচেলিস	নাইজেরিয়া	সিচেলিস
০৩	ইউরোপ	৪৮টি	রাশিয়া	ভ্যাটিকান সিটি	রাশিয়া	ভ্যাটিকান সিটি
০৪	উত্তর আমেরিকা	২৩টি	কানাডা	সেন্ট কিটস এন্ড নেভিস	যুক্তরাষ্ট্র	সেন্ট কিটস এন্ড নেভিস
০৫	দক্ষিণ আমেরিকা	১২টি	ব্রাজিল	সুরিনাম	ব্রাজিল	সুরিনাম
০৬	ওশেনিয়া বা অস্ট্রেলিয়া	১৪টি	অস্ট্রেলিয়া	নাউরু	অস্ট্রেলিয়া	টুভালু
০৭	এন্টার্কটিকা	-	-	-	-	-

এশিয়া মহাদেশ

Key Points

- ◆ 'এশিয়া' অর্থ 'সূর্য উদয়ের দেশ'।
- ◆ পৃথিবীর সবচেয়ে বড় ও জনবহুল মহাদেশ।
- ◆ আধুনিক বিশ্বের মধ্যে এশিয়া মহাদেশের জনসংখ্যা বৃদ্ধির হার সবচেয়ে বেশি।
- ◆ এশিয়া তথা পৃথিবীর বৃহত্তম হ্রদের নাম- কাস্পিয়ান সাগর।
- ◆ এশিয়া তথা পৃথিবীর বৃহত্তম পর্বতমালার নাম- হিমালয়।
- ◆ এশিয়া তথা পৃথিবীর উচ্চতম পর্বতশৃঙ্গ- মাউন্ট এভারেস্ট।
- ◆ এশিয়ার ইউরোপের প্রাচীনতম উপনিবেশ- ম্যাকাও।
- ◆ এশিয়া মহাদেশকে বিভক্ত করা হয়েছে- ৫টি অঞ্চলে।
- ◆ এশিয়ার স্থল বেষ্টিত সাগর বলা হয়- কাস্পিয়ান সাগরকে।
- ◆ এশিয়ার দীর্ঘতম নদী- ইয়াংসিকিয়াং, চীন।



মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান



এশিয়ার বিভিন্ন অঞ্চল

দক্ষিণ এশিয়া (৮টি দেশ)	<ul style="list-style-type: none"> বাংলাদেশ নেপাল পাকিস্তান ভারত শ্রীলংকা মালদ্বীপ ভুটান আফগানিস্তান 	
মধ্য এশিয়া (৫টি দেশ)	<ul style="list-style-type: none"> তুর্কমেনিস্তান তাজিকিস্তান কাজাখস্তান কিরগিজিস্তান উজবেকিস্তান 	
দক্ষিণ-পূর্ব এশিয়া (১১টি দেশ)	<ul style="list-style-type: none"> মায়ানমার থাইল্যান্ড পূর্ব তিমুর ভিয়েতনাম ফিলিপাইন লাওস ইন্দোনেশিয়া মালয়েশিয়া ব্রুনাই কম্বোডিয়া সিঙ্গাপুর 	
ইন্দোচীন	<ul style="list-style-type: none"> কম্বোডিয়া ভিয়েতনাম লাওস 	
এশিয়া মাইনর	তুরস্কের এশিয়া অঞ্চল	
দূরপ্রাচ্য	<ul style="list-style-type: none"> উত্তর কোরিয়া তাইওয়ান মঙ্গোলিয়া চীন দক্ষিণ কোরিয়া জাপান 	
মধ্যপ্রাচ্য	<ul style="list-style-type: none"> ইয়েমেন ইরাক ইরান ইসরাইল সৌদি আরব বাহরাইন কাতার কুয়েত ওমান তুরস্ক জর্ডান লেবানন সংযুক্ত আরব আমিরাত ফিলিস্তিন সিরিয়া মিশর 	
নিকটপ্রাচ্য	<ul style="list-style-type: none"> লেবানন ইসরাইল সিরিয়া জর্ডান 	

বিশেষ অঞ্চল

Super Economic Power (অর্থনৈতিক পরাশক্তি)	<ul style="list-style-type: none"> যুক্তরাষ্ট্র জাপান চীন
ত্রি-টাইগার (3-Tigers)	<ul style="list-style-type: none"> জাপান জার্মানি ইতালি
ফোর-টাইগারস/ফোর এশিয়ান ড্রাগন/ড্রাগন অর্থনীতির দেশ	<ul style="list-style-type: none"> সিঙ্গাপুর তাইওয়ান দক্ষিণ কোরিয়া হংকং
সুপার সেভেন	<ul style="list-style-type: none"> মালয়েশিয়া ইন্দোনেশিয়া থাইল্যান্ড + ফোর টাইগার্স (সিঙ্গাপুর, তাইওয়ান, দক্ষিণ কোরিয়া, হংকং)
ইস্ট এশিয়ান মিরাকল	জাপান ও সুপার সেভেন ভুক্ত ৭টি দেশ।
গোল্ডেন ক্রিসেন্ট	আফগানিস্তান, পাকিস্তান, ইরান সীমান্তে অবস্থিত আফিম উৎপাদনকারী অঞ্চল।
গোল্ডেন ট্রায়ঙ্গেল	মায়ানমার, থাইল্যান্ড, লাওস সীমান্তে অবস্থিত মাদক চোরাচালানের জন্য বিখ্যাত অঞ্চল।
গোল্ডেন ওয়েজ	বাংলাদেশ, ভারত, নেপাল সীমান্ত যা মাদক পাচার ও চোরাচালানের জন্য বিখ্যাত।
গোল্ডেন ভিলেজ	বাংলাদেশের কুষ্টিয়া জেলার ২৬টি গ্রামকে গাঁজা উৎপাদনের জন্য 'গোল্ডেন ভিলেজ' বলা হয়।



এশিয়ার বিভিন্ন দেশের রাজধানী ও মুদ্রা					
দেশ	রাজধানী	মুদ্রা	দেশ	রাজধানী	মুদ্রা
বাংলাদেশ	ঢাকা	টাকা	কিরগিজস্তান	বিশকেক	সোম
ভারত	নয়াদিল্লি	রুপি	তুর্কমেনিস্তান	আশগাবাদ	মানাত
পাকিস্তান	ইসলামাবাদ	রুপি	তাজিকিস্তান	দুশানবে	সোমোনি
শ্রীলংকা	শ্রী জয়বর্ধনাপুর কোটে	রুপি	উজবেকিস্তান	তাসখন্দ	সোম
নেপাল	কাঠমণ্ডু	রুপি	সিরিয়া	দামাঙ্কাস	পাউন্ড
ভুটান	থিম্পু	গুলট্রাম	লেবানন	বৈরুত	পাউন্ড
আফগানিস্তান	কাবুল	আফগানি	সাইপ্রাস	নিকোশিয়া	ইউরো
মালদ্বীপ	মালে	রুপিয়া	মালয়েশিয়া	পুত্রজায়া	রিংগিত
ভিয়েতনাম	হ্যানয়	ডং	পূর্ব তিমুর	দিলি	ডলার
মায়ানমার	নাইপিদো	কিয়াট	ফিলিপাইন	ম্যানিলা	পেসো
থাইল্যান্ড	ব্যাংকক	বাত	ক্রনেই	বন্দর সেরি বেগওয়ান	ডলার
সিঙ্গাপুর	সিঙ্গাপুর সিটি	সিঙ্গাপুরি ডলার	ইন্দোনেশিয়া	নুসান্তারা	রুপিয়াহ
কম্বোডিয়া	নমপেন	রিয়াল	চীন	বেইজিং	রেনমিনবি/ইউয়ান
লাওস	ভিয়েনতিয়েন	লাও কিপ	মঙ্গোলিয়া	উলানবাটোর	তুগরগ
উত্তর কোরিয়া	পিয়ংইয়ং	ওয়ান/ওন	জাপান	টোকিও	ইয়েন
দক্ষিণ কোরিয়া	সিউল	ওয়ান/ওন	সংযুক্ত আরব আমিরাত	আবুধাবি	দিরহাম
ইরান	তেহরান	ইরানিয়ান রিয়াল	ইয়েমেন	সানা	রিয়াল
ইরাক	বাগদাদ	দিনার	তুরস্ক	আঙ্কারা	লিরা
জর্ডান	আম্মান	দিনার	কুয়েত	কুয়েতসিটি	দিনার
সৌদি আরব	রিয়াদ	রিয়াল	বাহরাইন	মানামা	দিনার
কাতার	দোহা	রিয়াল	প্যালেস্টাইন	জেরুজালেম	ডলার
ওমান	মাসকট	রিয়াল	আজারবাইজান	বাকু	মানাত
কাজাখস্তান	আস্তানা	টেনজে			

এশিয়ার গুরুত্বপূর্ণ দেশসমূহের আলোচনা

ভারত

১৭৫৭ সালের ২৩শে জুন ইংরেজদের কাছে সিরাজউদ্দৌলার পরাজয়ের পর থেকে ১৯৪৭ সাল পর্যন্ত প্রায় ২০০ বছর পরাধীনতার পর ১৯৪৭ সালের ১৫ আগস্ট ভারত ব্রিটিশদের নিকট হতে স্বাধীনতা লাভ করে। এই দিনটি 'ভারতের স্বাধীনতা দিবস' হিসেবে পালিত হয়ে আসছে। দেশটিতে মোট ২৮টি রাজ্য বা প্রদেশ রয়েছে। আয়তনের দিক থেকে ভারত বিশ্বের সপ্তম দেশ এবং জনসংখ্যা দিক দিয়ে ১ম দেশ ও সবচেয়ে ঘনবসতিপূর্ণ দেশ। বিশ্বের সর্বাধিক বৃষ্টিবহুল স্থান মৌসিনরাম ভারতের মেঘালয়ে অবস্থিত। বিশ্বের সবচেয়ে বড় সংবিধান ভারতের। ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস ভারতের সবচেয়ে প্রাচীন এবং বিশ্বের অন্যতম বৃহত্তম রাজনৈতিক সংগঠন। ভারত ১৯৭৫ সালে সিকিম দখল করে।



কাশ্মীর সমস্যা

১৯৪৭ সালে ব্রিটিশ বিতাড়নকালে কাশ্মীর ছিল হিন্দুরাজা শাসিত মুসলিম সংখ্যাগরিষ্ঠ একটি করদ রাজ্য। মুসলিম সংখ্যাগরিষ্ঠ হওয়ায় এই রাজ্য মুসলিম রাষ্ট্র পাকিস্তানের সাথে একীভূত হওয়ার কথা কিন্তু জনগণের সিদ্ধান্তের বিপরীতে গিয়ে কাশ্মীরের শেষ রাজা হরি সিং ভারতে যোগদান করেন। এ থেকেই কাশ্মীর সমস্যার সূত্রপাত হয়। বর্তমানে কাশ্মীরের ৪৩% ভূমি ভারতের নিয়ন্ত্রণে (জম্মু-কাশ্মীর উপত্যকা, লাডাখ, সিয়াচেন হিমবাহ), ৩৭% ভূমি পাকিস্তানের নিয়ন্ত্রণে (আজাদ কাশ্মীর) এবং ২০% ভূমি চীনের নিয়ন্ত্রণে (আকসাই চীন, ট্রান্স কারাকোরাম ট্রান্স) রয়েছে। ভারত নিয়ন্ত্রিত কাশ্মীরের লাডাখ অংশে বৌদ্ধরা সংখ্যাগরিষ্ঠ। এখন পর্যন্ত কাশ্মীর নিয়ে ভারত-পাকিস্তানের মধ্যে ১৯৪৭, ১৯৬৫, ১৯৯৯, ২০২৫ সালে মোট ৪ বার যুদ্ধ হয়েছে। কাশ্মীর নিয়ে ভারত-চীনের মধ্যে ১৯৬২ সালে একবার যুদ্ধ হয়েছে।

মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান




Seven Sisters

ভারতের উত্তর পূর্ব অঞ্চলের ৭টি রাজ্যকে সেভেন সিস্টার্স বলা হয়।

রাজ্য	রাজধানী
অরুণাচল	ইটানগর
মেঘালয়	শিলং
আসাম	দিসপুর
মনিপুর	ইম্ফল

রাজ্য	রাজধানী
মিজোরাম	আইজল
ত্রিপুরা	আগরতলা
নাগাল্যান্ড	কোহিমা
-	-

শিলিগুড়ি করিডোর বা চিকেন'স নেক
ভারতের পশ্চিমবঙ্গে অবস্থিত
বাংলাদেশ ও নেপালকে পৃথককারী
একটি করিডোর।
এই করিডোরের মাধ্যমে ভারতের
উত্তর-পূর্বাঞ্চলীয় ৭টি রাজ্য (7
sisters) ভারতের মূল ভূখন্ডের সাথে
যুক্ত। এই করিডোর দৈর্ঘ্য ২১-৪০ কি.
মি. এর মধ্যে।




বিবিধ

ব্ল্যাক ক্যাট	National Security Guard (NSG) সন্ত্রাস দমনের জন্য গঠিত ভারতের একটি বিশেষ বাহিনী। এই বাহিনীর সদস্যরা কালো মাস্ক ব্যবহার করে বলে এদের 'ব্ল্যাক ক্যাটস'ও বলা হয়।
টাইগার হিল	জম্মু ও কাশ্মীরের কারগিল অঞ্চলের একটি পর্বত। দার্জিলিং এ অঞ্চলে অবস্থিত একটি বিখ্যাত রেল স্টেশন।
মালবার হিল	মুম্বাইয়ের একটি জনবহুল এলাকা

পাকিস্তান

- পাকিস্তান রাষ্ট্রের মৌলিক রূপরেখা তৈরি করেন- আল্লামা ইকবাল।
- পাকিস্তানের জাতির জনক- মোহাম্মদ আলী জিন্নাহ।
- পাকিস্তানের সংবিধান কার্যকর হয়- ১৯৫৬ সালের ২৩ মার্চ।
- পাকিস্তানের প্রবেশদ্বারা বলা হয়- করাচিকে।
- 'ডটার অব পাকিস্তান' বলা হয়- মালালা ইউসুফ জাই কে।
- দক্ষিণ এশিয়ার নোবেল বিজয়ী প্রথম মুসলিম ব্যক্তি- পাকিস্তানের আব্দুস সালাম (১৯৭৯)
- তক্ষশীলা: পাকিস্তানের পাঞ্জাব প্রদেশে রাওয়ালপিন্ডি জেলায় অবস্থিত বৌদ্ধধর্মের স্মৃতিবিজড়িত এবং গুরুত্বপূর্ণ প্রত্নতাত্ত্বিক স্থান।
- সোয়াত উপত্যকা: পাকিস্তানের হিন্দুকুশ পর্বত শ্রেণীর একটি উপত্যকা। ২০০৮ সালের ডিসেম্বর মাসে তালেবানরা এ অঞ্চলে নিয়ন্ত্রণ নিয়েছিল।



পাকিস্তানের প্রদেশ ৫টি-

১. বালুচিস্তান ২. পাঞ্জাব ৩. খাইবার পাখতুনখোয়া ৪. সিন্ধু ৫. আজাদ কাশ্মীর (গিলগিট বালতিস্তান)

পাকিস্তানের স্বাধীনতাকামী প্রদেশ- বালুচিস্তান

মেমোগেট কেলেক্কারি বা মুলেন মেমো বিতর্ক

২০১১ সালে পাকিস্তান সরকারের পক্ষ থেকে যুক্তরাষ্ট্রের ওবামা প্রশাসনের নিকট লেখা একটি স্মারক নিয়ে বিতর্কিত ঘটনা মেমোগেট কেলেক্কারি নামে পরিচিত। এই স্মারকে পাকিস্তান সরকার সেনাবাহিনীর সম্ভাব্য ক্ষমতা দখলের আশঙ্কা প্রকাশ করে এবং এই ধরনের অভ্যুত্থান ঠেকানোর জন্য ওয়াশিংটনের কাছে রাজনৈতিক ও সামরিক সাহায্য কামনা করে।

আফগানিস্তান

- দক্ষিণ এশিয়ার বৃহত্তম স্থলবেষ্টিত রাষ্ট্র- আফগানিস্তান।
- আফগানিস্তানের সবচেয়ে বড় জনগোষ্ঠী- পশতু জাতি।
- সার্কভুক্ত দেশগুলোর মধ্যে মাথাপিছু আয় ও শিক্ষার হার সর্বনিম্ন- আফগানিস্তানের।
- আফগানিস্তানের সাথে ৬টি দেশের সীমানা রয়েছে যথা- পাকিস্তান, ইরান, তুর্কমেনিস্তান, তাজাকিস্তান, উজবেকিস্তান এবং চীন।
- পাকিস্তানের সাথে দেশটির সর্ববৃহৎ সীমানা রয়েছে।
- তোরাবোরা পাহাড়: আফগানিস্তানের পূর্বে অবস্থিত একটি পাহাড়।



ইতিহাস

- প্রথম আফগানিস্তান যুদ্ধ সংঘটিত হয় ১৮৩৯ সালে এবং এর সমাপ্তি হয় ১৮৪২ সালে।
- আফগানিস্তানের শেষ রাজা বা বাদশাহ ছিলেন জহির শাহ। ১৯৭৩ সালে আফগানিস্তানে রাজতন্ত্রের অবসান ঘটে।
- দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন সময়ে ১৯৭৯ সালে সোভিয়েত সেনাবাহিনী আফগানিস্তান দখল করে নেয়।
- আফগান-মার্কিন যুদ্ধ শুরু হয় ২০০১ সালে এবং শেষ হয় ২০২১ সালে। এই যুদ্ধ শেষে আশরাফ গানীকে হটিয়ে আফগানিস্তানের রাষ্ট্রক্ষমতা দখল করেন তালেবান।
- আফগানিস্তানের প্রবীন নেতাদের সংগঠনের নাম 'পুশতু জিরগা'।


মালদ্বীপ

- এশিয়া মহাদেশের মধ্যে মালদ্বীপের নিজস্ব সেনাবাহিনী নেই।
- সার্কভুক্ত দেশগুলোর মধ্যে মালদ্বীপের কোনো সীমান্ত নেই।
- সার্কভুক্ত দেশের মধ্যে মালদ্বীপ মাথাপিছু আয় ও শিক্ষায় শীর্ষ দেশ।
- সার্কভুক্ত (SAARC) দেশ তথা এশিয়া মহাদেশের দেশগুলোর মধ্যে আয়তনের ক্ষুদ্রতম মালদ্বীপ।
- মালদ্বীপকে Sunny Side of the Life (জীবনের সুখের দিক) বলা হয়।
- ২০০৯ সালে মালদ্বীপের মন্ত্রিসভার বৈঠক সমুদ্রের নিচে অনুষ্ঠিত হয়।
- মালদ্বীপকে এশিয়ার প্রবাল দ্বীপ রাস্ত্র বলা হয়।
- দেশটিতে বর্তমানে কোনো বিশ্ববিদ্যালয় নেই। বাংলাদেশ সরকার মালদ্বীপে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় সহায়তা করবে। প্রাথমিকভাবে বিশ্ববিদ্যালয়টির নাম নির্ধারণ করা হয়েছে 'ইউনিভার্সিটি অব মালদ্বীপ'।
- মালদ্বীপের বর্তমান প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজু।

শ্রীলঙ্কা

শ্রীলঙ্কা দক্ষিণ এশিয়ার একটি দ্বীপরাষ্ট্র। দেশটির পূর্বনাম Ceylon। ১৯৪৮ সালের ৪ ফেব্রুয়ারি দেশটি ব্রিটিশদের নিকট হতে সিলন নামে স্বাধীনতা লাভ করে। ১৯৬০ সালে শ্রীমাতো বন্দেরনায়েকে প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তিনি ছিলেন বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা প্রধানমন্ত্রী এবং সরকার প্রধান। ১৯৭২ সালে শ্রীমাতো বন্দেরনায়েকের প্রধানমন্ত্রীত্বে সিলন থেকে শ্রীলঙ্কা নামকরণ করা হয়।

- শ্রীলঙ্কা দক্ষিণ এশিয়ার একমাত্র বৌদ্ধ রাষ্ট্র।
- LTTE (Liberation Tigers of Tamil Eelam) ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত শ্রীলঙ্কার একটি বিচ্ছিন্নতাবাদী সংগঠন।
- এলিফ্যান্ট পাস শ্রীলঙ্কার উত্তর প্রদেশে অবস্থিত একটি গুরুত্বপূর্ণ সামরিক স্থাপনা।
- শ্রীলঙ্কার তামিল অধ্যুষিত স্বাধীনতাকামী অঞ্চলের নাম জাফনা। শ্রীলঙ্কার মুসলিম অধ্যুষিত দ্বীপ- মান্নার দ্বীপ। এছাড়াও 'অ্যাডামস পিক' পাহাড়ের অবস্থান শ্রীলঙ্কায়।
- শ্রীলঙ্কার হাধানটোটা সমুদ্রবন্দর ৯৯ বছরের জন্য চীনকে লীজ দেয়া হয়েছে।



মিয়ানমার

মিয়ানমার ১৯৩৭ সালের ১লা এপ্রিল ভারত থেকে পৃথক হয় এবং ১৯৪৮ সালে বুটেনের কাছ থেকে স্বাধীনতা পায়। মিয়ানমারের প্রাচীন নাম বার্মা বা ব্রহ্মদেশ। ১৯৮৯ সালে দেশটির নাম 'বার্মা' থেকে পরিবর্তন করে 'মিয়ানমার' করা হয়। ১৯৬২ সালে মিয়ানমারে সামরিক শাসন শুরু হয়। ১৯৯০ সালে গণতন্ত্রপন্থী নেত্রী অং সান সু চি'র রাজনৈতিক দল 'ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি' (NLD) পার্লামেন্টের মোট আসনের ৮০ শতাংশে জয়লাভ করে। অং সান সু চি ১৯৯১ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান।

- মিয়ানমারের সামরিক শাসক "অপারেশন ড্রাগন কিং" পরিচালনা করলে রোহিঙ্গারা প্রথম বাংলাদেশে আসে- ১৯৭৮ সালে।
- রোহিঙ্গা মুসলিম জনগোষ্ঠী নাগরিকত্ব হারায়- ১৯৮২ সালে।

রোহিঙ্গা:

রোহিঙ্গা মিয়ানমারের একটি জাতিগোষ্ঠী। অষ্টম শতাব্দীতে আরবদের আগমনের পর বর্তমান মিয়ানমারের আরাকানে বসবাসরত মুসলিম জনগোষ্ঠীই পরবর্তীতে রোহিঙ্গা নামে পরিচিতি লাভ করে। ১৯৭৮ সালে মিয়ানমারের সামরিক বাহিনী রোহিঙ্গাদের বিরুদ্ধে অপারেশন ড্রাগন কিং পরিচালনা করে। মিয়ানমার সরকার ১৯৮২ সালে একটি আইন পাশের মাধ্যমে দেশটির অন্যান্য ক্ষুদ্র জাতিগোষ্ঠীর নাগরিকত্বের স্বীকৃতি দিলেও রোহিঙ্গাদের নাগরিকত্বের স্বীকৃতি দেয়নি। ২০১৭ সালে দেশটিতে আবার রোহিঙ্গাদের উপর 'অপারেশন ক্রিয়ারেল' শুরু করে জাতি বাহিনী। যার প্রেক্ষিতে প্রায় ২০ লক্ষ রোহিঙ্গা বাংলাদেশের আশ্রয় নিয়েছে শাহ পরী দ্বীপ ও কুতুপালং শরণার্থী শিবিরে। ২০১৯ সালে রোহিঙ্গা গণহত্যার অভিযোগে মিয়ানমারের বিপক্ষে ICJ তে মামলা করে আফ্রিকার মুসলিম দেশ গাম্বিয়া। গাম্বিয়ার নেতৃত্বে ছিলেন দেশটির অ্যাটর্নি জেনারেল ও আইন মন্ত্রী আবু বকর তাহাদু। নিজ দেশে ফেরত না যাওয়া পর্যন্ত রোহিঙ্গাদের নোয়াখালির ভাসানচরে স্থানান্তর শুরু হয় ৪ ডিসেম্বর ২০২০।



ইন্দোনেশিয়া

১৯৪৯ সালে ইন্দোনেশিয়া নেদারল্যান্ডের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। সুকর্ণ ইন্দোনেশিয়ার প্রথম রাষ্ট্রপতি এবং স্বাধীনতা সংগ্রামের সফল নেতৃত্বদানকারী ছিলেন। মেঘবতী সুকর্ণপুত্রী ২০০১ সালে ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট নির্বাচিত হন। তিনি মুসলিম বিশ্বের প্রথম নির্বাচিত মহিলা রাষ্ট্রপ্রধান।

- জনসংখ্যায় মুসলিম বিশ্বের বৃহত্তম দেশ ইন্দোনেশিয়া।
- জনসংখ্যা ও আয়তনে বিশ্বের বৃহত্তম দ্বীপরাষ্ট্র ইন্দোনেশিয়া।
- ইন্দোনেশিয়ায় সর্বমোট ১৭০০০ দ্বীপ রয়েছে। উল্লেখ্য যে পৃথিবীর সর্বাধিক সংখ্যক দ্বীপ আছে কানাডায় (৩০,০০০ এর অধিক)।
- ইন্দোনেশিয়ার দ্বীপসমূহের মধ্যে সুমাত্রা, বোর্নিও, জাভা, নিউগিনি (ইরিয়ানজায়া), বালি প্রভৃতি প্রধান।
- আয়তনে ইন্দোনেশিয়ার বৃহত্তম দ্বীপ সুমাত্রা।
- জাভা ইন্দোনেশিয়া তথা পৃথিবীর সর্বাধিক জনবহুল দ্বীপ।
- আচেহ প্রদেশের রাজধানী বান্দা আচেহ।
- পশ্চিম তিমুর ইন্দোনেশিয়ার একটি অঙ্গ রাজ্য।
- আচেহ ও ইরিয়ান জায়া ইন্দোনেশিয়ার স্বাধীনতাকামী প্রদেশ।



বালি দ্বীপ



জাভা দ্বীপ

ফিলিপাইন

- স্বাধীনতার পূর্বে ফিলিপাইন স্পেনীয় এবং মার্কিন সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ছিল।
- ফিলিপাইন একটি দ্বীপরাষ্ট্র। ফিলিপাইনের দ্বীপসমূহের মধ্যে লুজন, ভিসায়াস, মিন্দানাও প্রধান।
- আয়তনে ফিলিপাইনের বৃহত্তম দ্বীপ লুজন।
- ফিলিপাইনের রাজধানী ম্যানিলা লুজন দ্বীপে অবস্থিত।
- মিন্দানাও ফিলিপাইনের দক্ষিণাঞ্চলে অবস্থিত একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ দ্বীপ।
- এ অঞ্চলের মুসলিম স্বাধীনতাকামী বিদ্রোহী গোষ্ঠী MILF (Moro Islamic Liberation Front) বহুবছর ধরে স্বায়ত্তশাসনের জন্য আন্দোলন করে আসছে।
- ফিলিপাইন থেকে এশিয়ার নোবেল খ্যাত 'ম্যাগসেসে' পুরস্কার দেওয়া হয়।
- প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বৃহত্তম মার্কিন নৌঘাটি ছিল ফিলিপাইনের সুবিক বে তে। ১৯৯১ সালে এই নৌঘাটিটি বন্ধ করে দেওয়া হয়।

উত্তর কোরিয়া/দক্ষিণ কোরিয়া

১৯১০ সালে কোরীয় উপদ্বীপ জাপানের শাসনাধীন অঞ্চলে পরিণত হয়। দ্বিতীয় বিশ্বযুদ্ধ পর্যন্ত কোরিয়া জাপানের অধীনে ছিল। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ১৯৪৫ সালে জাতিসংঘ কোরিয়া উপদ্বীপ সোভিয়েত নিয়ন্ত্রণাধীন উত্তর এবং যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণাধীন দক্ষিণ অংশে বিভক্ত করে। ১৯৪৮ সালে আনুষ্ঠানিকভাবে উত্তর ও দক্ষিণ কোরিয়ার জন্ম হয়। ৩৮° অক্ষরেখা দ্বারা কোরীয় উপদ্বীপ উত্তর এবং দক্ষিণ কোরিয়ায় বিভক্ত। দুই কোরিয়ার মধ্যবর্তী সীমানা বিশ্বের সবচেয়ে সুরক্ষিত সীমানা। পীত সাগরে দুই কোরিয়ার সীমানা Northern Limit Line নামে খ্যাত। উত্তর কোরিয়ার সর্বোচ্চ নেতার নাম কিম জং উন। এই দেশকে পৃথিবীর গুপ্ত দেশ বলা হয়।

পানমুনজাম বা শান্তি গ্রাম

এটি উত্তর ও দক্ষিণ কোরিয়ার মধ্যবর্তী একটি বেসামরিক এলাকা বা দুই কোরিয়ার মাঝে শান্তি স্থাপনকারী একটি গ্রাম। ১৯৫৩ সালে এই অসামরিক এলাকাটি গঠন করা হয়। এটি শান্তিপল্লী নামে পরিচিত।

জাপান

জাপান একটি দ্বীপরাষ্ট্র। জাপানের প্রধান ৪টি দ্বীপ- হোক্কাইডো, হনসু, শিকোকু, কিউসু। আয়তনে জাপানের বৃহত্তম দ্বীপ হনসু। জাপানের রাজধানী টোকিও হনসু দ্বীপে অবস্থিত। টোকিও বিশ্বের সবচেয়ে জনবহুল শহর।

- জাপান G-৮ এর এশীয় প্রতিনিধি।
- বিশ্বের মধ্যে জাপানের মানুষের গড় আয়ু সবচেয়ে বেশি। (৮৪ বছর)
- Sushi এবং Sashimi বিখ্যাত জাপানি খাবার।
- বিখ্যাত 'সামুরাই' শব্দটি জাপানে ব্যবহৃত হয়।
- 'Corner Stone of Peace' স্মৃতিসৌধ জাপানে অবস্থিত।
- জাপানের সংবিধানকে 'শান্তি সংবিধান' বলা হয়।



চীন

- চীনের সাথে বিশ্বের সর্বাধিক ১৪টি দেশের স্থল সীমান্ত রয়েছে। উল্লেখ্য- রাশিয়ার সাথেও সর্বাধিক ১৪টি দেশের সীমান্ত রয়েছে।
- চীনের আইনসভার নাম National People's Congress (জাতীয় গণ কংগ্রেস)।
- বৈশ্বিক উন্নয়ন উদ্যোক্তার প্রস্তাবক হচ্ছে চীন।
- ফাংশুং গং চীনের একটি আধ্যাত্মিক আন্দোলন।

ইতিহাস

চীনা কমিউনিস্ট পার্টি এবং চীনা জাতীয়তাবাদী দলের অনুসারীদের মধ্যে গৃহযুদ্ধ হয়। মাও সেতুং এর নেতৃত্বাধীন চীনা কমিউনিস্ট পার্টির অনুসারীরা যুদ্ধে জয়ী হয় এবং ১৯৪৯ খ্রিস্টাব্দের ১ অক্টোবর গণচীন প্রতিষ্ঠা করেন। এ বছরেই চীনে কমিউনিজম প্রতিষ্ঠিত হয়। চায়না জাতীয়তাবাদী দলের নেতৃবৃন্দ তাইওয়ানে আশ্রয় নেন এবং তাইওয়ান প্রতিষ্ঠা করেন। গ্রেট হল অব দ্যা পিপলস্ বেইজিংয়ে অবস্থিত চীনের পার্লামেন্ট ভবন। যুক্তরাষ্ট্র ব্যতীত বিশ্বের বৃহত্তম অর্থনীতির দেশ হলো চীন। বিগত দশ বছরে চীনের জিডিপিতে প্রবৃদ্ধির হার ছিল বিশ্বের মধ্যে সর্বোচ্চ। হংকং এবং ম্যাকাও চীনের বিশেষ স্বায়ত্বশাসিত অঞ্চল। হংকং ১৯৯৭ সালে ইংল্যান্ডের উপনিবেশ থেকে এবং ম্যাকাও ১৯৯৯ সালে পর্তুগালের উপনিবেশ থেকে মুক্ত হয়।

চীনের মহাপ্রাচীর

চীনের মহাপ্রাচীর মনুষ্য নির্মিত সর্ববৃহৎ স্থাপনা। এটি চীনের উত্তর সীমান্তে অবস্থিত। এর দৈর্ঘ্য ৮৮৫০ কি.মি.। শুধুমাত্র প্রাচীরের দৈর্ঘ্য ৬২৬০ কি.মি.।

সিল্ক রোড

চীনের প্রেসিডেন্ট শি জিনপিং ২০১৩ সালে প্রথম 'নতুন সিল্ক রোড অর্থ বলয় (নিউ সিল্ক রোড ইকোনোমিক বেল্ট)' সৃষ্টির কথা বলেন, যেটি চীন থেকে শুরু হয়ে তামাম মধ্য এশিয়াকে স্থলপথে বাণিজ্যিকভাবে কাছে নিয়ে আসবে এবং সেখান থেকে ইউরোপে সম্প্রসারিত হবে। এটি ওয়ান বেল্ট, ওয়ান রোড বা ওবিওআর নামে পরিচিত। প্রাচীনকালে সিল্ক রোড বলতে চীনের সাথে এশিয়ার পশ্চিমাঞ্চলের সংযোগ বোঝাতো।

জিনজিয়াং প্রদেশ

জিনজিয়াং অর্থ নতুন এলাকা। চীনের জিনজিয়াং প্রদেশটি মুসলিম অধ্যুষিত। 'উইঘুর' চীনের একটি মুসলিম সম্প্রদায়ের নাম। এরা মধ্য এশিয়ায় বসবাসরত তুর্কি বংশোদ্ভূত একটি জাতিগোষ্ঠী। বর্তমানে উইঘুররা মূলত চীনের জিনজিয়াং অঞ্চলে বসবাস করে।

ইরান

১৯৭৯ সালে ইসলামি বিপ্লবের মাধ্যমে ইরান ইসলামি প্রজাতন্ত্রে পরিণত হয়। এ বিপ্লবের নেতা ছিলেন ইমাম আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি। এ বিপ্লবের মাধ্যমে ইরানে পাহলবি বংশের রাজতন্ত্রের পতন হয়। ইরানের শেষ রাজা ছিলেন শাহ মোহাম্মাদ রেজা পাহলবি। ইরান বিশ্বের সর্বাধিক শিয়া অধ্যুষিত দেশ। ইরানের বিখ্যাত দার্শনিক ছিলেন জালালুদ্দিন রুমি।

- ইরানের জাতীয় কবি হাকিম ফেরদৌসি।
- বিশ্বের বৃহত্তম তেল শোধনাগার ইরানের আবাদান নগরীতে।

ইরাক

ইরাকের সরকারি নাম 'ইরাক প্রজাতন্ত্র'। ১৯৩২ সালে ইরাক যুক্তরাজ্যের নিকট থেকে স্বাধীনতা লাভ করে এবং ১৯৫৮ সালে দেশটিকে প্রজাতন্ত্র ঘোষণা করা হয়। শাত-ইল-আরব জলপথ, ইরানের খুজেন্তন প্রদেশ নিয়ে ইরাক এবং ইরানের মধ্যে বিবাদ ছিল। ১৯৭৫ সালে সকল দ্বিপক্ষীয় সীমান্ত বিরোধ নিরসনকল্পে ইরাক-ইরানের মধ্যে ঐতিহাসিক আলজিয়ার্স চুক্তি স্বাক্ষরিত হয়। কিন্তু ২২ সেপ্টেম্বর ১৯৮০ সালে ইরাকী সেনাবাহিনী অতর্কিতভাবে ইরানী ভূখণ্ডে আক্রমণ করলে ইরাক-ইরান যুদ্ধের সূচনা হয়। প্রেসিডেন্ট মরহুম শহিদ জিয়াউর রহমান ইরাক-ইরান যুদ্ধ বন্ধের জন্য সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়েছিলেন। জাতিসংঘের মধ্যস্থতায় ১৯৮৮ সালে যুদ্ধবিরতির মাধ্যমে এ যুদ্ধের অবসান হয়। ১৯৯০ সালের ২ আগস্ট ইরাক কুয়েত আক্রমণ ও দখল করে। এরপর ইরাক আনুষ্ঠানিকভাবে কুয়েতকে ১৯তম প্রদেশ হিসেবে দেশটির সাথে সংযুক্তির ঘোষণা দেয়। কুয়েতে ইরাকের এ আক্রমণ 'ইরাক-কুয়েত' যুদ্ধ নামে পরিচিত। এটি প্রথম উপসাগরীয় যুদ্ধ নামে পরিচিত।

অপারেশন ডেজার্ট স্টর্ম: মার্কিন নেতৃত্বাধীন বহুজাতিক বাহিনী কুয়েতে ইরাকি দখলের অবসান ঘটাতে ইরাকের বিরুদ্ধে এ অভিযান পরিচালনা করে। এই অভিযানের মেয়াদকাল ছিল : ২ আগস্ট, ১৯৯০ হতে ২৮ ফেব্রুয়ারি, ১৯৯১।



অপারেশন ইরাকি ফ্রিডম: ইরাকের তৎকালীন প্রেসিডেন্ট সাদাম হোসেনের বিরুদ্ধে WMD (Weapon of Mass Destruction) উৎপাদনের অভিযোগে ২০০৩ সালের ২০ মার্চ ইঙ্গ-মার্কিন নেতৃত্বাধীন বহুজাতিক বাহিনী সন্ত্রাস বিরোধী যুদ্ধের (War on Terror) অংশ হিসেবে ইরাকে অভিযান শুরু করে। এটি দ্বিতীয় উপসাগরীয় যুদ্ধ নামেও পরিচিত।

অপারেশন রেড ডন: ১৩ ডিসেম্বর, ২০০৩ প্রাক্তন ইরাকি প্রেসিডেন্ট সাদাম হোসেনকে গ্রেফতারের জন্য মার্কিন বাহিনী কর্তৃক পরিচালিত একটি অভিযান।

ফিলিস্তিন

- ১৯৮৮ সালে আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন প্যালেস্টাইন রাষ্ট্রের ঘোষণা দেওয়া হয়।
- রাষ্ট্রীয় নাম স্টেট অব প্যালেস্টাইন।
- ফিলিস্তিন 'ল্যান্ড অব দা লর্ড' হিসেবে পরিচিত।
- ফিলিস্তিনে 'Wailing Wall' অবস্থিত।
- ফিলিস্তিন সার্বভৌমত্বহীন রাষ্ট্র।
- স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র ঘোষণা করেন ইয়াসির আরাফাত।

ফিলিস্তিনের স্বীকৃতি	
প্রথম দেশ	আলজেরিয়া (১৯৮৮)
ইউরোপীয় ইউনিয়নের প্রথম দেশ	সুইডেন (২০১৪)
UNESCO- এর ১৯৫ তম সদস্য হিসেবে স্বীকৃতি লাভ করে।	২০১১ সালে

ইস্তিফাদা

ইস্তিফাদা আরবি শব্দ। এর ইংরেজি অর্থ Uprising বা Resistance বা Rebellion। এর বাংলা অর্থ জাগরণ বা প্রতিরোধ বা অভ্যুত্থান। ইসরায়েলী বাহিনীর নির্যাতনের বিরুদ্ধে ফিলিস্তিনি জনগনের বিভিন্ন সংগ্রাম ইস্তিফাদা নামে পরিচিত।

জেরুজালেম

হ্রানটি মুসলমান, খ্রিষ্টান ও ইহুদি তিন ধর্মের নিকট পবিত্র নগরী হিসেবে পরিচিত। ইসলামের প্রথম কেবলা ও ঐতিহাসিক মসজিদ বায়তুল মুকাদাস অবস্থিত।

ইসরায়েল

ইতিহাস

১৮৯৬ সালে ইহুদি ধর্মীয় নেতা ড. থিউডোর হার্জেল ইহুদিদের একটি আলাদা রাষ্ট্রের জন্য প্রথম দাবি জানান। ১৯১৭ খ্রিস্টাব্দের ২ নভেম্বর ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী আর্থার জেমস বেলফোরের লিখিত একটি ঘোষণাপত্রে প্যালেস্টাইনে একটি ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার অঙ্গীকার করা হয়। ১৯৪৮ সালের ১৪ মে ফিলিস্তিনিদের মাতৃভূমিতে সম্পূর্ণ অবৈধভাবে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়। Wailing Wall জেরুজালেমে অবস্থিত ইহুদি ধর্মাবলম্বীদের পবিত্র স্থান।

- ইসরায়েল মধ্যপ্রাচ্যের একমাত্র ইহুদি রাষ্ট্র।
- ইসরায়েল কে বলা হয় মধ্যপ্রাচ্যের ক্যান্সার।

ইসরায়েল সাথে সীমান্ত বিরোধ-

- লেবাননের সাথে বিরোধ - হিজবুল্লাহ গেরিলা গোষ্ঠী ও ওয়াজানি নদীর পানি বন্টন নিয়ে।
- ফিলিস্তিনের সাথে বিরোধ - গাজা, রামাল্লা, পশ্চিম তীর, হেবরন, জেরিকা ও জেরুজালেম নিয়ে।
- সিরিয়ার সাথে বিরোধ - গোলান মালভূমি নিয়ে।
- জর্ডানের সাথে বিরোধ - ডেড সা/মৃত সাগর নিয়ে।
- মিশরের সাথে বিরোধ - সিনাই উপত্যকার মালিকানা ও সুয়েজ খাল নিয়ে।



ইসরায়েলের আন্তর্জাতিক স্বীকৃতি-

- ইসরায়েলকে স্বীকৃতি দানকারী প্রথম দেশ যুক্তরাষ্ট্র। (১৪ মে, ১৯৪৮ খ্রিঃ)
- ইসরায়েলকে স্বীকৃতি দানকারী প্রথম মুসলিম দেশ তুরস্ক। (২৮ মার্চ, ১৯৪৯ খ্রিঃ)
- ইসরায়েলকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ মিশর। (২৬ মার্চ, ১৯৭৯ খ্রিঃ)
- ইসরাইলের সাথে বাংলাদেশের বাণিজ্যিক ও কূটনৈতিক সম্পর্ক নেই।

তুরস্ক

আন্তঃমহাদেশীয় রাষ্ট্র : তুরস্ক এশিয়া ও ইউরোপ উভয় মহাদেশে বিস্তৃত একটি দেশ। তাই তুরস্ককে ইউরেশিয়ান রাষ্ট্র বলা হয়।

- তুরস্ক প্রজাতন্ত্র গড়ে উঠে - ১৯২৩ সালে।
- এক সময় তুরস্কে ছিল - অটোমান সাম্রাজ্যের কেন্দ্রভূমি।
- ইউরোপের রুগ্মমানুষ বলা হয় - তুরস্ককে।
- এশিয়ার একমাত্র ন্যাটোভুক্ত মুসলিম দেশ - তুরস্ক।
- ইস্তাম্বুল নগরটি এশিয়া এবং ইউরোপ উভয় মহাদেশে অবস্থিত
- ইসকানদারলুন তুরস্কের একটি বিখ্যাত বন্দর নগরী।

খ্রিস-তুরস্কের বিরোধ

সাইপ্রাসকে খ্রিসের সঙ্গে যুক্তকরণের আন্দোলনের নাম ইনোসিস। খ্রিসের সমর্থনপুষ্ট সামরিক জাভা সাইপ্রাসের ক্ষমতায় বসলে তুরস্ক ১৯৭৪ সালে সাইপ্রাসে সামরিক আগ্রাসন চালায়। এটিই সাইপ্রাস খ্রিস ও তুরস্কের মধ্যে বিবাদের কারণ।

মধ্যপ্রাচ্য (Middle East)- ১৭টি দেশ

বাহরাইন, সংযুক্ত আরব আমিরাত, কাতার, ওমান, ইয়েমেন, সৌদি আরব, ইরান, ইরাক, কুয়েত, জর্ডান, সিরিয়া, লেবানন, মিশর, ইসরায়েল, ফিলিস্তিন, সাইপ্রাস এবং তুরস্ক।

আরব-ইসরায়েল সংকট	
বেলফোর ঘোষণা (১৯১৭ খ্রিঃ)	১৯১৭ খ্রিষ্টাব্দের ২ নভেম্বর ব্রিটিশ পররাষ্ট্র মন্ত্রী আর্থার জেমস বেলফোরের লিখিত একটি ঘোষণাপত্র বেলফোর ঘোষণা নামে পরিচিত। এতে প্যাালেস্টাইনে একটি ইহুদি রাষ্ট্র প্রতিষ্ঠার অঙ্গীকার করা হয়।
প্রথম আরব-ইসরায়েল যুদ্ধ (১৯৪৮-৪৯ খ্রিঃ)	১৪ মে, ১৯৪৮ ফিলিস্তিনিদের মাতৃভূমিতে সম্পূর্ণ অবৈধভাবে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়। মার্কিন প্রেসিডেন্ট হ্যারি এস ট্রুম্যান তৎক্ষণাৎ ইসরায়েলকে স্বীকৃতি দেন। কয়েকটি আরব দেশ একত্রিত হয়ে যুদ্ধে লিপ্ত হয় ইসরায়েলের বিপক্ষে। ইসরায়েল পশ্চিমা বিশ্বের সমর্থনে জয়ী হয়। ১৯৪৯ সালে জাতিসংঘের মধ্যস্থতায় যুদ্ধবিরতি কার্যকর হয়। আরব ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি রেখা 'গ্রিন লাইন' (Green Line) চিহ্নিত করা হয়।
দ্বিতীয় আরব-ইসরায়েল যুদ্ধ বা সুয়েজ সংকট (১৯৫৬ খ্রিঃ)	মিশরের প্রেসিডেন্ট জামাল আন্দেল নাসের ১৯৫৬ সালে সুয়েজ খালের জাতীয়করণ করেন। খালটির ওপর পশ্চিমা নিয়ন্ত্রণ পুনঃপ্রতিষ্ঠা করার লক্ষ্যে ১৯৫৬ সালে ইসরায়েল, ব্রিটেন এবং ফ্রান্স মিশর আক্রমণ করে। মিশরীয়রা পরাজিত হয় তবে তারা খাল দিয়ে জাহাজ চলাচল বন্ধ করে দেয়। এই ঘটনা সুয়েজ সংকট বা ত্রিপক্ষীয় আগ্রাসন নামে পরিচিত।
পিএলও প্রতিষ্ঠা (১৯৬৪ খ্রিঃ)	প্যাালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন (Palestine Liberation Organization) সংক্ষেপে পি.এল.ও (PLO) একটি স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র গঠনের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয়। ১৯৭৪ সাল থেকে পি.এল.ও জাতিসংঘের পর্যবেক্ষকের মর্যাদা ভোগ করছে। পশ্চিম তীরের রামাল্লায় পি.এল.ও এর সদর দপ্তর অবস্থিত।
তৃতীয় আরব-ইসরায়েল যুদ্ধ বা ছয় দিনের যুদ্ধ (১৯৬৭ খ্রিঃ)	এই যুদ্ধে ইসরায়েল জয়লাভ করে। ইসরায়েল মিশরের গাজা এবং সিনাই উপদ্বীপ দখল করে নেয়। গোলান মালভূমি সিরিয়া-ইসরায়েল সীমান্তে অবস্থিত। গোলান মালভূমিতে সিরিয়া-ইসরায়েলের যুদ্ধবিরতি রেখা পার্পল লাইন (Purple Line) নামে পরিচিত।
চতুর্থ আরব-ইসরায়েল যুদ্ধ বা ইয়ম কিস্তর যুদ্ধ বা প্রথম তেল-সংকট (১৯৭৩ খ্রিঃ)	মধ্যপ্রাচ্যের প্রধান রপ্তানি পণ্য তেল (Petroleum)। ১৯৭৩ সালের ১৭ অক্টোবর আরব তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন OAPEC আরব-ইসরায়েল যুদ্ধের প্রতিক্রিয়া হিসেবে ঘোষণা করে যে, ইসরায়েলকে সমর্থনকারী কোনো দেশে তারা তেল সরবরাহ করবেনা। এই ঘোষণার পরিপ্রেক্ষিতে মার্কিন যুক্তরাষ্ট্র, পশ্চিম ইউরোপ এবং জাপানে তেল সরবরাহ বন্ধ হয়ে যায়। ফলে পশ্চিমা বিশ্বের অর্থনীতিতে সংকটের সূচনা হয়। যুক্তরাষ্ট্রের মধ্যস্থতায় ইসরায়েল সিনাই উপত্যকা এবং গোলান মালভূমি থেকে সৈন্য প্রত্যাহারের অঙ্গীকার করলে ওয়েপেক ১৯৭৪ সালের মার্চ মাসে তেল নিষেধাজ্ঞা উঠিয়ে নেয়।

মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান




ক্যাম্প ডেভিড চুক্তি (১৯৭৮ খ্রি.)	মিশর এবং ইসরায়েলের মধ্যে ঐতিহাসিক 'ক্যাম্প ডেভিড চুক্তি' স্বাক্ষরিত হয়। তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট জিমিকার্টার এই চুক্তির মধ্যস্থতা করেন। মিশরের প্রেসিডেন্ট আনোয়ার সাদাত এবং ইসরায়েলি প্রধানমন্ত্রী মেনাখেম বেগিম যৌথভাবে নোবেল শান্তি পুরস্কার (১৯৭৮ খ্রি.) পান।
মিশর-ইসরায়েল শান্তি চুক্তি (১৯৭৯ খ্রি.)	মিশর ইসরায়েলকে স্বীকৃতি দেয়। ইসরায়েল মিশরকে সিনাই উপদ্বীপ ফেরত দেয়।
হামাস প্রতিষ্ঠা (১৯৮৭ খ্রি.)	হামাসের আবির্ভাব হয়েছিল ১৯৮৭ সালে, ইসরায়েলি দখলদারিত্বের বিরুদ্ধে ফিলিস্তিনি গণজাগরণ বা প্রথম ইন্তিফাদার মাধ্যমে।
ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠা (১৯৮৮ খ্রি.)	আলজেরিয়ার রাজধানী আলজিয়ার্সে জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন প্যালেস্টাইন রাষ্ট্রের ঘোষণা দেয় ইয়াসির আরাফাত। এ সময় ঘোষিত ফিলিস্তিন রাষ্ট্র পুরোপুরি ইসরাইলের নিয়ন্ত্রণে ছিল। আলজেরিয়া স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রকে প্রথম স্বীকৃতি দেয়।
অসলো চুক্তি (১৯৯৩ খ্রি.)	নরওয়ের রাজধানী অসলোতে গোপন বৈঠকের মাধ্যমে পি.এল.ও এবং ইসরায়েল একটি চুক্তির ব্যাপারে একমত হয়। ১৩ সেপ্টেম্বর, ১৯৯৩ যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে আনুষ্ঠানিকভাবে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। 'এটি অসলো চুক্তি (Oslo Accord) নামে পরিচিত। এই চুক্তির মাধ্যমে ইসরায়েল ও PLO পরস্পরকে স্বীকৃতি দেয়।
অন্তর্বর্তীকালীন চুক্তি (১৯৯৫ খ্রি.)	ইসরায়েল ও PLO এর মধ্যে গাজা ও পশ্চিম তীর সম্পর্কিত অন্তর্বর্তীকালীন চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির ফলে গাজা ও পশ্চিম তীরে সীমিত আকারে ফিলিস্তিনি জনগণের স্ব-শাসন প্রতিষ্ঠিত হয়।
উই রিভার চুক্তি (Wye River Memorandum)	স্বাক্ষরিত হয় ২৩ অক্টোবর, ১৯৯৮। পিএলও এবং ইসরায়েলের মধ্য সম্পাদিত চুক্তিটির আলোচনা সম্পন্ন হয় যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যের উই রিভারে।
লেবাননে ইসরায়েলি আগ্রাসন (২০০৬ খ্রি.)	২০০০ সালে জাতিসংঘ লেবানন ও ইসরায়েলের মধ্যবর্তী সীমানা হিসেবে 'ব্লু লাইন' (Blue Line) চিহ্নিত করে। ২০০৬ সালে ইসরায়েল লেবাননভিত্তিক গেরিলা সংগঠন 'হিজবুল্লাহ' কে ধ্বংস করার ঘোষণা দিয়ে দক্ষিণ লেবাননে পুনরায় আগ্রাসন চালায়।
আরব বসন্ত (Arab Spring)	২০১০ এর দশকের প্রথমার্ধে আরব বিশ্বের বিভিন্ন দেশে ঘটে যাওয়া গণবিপ্লবের বাড়ি 'আরব বসন্ত' নামে পরিচিত। পুলিশের দুর্নীতির বিরুদ্ধে ন্যায় বিচার না পেয়ে ২০১০ সালের ১৭ ডিসেম্বর তিউনিসিয়ার তরুণ সবজি বিক্রেতা মোহাম্মদ বুয়াজিজি প্রকাশ্যে নিজ শরীরে আগুন জ্বেলে আত্মহত্যা করেন। এ ঘটনা থেকে সূত্রপাত ঘটে আরব বসন্তের। ঐ যুবকের আত্মহত্যার খবর সারা দেশে দ্রুত ছড়িয়ে পড়লে তিউনিসিয়ার মানুষ আন্দোলন শুরু করে। তীব্র আন্দোলনের মুখে ১৪ জানুয়ারি, ২০১১ পদত্যাগে বাধ্য হন দেশটির প্রেসিডেন্ট জয়নাল আবেদিন বেন আলী। বিদ্রোহের এই আগুন আরব বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়ে। এরপর একে একে মিশর, ইয়েমেন ও লিবিয়ায় সরকার পতন ঘটে যায়। এরপর বেশ কিছু বছর সংঘাত চলার পর এরই ধারাবাহিকতায় ২০২৪ সালে সিরিয়ার সরকার পতন হয়।

ইউরোপ মহাদেশ



Key Points

- ◆ এটি বিশ্বের দ্বিতীয় ক্ষুদ্রতম মহাদেশ।
- ◆ এটি বিশ্বের ধনী অঞ্চল।
- ◆ এটি প্রাচীন গ্রিস ও পাশ্চাত্য সংস্কৃতির জন্মস্থান।
- ◆ দুটি বিশ্বযুদ্ধই মূলত এই মহাদেশকে কেন্দ্র করে
- ◆ ইউরোপের প্রাচীনতম দেশ- সানম্যারিনো।
- ◆ ইউরোপের প্রবেশদ্বার বলা হয়- ভিয়েনাকে (অস্ট্রিয়া)
- ◆ ইউরোপের একমাত্র মুসলমান দেশ - আলবেনিয়া।




মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান



ইউরোপের বিভিন্ন অঞ্চল	
বাল্টিক অঞ্চল	■ এস্তোনিয়া ■ লিথুনিয়া ■ লাটভিয়া (শর্টকাট: ALL)
বলকান অঞ্চল	তুর্কি শব্দ 'বলকান' এর অর্থ পার্বত্য অঞ্চল। এ অঞ্চলের দেশ গুলো- ■ আলবেনিয়া ■ বুলগেরিয়া ■ রুম্যানিয়া ■ সার্বিয়া ■ মেসেডোনিয়া ■ শ্লোভেনিয়া ■ মন্টিনিগ্রো ■ হাঙ্গেরী ■ ক্রোয়েশিয়া ■ বসনিয়া ■ কসোভো ■ গ্রিস
ককেশাস অঞ্চল (৩টি দেশ)	■ আজারবাইজান ■ আর্মেনিয়া ■ জর্জিয়া দক্ষিণ ওশেটিয়া, আবখাজিয়া, চেচনিয়া, ইঙ্গুশেটিয়া, পূর্ব দাগেষ্টান ককেশাস অঞ্চলে অবস্থিত।
স্ক্যান্ডিনেভিয়ান অঞ্চল	■ আইসল্যান্ড ■ সুইডেন ■ ডেনমার্ক ■ নরওয়ে ■ ফিনল্যান্ড শর্টকাট: FINDS



ইউরোপের বিভিন্ন দেশের রাজধানী ও মুদ্রা					
দেশ	রাজধানী	মুদ্রা	দেশ	রাজধানী	মুদ্রা
ফিনল্যান্ড	হেলসিংকি	ইউরো	সুইডেন	স্টকহোম	ক্রোনা
ডেনমার্ক	কোপেনহেগেন	ক্রোনা	নরওয়ে	অসলো	ক্রোনা
আইসল্যান্ড	রিকজাভিক	ক্রোনা	লিথুনিয়া	ভিলনিয়াস	ইউরো
এস্তোনিয়া	তাল্লিন	ইউরো	মেসিডোনিয়া	স্কোপ্লে	দিনার
লাটভিয়া	রিগা	ইউরো	সার্বিয়া	বেলগ্রেড	দিনার
আলবেনিয়া	তিরানা	লেক	মন্টিনিগ্রো	পোডগোরিকা	ইউরো
বসনিয়া ও হার্জেগোভিনা	সারায়েভো	মার্ক	রুম্যানিয়া	বুখারেস্ট	লিউ
বুলগেরিয়া	সোফিয়া	লেভ	শ্লোভেনিয়া	লুবজানা	ইউরো
ক্রোয়েশিয়া	জাগরেব	ইউরো	মাল্টা	ভেলেটা	ইউরো
গ্রিস	এথেন্স	ইউরো	ইউক্রেন	কিয়েভ	রিভনিয়া
কসোভো	প্রিস্টিনা	ইউরো	মালদোভা	কিশিনাউ	লিউ
রাশিয়া	মস্কো	রুবল	স্পেন	মাদ্রিদ	ইউরো
বেলারুশ	মিনস্ক	রুবল	অ্যান্ডোরা	অ্যান্ডোরা লা ভিলা	ইউরো
অস্ট্রিয়া	ভিয়েনা	ইউরো	সুইজারল্যান্ড	বার্ন	ফ্রাংক
ফ্রান্স	প্যারিস	ইউরো	পতুগাল	লিসবন	ইউরো
জার্মানি	বার্লিন	ইউরো	যুক্তরাজ্য	লন্ডন	পাউন্ড স্টার্লিং
বেলজিয়াম	ব্রাসেলস	ইউরো	আয়ারল্যান্ড	ডাবলিন	ইউরো
নেদারল্যান্ড	আমস্টারডাম (প্রশাসনিক-দ্য হেগ)	ইউরো	মোনাকো	মোনাকো	ইউরো
লুক্সেমবার্গ	লুক্সেমবার্গ সিটি	ইউরো	ভ্যাটিকান সিটি	ভ্যাটিকান সিটি	ইউরো
ইতালি	রোম	ইউরো	হাঙ্গেরি	বুদাপেস্ট	ফরিন্ট
সান ম্যারিনো	সান ম্যারিনো	ইউরো	লিচেনস্টেইন	ভ্যাডুজ	ফ্রাংক
চেক রিপাবলিক	প্রাগ	কোরুনা	আর্মেনিয়া	ইয়েরেভান	ড্রাম
প্রোভাকিয়া	ব্রাটিস্লাভা	ইউরো	জর্জিয়া	তিবলিস	লারি
পোল্যান্ড	ওয়ারশ	জলোটি			

মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান



ইউরোপের গুরুত্বপূর্ণ দেশসমূহের আলোচনা যুক্তরাজ্য

Great Britain	United kingdom
England+ Scotland+Wales	England+Scotland+Wales+Northern Ireland

১৬৮৮ সালে গৌরবময় বিপ্লবের মাধ্যমে ব্রিটেনে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়। পৃথিবীর প্রাচীনতম গণতন্ত্র প্রচলিত আছে যুক্তরাজ্যে। বর্তমানে যুক্তরাজ্যে শাসনতান্ত্রিক রাজতন্ত্র সরকার পদ্ধতি প্রচলিত আছে। অষ্টাদশ শতাব্দীর শেষভাগে ইংল্যান্ডে শিল্প বিপ্লবের সূচনা হয়। উনবিংশ শতাব্দীতে সমগ্র ইউরোপে শিল্প বিপ্লব ছড়িয়ে পড়ে। শিল্প বিপ্লবের ফলে ভারতীয় উপমহাদেশের কুটির শিল্প ধ্বংস হয়।

- যুক্তরাজ্যের জাতীয় পতাকাকে ইউনিয়ন জ্যাক বা ইউনিয়ন ফ্লাগ বলা হয়।
- যুক্তরাজ্যের ডাকটিকেটে দেশের নাম লেখা নেই।
- 'ভিক্টোরিয়া ক্রস' ব্রিটেনের সর্বোচ্চ সামরিক খেতাব। কমনওয়েলথভুক্ত দেশ সমূহের মধ্যে এ পদক প্রদান করা হয়।

সংবিধান

যুক্তরাজ্যের কোনো লিখিত সংবিধান নেই। সনদপত্র, আবেদনপত্র ও অন্যান্য শাসনতান্ত্রিক ঘটনাবলির সমন্বয়ে এই সংবিধান গঠিত। এর মধ্যে ম্যাগনাকার্টা, পিটিশন অব রাইটস, বিল অব রাইটস প্রভৃতি উল্লেখযোগ্য। ব্লাসফেমি আইন যুক্তরাজ্যে প্রথম চালু হয়।

ম্যাগনাকার্টা

ম্যাগনাকার্টা শব্দের অর্থ- মহাসনদ

ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল বলা হয় - ম্যাগনাকার্টাকে

ইংল্যান্ডের ১ম শাসনতন্ত্র বলা হয় - ম্যাগনাকার্টাকে

যুক্তরাজ্যের ১ম সাংবিধানিক দলিল- ম্যাগনাকার্টা

ব্রিটিশ রাজতন্ত্র

ইংল্যান্ডের প্রথম রাজা ছিলেন আলফ্রেড দ্য গ্রেট। ১৬০৩ সালে সমগ্র ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং আয়ারল্যান্ডের প্রথম রাজা হন ষষ্ঠ জেমস। ১৭০৭ সালে রানী অ্যানির রাজত্বকালে ইংল্যান্ড ও স্কটল্যান্ড একত্রিত হয়ে 'গ্রেট ব্রিটেন'-এ পরিণত হয়। ১৮০১ সালে রাজা পঞ্চম জর্জ এর রাজত্বকালে গ্রেট ব্রিটেন এবং আয়ারল্যান্ড একত্রিত হয়ে যুক্তরাজ্যে পরিণত হয়। যুক্তরাজ্যের বর্তমান সিংহাসনে অধিষ্ঠিত আছেন রাজা তৃতীয় চার্লস। ব্রিটেনের রাষ্ট্রপ্রধান- রানি বা রাজা। সরকার প্রধান- প্রধানমন্ত্রী।

ব্রিটেনের ১ম প্রধানমন্ত্রী	ব্রিটেনের ১ম নারী প্রধানমন্ত্রী	ব্রিটেনের বর্তমান প্রধানমন্ত্রী	ব্রিটেনের বর্তমান রাজা
রবার্ট ওয়ালপোল	মার্গারেট থ্যাচার	কেয়ার স্টারমার	রাজা তৃতীয় চার্লস




❖ গুরুত্বপূর্ণ স্থান

- **ওয়েস্টমিনিস্টার প্রাসাদ:** লন্ডনের অধীনে স্বায়ত্তশাসনপ্রাপ্ত ওয়েস্টমিনিস্টার প্রাসাদ টেমস নদীর উত্তর কূল ঘেঁষে অবস্থিত। এটি যুক্তরাজ্যের আইনসভা হিসেবে ব্যবহৃত হয়। সংসদ ভবনের উত্তরাংশের ক্রক টাওয়ারে অবস্থিত সুবিশাল ঘন্টার ডাক নাম বিগবেন।
- **ওয়েস্ট মিনিস্টার অ্যাবে:** লন্ডনের একটি ঐতিহাসিক চার্চ। এখানে ব্রিটিশ রাজা-রাণীদের সিংহাসনে আরোহণের অনুষ্ঠান এবং শেষকৃত্য অনুষ্ঠিত হয়। ১৫৬০ সালে রাণী প্রথম এলিজাবেথ এটি নির্মাণ করেন।
- **ইন্ডিয়ান হাউজ:** লন্ডনভিত্তিক ভারতীয় জাতীয়তাবাদী সংগঠন।
- **স্কটল্যান্ড ইয়ার্ড:** লন্ডনে অবস্থিত মেট্রোপলিটন পুলিশের প্রধান কার্যালয়।
- **বুশ হাউস:** লন্ডনে অবস্থিত বিবিসি'র প্রাক্তন প্রধান কার্যালয়।
- **বাকিংহাম প্যালেস:** ব্রিটিশ রাজপরিবারের লন্ডনের বাসস্থান।

ফ্রান্স

১৭৮৯ সালের ১৪ জুলাই বাস্তিল দুর্গের পতন হয়- যা ফরাসি বিপ্লবের একটি মাইলফলক। ফরাসি বিপ্লবের সময় ফ্রান্সের রাজা ছিলেন ষোড়শ লুই। 'জেকোবিন' ফরাসি বিপ্লবের অগ্রনায়ক ক্লাব। ফরাসি বিপ্লবের সূত্র ধরে ফ্রান্সে জাতীয়তাবাদ আবির্ভূত হয়েছিল। দার্শনিক রুশো ও ভল্টেয়ার লেখনীর মাধ্যমে ফরাসি বিপ্লবের অনুপ্রেরণা যুগিয়েছিলেন। রুশোর বিখ্যাত উক্তি-(ভ্রাতৃত্ব, সমতা ও স্বাধীনতা-"Liberty, Equality, Fraternity")- ফরাসি বিপ্লবের মূল শ্লোগান। তাঁর অমর উক্তি, "Man is born free, but is everywhere in chains"। তিনি মনে করতেন "জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী"।



আইফেল টাওয়ার

ফ্রান্সের বিখ্যাত ব্যক্তিত্ব	
নাম	কৃতিত্ব
নেপোলিয়ন বোনাপার্ট	লিটল কপেরাল বা ফরাসি বিপ্লবের শিশু
লুই পাস্তুর	জীবাণু তত্ত্বের জনক, জলাতঙ্ক রোগের টিকা আবিষ্কারক
জ্যাঁ জ্যাক রুশো	রোমান্টিক আন্দোলনের জনক, সামাজিক চুক্তি মতবাদের জনক

জার্মানি

জার্মানির সরকার ব্যবস্থা সংসদীয় গণতন্ত্র। রাষ্ট্রপ্রধান হলেন রাষ্ট্রপতি এবং সরকার প্রধান চ্যান্সেলর। চ্যান্সেলর প্রধানমন্ত্রীর সমতুল্য পদ। আধুনিক জার্মানির প্রতিষ্ঠাতা অটোভন বিসমার্ক ছিলেন প্রথম জার্মান চ্যান্সেলর। তিনি আধুনিক জার্মানির প্রতিষ্ঠাতা। অ্যাঙ্গেলা মার্কেল জার্মানির প্রথম মহিলা চ্যান্সেলর।

- জার্মানির বর্তমান চ্যান্সেলর- ওলাফ শলৎজে।
- জার্মানিকে বলা হয়- ডয়েচল্যান্ড
- জার্মানির ফ্রাঙ্কফুট শহরে পৃথিবীর বৃহত্তম বইমেলা অনুষ্ঠিত হয়।

ব্লাড অ্যান্ড আয়রন পলিসি

আধুনিক জার্মানির জনক অটোভন বিসমার্ক ১৮৬২ সালে একটি বৈদেশিক নীতি প্রবর্তন করেন যা Blood & Iron Policy নামে পরিচিত। এই নীতির মাধ্যমে তিনি জার্মানিকে একটি শক্তিশালী রাষ্ট্র হিসেবে গড়ে তোলেন। এজন্য তাকে আয়রন চ্যান্সেলর বলা হয়।

জার্মানির বিখ্যাত ব্যক্তিত্ব	
নাম	ব্যক্তিত্ব
এডলফ হিটলার	হলোকস্ট (৬০ লক্ষ ইহুদিকে পরিকল্পনা মাফিক হত্যা করে) পরিচালনা করেন।
মার্টিন লুথার	ধর্ম সংস্কার আন্দোলনের জনক।
আইনস্টাইন	খিওরি অব রিলেটিভিটি বা আপেক্ষিকতাবাদ তত্ত্বের প্রণেতা।



বার্লিন প্রাচীর

দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জার্মানিকে বিভক্ত করে পূর্ব এবং পশ্চিম জার্মানি গঠন করা হয়। পূর্ব জার্মানিতে সমাজতান্ত্রিক ব্যবস্থা এবং পশ্চিম জার্মানিতে পুঁজিবাদী ব্যবস্থা চালু করা হয়। পশ্চিম জার্মানিতে পুঁজিবাদের ধাক্কা যেন কমিউনিস্ট শাসিত পূর্ব জার্মানিতে না লাগে, সেজন্য পূর্ব জার্মানির কমিউনিস্ট শাসকেরা ১৯৬১ সালে বার্লিন শহরের মাঝ দিয়ে তৈরি করে ১৫৫ কি. মি. দীর্ঘ কংক্রিটের প্রাচীর। ১৯৮৯ সালের ৯ নভেম্বর এই বিভেদ প্রাচীরের পতন ঘটে এবং ১৯৯০ সালের ৩ অক্টোবর (মধ্যরাত্রে) দুই জার্মানি একীভূত হয়।



ইতালি

ইউরোপের ছিদ্রায়িত রাষ্ট্র বলা হয় ইতালিকে। ইতালিকে ছিদ্রায়িত রাষ্ট্র বলার কারণ ইতালির ভেতরে রোমের পাশে ভ্যাটিকান সিটি ও স্যান ম্যারিনো নামে দুটি রাষ্ট্র রয়েছে। ইতালির রাজধানী রোম। রোম নগরকে কেন্দ্র করে গড়ে উঠেছিল রোমান সভ্যতা। রোমান সাম্রাজ্যের প্রথম সম্রাট ছিলেন অগাস্টাস সিজার। রোম নগরীর প্রতিষ্ঠাতা রাজা রোমিউলাস তার নামেই রোম নগরীর নামকরণ করা হয়েছে। রোম সাম্রাজ্যের শেষ সম্রাট ছিলেন রোমিউলাস অগাস্টুলাস।

রেনেসাঁস বা পুনর্জাগরণ

Renaissance ফরাসি শব্দ। অর্থ 'Rebirth' বা পুনর্জীবন বা নবজীবন। রেনেসাঁস ইউরোপের একটি ঐতিহাসিক যুগ যার ব্যাপ্তিকাল ছিল চতুর্দশ থেকে সপ্তদশ শতাব্দী পর্যন্ত। রেনেসাঁ হলো-শিল্প আন্দোলনের নাম। এ সময় ইউরোপের শিল্প-সংস্কৃতি-বিজ্ঞানে বৈপ্লবিক অগ্রগতি সাধিত হয়। ইউরোপের রেনেসাঁস শুরু হয়েছিল ইতালির ফ্লোরেন্স শহরে। লিওনার্দো দ্য ভিঞ্চি এবং মাইকেল অ্যাঞ্জেলোকে Renaissance Man বলা হয়।

রাশিয়া

রাশিয়া সরকারিভাবে রুশ ফেডারেশন নামে পরিচিত। রাশিয়ার সম্রাটদের (১৭২১-১৯১৭খ্রি:) জার বলা হতো। রাশিয়ার প্রথম সম্রাট ছিলেন মহান পিটার দি গ্রেট। রুশ বিপ্লবের মাধ্যমে জারতন্ত্রের পতন ঘটে। রাশিয়ার সর্বশেষ সম্রাট দ্বিতীয় নিকোলাস জার।

- আয়তনে ইউরোপ তথা বিশ্বের বৃহত্তম দেশ হল রাশিয়া।
- রাশিয়া আন্তঃ মহাদেশীয় বা ইউরেশিয়ান রাষ্ট্র।
- রাশিয়ার সাথে ১৪টি দেশের সীমান্ত রয়েছে।
- রাশিয়ার রুশ বিপ্লব হলো বিশ্বের বৃহত্তম সমাজতান্ত্রিক বিপ্লব।
- রাশিয়াকে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পিতৃভূমি বলা হয়।
- রাশিয়াতে পৃথিবীর সবচেয়ে বড় রেলপথ ট্রান্স সাইবেরিয়ান রেলপথ অবস্থিত।



লেনিন

১৯২২ সালে পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক রাষ্ট্র সোভিয়েত ইউনিয়ন গঠিত হয়। ১৯৯১ সালের ২৬ ডিসেম্বর আনুষ্ঠানিকভাবে সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে ১৫টি রাষ্ট্র গঠিত হয়।

রুশ বিপ্লব

রুশ বিপ্লব সংঘটিত হয় ১৯১৭ সালে। যার স্থায়িত্ব কাল ছিল ১০ দিন। এই বিপ্লবের ফলে রাশিয়ার জারতান্ত্রিক শাসনের পতন ঘটে। এই বিপ্লবের নেতৃত্ব দেন ভ্লাদিমির লেনিন।

মিখাইল গর্ভাচেভ: তিনি ১৯৮৫ সালে নেতৃত্ব আসেন। মিখাইল গর্ভাচেভ পেরেস্ট্রোকা (খোলামেলানীতি) এবং গ্লাসনস্থ (অর্থনীতি বিষয়ক) নীতি দিয়েছিলেন।

চেচনিয়া সমস্যা

চেচনিয়া ককেশাস অঞ্চলে অবস্থিত মুসলিম অধ্যুষিত অঞ্চল। সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যাওয়ার পর অঞ্চলটি স্বাধীনতা ঘোষণা করে। প্রথম চেচেন যুদ্ধের (১৯৯৪-১৯৯৬) পর এ অঞ্চলটি মূলত স্বাধীন হয়ে পড়ে। দ্বিতীয় চেচেন যুদ্ধের (১৯৯৯-২০০০) পর রাশিয়া এ অঞ্চলে কর্তৃত্ব পুনঃপ্রতিষ্ঠায় সক্ষম হয়।

ক্রিমিয়ার সংকট

২০১৪ সালে কৃষ্ণসাগরের তীরবর্তী ইউক্রেনের দ্বীপ ক্রিমিয়া দখল করে নেয় রাশিয়া। যার ফলে রাশিয়াকে জি-৮/সেভেন থেকে বহিষ্কার করা হয়।



আফ্রিকা মহাদেশ

Key Points

- ◆ এটি আয়তনে দ্বিতীয় বৃহত্তম মহাদেশ।
- ◆ সবচেয়ে বেশি স্বাধীন দেশ (৫৪টি) আফ্রিকা মহাদেশে অবস্থিত।
- ◆ এই মহাদেশকে অন্ধকারাচ্ছন্ন মহাদেশ বলা হয়।
- ◆ সুসংহত মহাদেশ।
- ◆ মালভূমির মহাদেশ।
- ◆ জ্যামিতিক সীমারেখার মহাদেশ।
- ◆ বিশ্ববরেখার অবস্থান এই মহাদেশের মধ্যভাগ দিয়ে।
- ◆ আফ্রিকার বৃহত্তম মরুভূমি- সাহারা মরুভূমি।
- ◆ পৃথিবীর বৃহদাকার চিড়িয়াখানা বলা হতো- আফ্রিকা মহাদেশকে।
- ◆ আয়তনে আফ্রিকার বৃহত্তম দেশ- আলজেরিয়া।
- ◆ জনসংখ্যায় আফ্রিকার বৃহত্তম দেশ- নাইজেরিয়া।
- ◆ আফ্রিকা তথা পৃথিবীর দীর্ঘতম নদী- নীলনদ (১১ টি দেশের মধ্য দিয়ে প্রবাহিত)
- ◆ Pearl of Africa হিসেবে খ্যাত- উগান্ডা (এ নাম দেন ব্রিটেনের প্রধানমন্ত্রী চার্চিল)
- ◆ আফ্রিকার লৌহ মানব বলা হয়- লিবিয়ার গাদ্দাফিকে (৪২ বছর শাসন করেন)
- ◆ আফ্রিকার মরুভূমি বলা হয়- লাইবেরিয়াকে।
- ◆ আফ্রিকার প্রথম স্বাধীন দেশ- লাইবেরিয়া (১৮১৮ সাল)
- ◆ আফ্রিকার মুক্তভূমি (Free Land) বলা হয়- লাইবেরিয়াকে।



আফ্রিকার বিভিন্ন অঞ্চল

হর্ন অব আফ্রিকা (০৪ টি দেশ)	<ul style="list-style-type: none"> ■ ইথিওপিয়া ■ সোমালিয়া ■ ইরিত্রিয়া ■ জিবুতি 	
উত্তর আফ্রিকা	■ মিশর ■ সুদান ■ দক্ষিণ সুদান ■ তিউনিশিয়া ■ আলজেরিয়া ■ লিবিয়া ■ মরক্কো	
দক্ষিণ আফ্রিকা	■ লেসেথো ■ নামিবিয়া ■ দক্ষিণ আফ্রিকা ■ ইসোয়াতিনি ■ বতসোয়ানা	

আফ্রিকার বিভিন্ন দেশের রাজধানী ও মুদ্রা

দেশ	রাজধানী	মুদ্রা	দেশ	রাজধানী	মুদ্রা
বুরুন্ডি	বুজুম্বুরা	ফ্রাংক	মোজাম্বিক	মাপুটো	মেটিকেল
কামোরোস	মরোনি	ফ্রাংক	নয়াদা	কিগালি	ফ্রাংক
জাম্বিয়া	লুসাকা	কোয়াচা	উগান্ডা	কাম্পালা	শিলিং
কেনিয়া	নাইরোবি	শিলিং	সিচেলিস	ভিক্টোরিয়া	রুপি
মাদাগাস্কার	আনতানারিভো	ফ্রাংক	তাজানিয়া	দোদোমা	শিলিং
মালয়ি	লিলানগিয়ে	কোয়াচা	জিম্বাবুয়ে	হারারে	ডলার
মরিশাস	পোর্ট লুইস	রুপি	সাওটোমে এন্ড প্রিন্সিপে	সাওটোমে	দোবরা
সোমালিয়া	মোগাদিসু	শিলিং	ইথিওপিয়া	আদিস আবাবা	বির
ইরিত্রিয়া	আসমায়া	নাকফা	জিবুতি	জিবুতি	ফ্রাংক
অ্যান্ডোলা	লুয়াণ্ডা	কোয়ানজা	গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্র	কিনসাসা	ফ্রাংক

মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান



ক্যামেরুন	ইয়াণ্ডুভে	ফ্রাংক	কসো প্রজাতন্ত্র	ব্রাজিল	ফ্রাংক
মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র	বানগুই	ফ্রাংক	গ্যাবন	লিব্রিভেলি	ফ্রাংক
চাদ (শাদ)	এন জামেনা	ফ্রাংক	নিরক্ষীয় গিনি	মালাবো	ফ্রাংক
বেনিন	পোর্টোনোভা	ফ্রাংক	মালি	বামাকো	ফ্রাংক
বারকিনা ফাসো	উয়াগাদুগু	ফ্রাংক	মোরিতানিয়া	নোয়াকচট	ওগুইয়া
কেপভার্দে	প্যারায়্যা	এসকুডু	নাইজেরিয়া	আবুজা	নাইরা
গাম্বিয়া	বানজুল	দালাসি	সেনেগাল	ডাকার	ফ্রাংক
সিয়েরা লিওন	ফ্রিটাউন	লিওন	আলজেরিয়া	আলজিয়ার্স	দিনার
মিশর	কায়রো	পাউন্ড	লিবিয়া	ত্রিপলি	দিনার
সুদান	খার্তুম	পাউন্ড	মরক্কো	রাবাত	দিরহাম
দক্ষিণ সুদান	জুবা	পাউন্ড	বতসোয়ানা	গ্যাবরোন	পোলা
তিউনিসিয়া	তিউনিস	দিনার	সোয়াজিল্যান্ড	মেবেন	লিলাঙ্গে
লেসেথো	ম্যাসেরু	লোটি	নামিবিয়া	উইন্ডহুক	ডলার
দক্ষিণ আফ্রিকা	প্রিটোরিয়া (প্রশাসনিক)	র্যান্ড			
	ব্লোফেনস্টেইন (বিচারবিভাগীয়)				
	কেপটাউন (সাংবিধানিক)				

আফ্রিকার গুরুত্বপূর্ণ দেশসমূহের আলোচনা

দক্ষিণ আফ্রিকা

আফ্রিকার একটি ছিদ্রায়িত রাষ্ট্র (লেসেথো সম্পূর্ণভাবে দক্ষিণ আফ্রিকা দ্বারা পরিবেষ্টিত)। দক্ষিণ আফ্রিকায় রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা প্রচলিত। দক্ষিণ আফ্রিকা আটলান্টিক এবং ভারত উভয় মহাসাগরের উপকূলে অবস্থিত। The Cape of Good Hope বা উত্তরামাশা অন্তরীপ দক্ষিণ আফ্রিকার আটলান্টিক সমুদ্রতীরবর্তী একটি প্রসিদ্ধ স্থান।

- আফ্রিকা মহাদেশের একমাত্র শিল্পোন্নত দেশ দক্ষিণ আফ্রিকা
- **East London** দক্ষিণ আফ্রিকার বিখ্যাত সমুদ্র বন্দর।
- দক্ষিণ আফ্রিকায় পৃথিবীর বিখ্যাত স্বর্ণ খনি "জোহান্সবার্গ" অবস্থিত।
- দক্ষিণ আফ্রিকায় পৃথিবীর বিখ্যাত হীরক খনি 'কিম্বার্লি' অবস্থিত।
- **১৯৪৮** সালে দক্ষিণ আফ্রিকায় প্রথম 'বর্ণবাদী নীতি' চালু হয়।

এই নীতির আওতায় দক্ষিণ আফ্রিকার জনগণকে শ্বেতাঙ্গ, কৃষ্ণাঙ্গ, রঙিন, ভারতীয় এই চার ভাগে ভাগ করা হয়। এই নীতির মাধ্যমে দক্ষিণ আফ্রিকার কৃষ্ণাঙ্গদের অধিকার হরণ করে সংখ্যালঘু শ্বেতাঙ্গরা শাসন ক্ষমতা কুক্ষিগত করে। ১৯৯৪ সালে দক্ষিণ আফ্রিকায় বর্ণবাদের অবসান হয় ফলে দক্ষিণ আফ্রিকায় ৩৪২ বছরের (১৬৫২-১৯৯৪খ্রি:) শ্বেতাঙ্গ শাসনেরও অবসান হয়। এরপর ক্ষমতায় আসেন নেলসন ম্যান্ডেলা।

আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস

আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস দক্ষিণ আফ্রিকার একটি ঐতিহ্যবাহী বামপন্থী রাজনৈতিক দল। ১৯১২ সালের ৮ জানুয়ারি এটি প্রতিষ্ঠিত হয়। ১৯৬১ সালে ম্যান্ডেলা ANC এর সশস্ত্র শাখা গঠন করেন।

সুদান

'দারফুর' সুদানের পশ্চিমাঞ্চলে অবস্থিত একটি স্বায়ত্তশাসিত অঞ্চল। ২০০৩ সাল থেকে যুদ্ধের কারণে অঞ্চলটিতে চরম মানবিক বিপর্যয় বিদ্যমান। ২০০৩ সালে এখানে সুদান লিবারেশন আর্মি (SLA) এবং জাস্টিস এন্ড ইকুয়ালিটি মুভমেন্ট (JEM) সুদান সরকারের বিরুদ্ধে অস্ত্রধারণ করে। অ্যাবেই সুদান ও দক্ষিণ সুদানের সীমান্তবর্তী বিরোধপূর্ণ অঞ্চল।

দক্ষিণ সুদান

- বিশ্বের নবীনতম রাষ্ট্র দক্ষিণ সুদান ২০১১ সালের ৯ জুলাই আত্মপ্রকাশ করে।
- পূর্ব আফ্রিকা মহাদেশের রুটির বুড়ি বলা হয়- দক্ষিণ সুদানকে।

মিশর

- ১৮২২ সালে ব্রিটিশ সেনারা মিশর দখল করে নেওয়ার পর প্রায় ৪০ বছর দেশটি ব্রিটিশ উপনিবেশ ছিল।
- ১৯২২ সালে মিশর রাজতন্ত্র হিসেবে স্বাধীনতা অর্জন করে।
- মিশরের বিখ্যাত প্রেসিডেন্ট গামাল আবেল নাসেরকে আরব জাতীয়তাবাদের জনক বলা হয়।
- মিশরের বর্তমান প্রেসিডেন্ট জেনারেল আবেল ফাতাহ আল সিসি।

মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান



উত্তর আমেরিকা মহাদেশ

Key Points

- ✦ ১৪৯২ সালে ইতালির নাবিক ক্রিস্টোফার কলম্বাস আটলান্টিক মহাসাগরের পশ্চিম উপকূলে আমেরিকা মহাদেশ আবিষ্কার করেন।
- ✦ ইতালিয়ান নাবিক আমেরিগো ভেসপুচির নামানুসারে মহাদেশটির নামকরণ করা হয়।
- ✦ আমেরিকা মহাদেশকে ইউরোপ ও আফ্রিকা মহাদেশ হতে পৃথক করেছে আটলান্টিক মহাসাগর।
- ✦ আয়তনে পৃথিবীর ৩য় বৃহত্তম মহাদেশ।
- ✦ উত্তর আমেরিকা থেকে দক্ষিণ আমেরিকা পৃথক করেছে- পানামা খাল।



উত্তর আমেরিকার বিভিন্ন অঞ্চল

উত্তর আমেরিকা	■ মার্কিন যুক্তরাষ্ট্র ■ কানাডা ■ মেক্সিকো
মধ্য আমেরিকা (৭টি দেশ)	■ এল সালভাদর ■ কোস্টারিকা ■ হন্ডুরাস ■ বেলিজ ■ গুয়েতেমালা ■ নিকারাগুয়া ■ পানামা
ক্যারিবীয়ান অঞ্চল/ পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ (১৩টি দেশ)	■ বাহামা দ্বীপপুঞ্জ ■ বারব্যাডোস ■ গ্রানাডা ■ কিউবা ■ ডোমিনিকা ■ জ্যামাইকা ■ হাইতি ■ ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো ■ ডোমিনিকান প্রজাতন্ত্র ■ এন্টিগুয়া ও বারমুডা ■ সেন্ট লুসিয়া ■ সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্যা গ্রানাডাইন্স ■ সেন্ট কিটস অ্যান্ড নেভিস



উত্তর আমেরিকার বিভিন্ন দেশের রাজধানী ও মুদ্রা

দেশ	রাজধানী	মুদ্রা	দেশ	রাজধানী	মুদ্রা
হাইতি	পোর্ট অব প্রিন্স	গুর্দে	গ্রানাডা	সেন্ট জর্জেস	ডলার
কিউবা	হাবানা	পেসো	জ্যামাইকা	কিংস্টন	ডলার
ডোমিনিকান প্রজাতন্ত্র	সেন্টো ডোমিনিগো	পেসো	সেন্ট কিটস ও নেভিস	বাসোতোর	ডলার
ডোমিনিকা	রোজাও	ডলার	সেন্ট লুসিয়া	কাসট্রিজ	ডলার
এন্টিগুয়া ও বারমুডা	সেন্ট জনস	ডলার	সেন্ট ভিনসেন্ট এন্ড দ্যা গ্রানাডাইন্স	কিংসটাউন	ডলার
বাহামা	নাসাউ	ডলার	ত্রিনিদাদ ও টোবাগো	পোর্ট অব স্পেন	ডলার
কানাডা	অটোয়া	ডলার	যুক্তরাষ্ট্র	ওয়াশিংটন ডিসি	ডলার
মেক্সিকো	মেক্সিকো সিটি	পেসো	কোস্টারিকা	স্যানজোসে	কোলন
বেলিজ	বেলমোপান	ডলার	এল সালভাদর	সান সালভাদর	ডলার
পানামা	পানামাসিটি	বেলবো	হন্ডুরাস	তেগুসিগালপা	ল্যাম্পিরা
গুয়েতেমালা	গুয়েতেমালা সিটি	কোয়েটজাল	নিকারাগুয়া	ম্যানাগুয়া	কডোবা

উত্তর আমেরিকার গুরুত্বপূর্ণ দেশসমূহের আলোচনা

যুক্তরাষ্ট্র

ব্রিটেনের বণিক সম্প্রদায় যুক্তরাষ্ট্রের ১৩টি অঙ্গরাজ্যে উপনিবেশ গড়ে তুলেছিল। ১৭৭৩ সালে ব্রিটিশ পার্লামেন্টে 'চা আইন' (Tea Act) পাস হয়। এর প্রতিবাদ স্বরূপ ১৭৭৩ সালের ১৬ ডিসেম্বর 'বোস্টন চা পার্টি' অনুষ্ঠিত হয়। 'বোস্টন চা পার্টি' যুক্তরাষ্ট্রের স্বাধীনতা সংগ্রামের ইতিহাসে এক মাইলফলক। ৪ জুলাই, ১৭৭৬ ব্রিটিশ শাসনাধীন যুক্তরাষ্ট্রের ১৩টি রাজ্যের প্রতিনিধিরা স্বাধীনতা ঘোষণা করে। এজন্য ৪ জুলাই যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবস হিসাবে পালিত হয়। স্বাধীনতা যুদ্ধে ফ্রান্স প্রত্যক্ষভাবে যুক্তরাষ্ট্রকে সাহায্য করে।



হোয়াইট হাউজ

মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান



পেন্টাগন

পেন্টাগন মার্কিন প্রতিরক্ষা বিভাগের সদর দপ্তর। এটি যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়া অঙ্গরাজ্যের ওয়েলিংটনে অবস্থিত। এটি বিশ্বের সবচেয়ে বড় অফিস ভবন।

- স্বাধীনতার ঘোষক-জর্জ ওয়াশিংটন।
- স্বাধীনতা চুক্তি-প্রথম ভার্সাই চুক্তি (১৭৮৩)।
- স্বাধীনতা যুদ্ধে ব্রিটিশ সৈন্যের নেতৃত্ব দেন-লর্ড কর্নওয়ালিস।
- পৃথিবীর প্রথম লিখিত সংবিধান যুক্তরাষ্ট্রের।
- প্রেসিডেন্টের বাসভবন হোয়াইট হাউজ।
- পররাষ্ট্রমন্ত্রীকে বলা হয়- সেক্রেটারি অব স্টেট।
- প্রেসিডেন্টের কার্যালয়-ওভাল অফিস।
- অর্থমন্ত্রীকে বলা হয়- সেক্রেটারি অব ট্রেজারি।
- মার্কিন-যুক্তরাষ্ট্রের মোট অঙ্গরাজ্য-৫০টি। সর্বশেষ হাওয়াই দ্বীপপুঞ্জ।
- মার্কিন ডলার রিজার্ভ মুদ্রা হয়-১৯৪৪ সালে।
- আয়তনে মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় অঙ্গরাজ্য- আলাস্কা। ১৮৬৭ সালে যুক্তরাষ্ট্র এটি রাশিয়ার নিকট থেকে ক্রয় করে।
- আয়তনে মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে ক্ষুদ্র অঙ্গরাজ্য- রোডস আইল্যান্ডস।
- জনসংখ্যায় মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে বৃহত্তম অঙ্গরাজ্য- ক্যালিফোর্নিয়া।
- জনসংখ্যায় মার্কিন যুক্তরাষ্ট্রের সবচেয়ে ক্ষুদ্রতম অঙ্গরাজ্য- ওয়াইওমিং।
- যুক্তরাষ্ট্রের দ্বিকক্ষবিশিষ্ট আইন সভার নাম-কংগ্রেস, উচ্চকক্ষ-সিনেট ও নিম্নকক্ষ-হাউজ অব রিপ্রেজেন্টেটিভস।
- প্রতিটি অঙ্গরাজ্য থেকে ২ জন করে মোট সিনেটর-১০০ জন। মেয়াদ-৬ বছর।
- যুক্তরাষ্ট্রের নির্বাচনে ইলেক্টোরাল ভোট-৫৩৮। প্রেসিডেন্ট হতে ২৭০টি ইলেক্টোরাল ভোট লাগে।
- স্ট্যাচু অব লিবার্টি-নিউইয়র্কের ম্যানহাটনে অবস্থিত (স্বাধীনতার শতবর্ষ উপলক্ষে ১৮৮৬ সালে ফ্রান্স যুক্তরাষ্ট্রকে ভাষ্যটি উপহার দেয়)

ক্যালিফোর্নিয়া	<ul style="list-style-type: none"> • ক্যালিফোর্নিয়া যুক্তরাষ্ট্রের স্বাধীনতাকামী অঞ্চল। • ক্যালিফোর্নিয়া রাজ্যে সবচেয়ে বেশি ৫৪টি ইলেক্টোরাল কলেজ ভোট রয়েছে। • Google, Apple, Facebook এর সদরদপ্তর ক্যালিফোর্নিয়া অবস্থিত। • ক্যালিফোর্নিয়াকে সিলিকন ভ্যালী বলা হয়।
-----------------	---

গুরুত্বপূর্ণ মার্কিন প্রেসিডেন্ট

জর্জ-ওয়াশিংটন	<ul style="list-style-type: none"> • প্রথম মার্কিন প্রেসিডেন্ট। • যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধের সর্বাধিনায়ক ছিলেন। • হোয়াইট হাউজে বসবাস করেননি। 	
আব্রাহাম লিংকন	<ul style="list-style-type: none"> • যুক্তরাষ্ট্রের ১৬তম প্রেসিডেন্ট। • ১৮৬৩ সালে দাস প্রথা বিলোপ করেন। • ১৮৬৫ সালে গৃহযুদ্ধ বন্ধ করেন। • গৃহযুদ্ধ শেষ হওয়ার ৫ দিন পর মারা যান। • গেটিসবার্গ ভাষণের জন্য বিখ্যাত। এই ভাষণের দৈর্ঘ্য প্রায় ২ মিনিট। • বিখ্যাত উক্তি: <ul style="list-style-type: none"> ▪ "Democracy is a government of the people by the people and for the people." ▪ "The ballot is stronger than bullet." 	

মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান



উদ্রো উইলসন	<ul style="list-style-type: none"> যুক্তরাষ্ট্রের ২৮তম প্রেসিডেন্ট। লিগ অব ন্যাশনস এর প্রতিষ্ঠাতা। প্রথম বিশ্বযুদ্ধের সময় মার্কিন প্রেসিডেন্ট ছিলেন। ১৯১৯ সালে শান্তিতে নোবেল লাভ করেন। বিখ্যাত বই-New Freedom. 	
ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট	<ul style="list-style-type: none"> ৩২তম মার্কিন প্রেসিডেন্ট। পরপর চারবার প্রেসিডেন্ট নির্বাচিত হন। (১৯৩৩ থেকে ১৯৪৫ মোট ১২ বছর) ১ জানুয়ারি ১৯৪২ সালে ওয়াশিংটন সম্মেলনে জাতিসংঘের নামকরণ করেন। উল্লেখযোগ্য ঘটনা: <ul style="list-style-type: none"> ১৯২৯ সালে যুক্তরাষ্ট্রের বাজারে ধসের মাধ্যমে বিশ্বব্যাপী চরম অর্থনৈতিক মন্দা (Great Depression) শুরু হয়। ১৯৩৩ সালে এই মন্দা কাটিয়ে ওঠার জন্য 'নিউ ডিল' ব্যবস্থা প্রবর্তন করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় মার্কিন প্রেসিডেন্ট ছিলেন 	
হারি এস ট্রুম্যান	<ul style="list-style-type: none"> ৩৩তম মার্কিন প্রেসিডেন্ট। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপানের হিরোশিমা ও নাগাসাকিতে পারমাণবিক বোমা ফেলার নির্দেশ দিয়েছিলেন। কমিউনিজম প্রতিরোধে ১৯৪৭ সালে "ট্রুম্যান ডকট্রিন" নামে একটি নীতি প্রকাশ করেন। 	
জন এফ কেনেডি	<ul style="list-style-type: none"> ৩৫তম মার্কিন প্রেসিডেন্ট। উল্লেখযোগ্য ঘটনা: ১৯৬২ সালের "কিউবার ক্ষেপণাস্ত্র সংকট"। 	
রিচার্ড নিক্সন	<ul style="list-style-type: none"> বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন মার্কিন প্রেসিডেন্ট একমাত্র মার্কিন প্রেসিডেন্ট যিনি পদত্যাগ করেছিলেন। উল্লেখযোগ্য ঘটনা: ১৯৭২ সালের ওয়াটারগেট কেলেঙ্কারী। 	
বিল ক্লিনটন	<ul style="list-style-type: none"> উল্লেখযোগ্য ঘটনা: ১৯৯৫ সালের ২১ নভেম্বর তার মধ্যস্থতায় ডেটন চুক্তি স্বাক্ষরিত হয় এবং বসনিয়া সংকটের অবসান হয়। বিল ক্লিনটন বাংলাদেশে আসেন-২০০০ সালে। 	
বারাক ওবামা	<ul style="list-style-type: none"> ৪৪তম মার্কিন প্রেসিডেন্ট। কেনিয়া বংশোদ্ভূত মার্কিন প্রেসিডেন্ট (১ম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট) ২০০৯ সালে 'গুয়ানতানামো বে' কারাগার বন্ধ করেন। ২০০৯ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। তার বিখ্যাত গ্রন্থ-'Dreams from my father', Audacity of Hope, A promise land. 	

মহাদেশ, দেশ ও অঞ্চল পরিচিতি

সাধারণ জ্ঞান



জো বাইডেন	<ul style="list-style-type: none"> ৪৬তম মার্কিন প্রেসিডেন্ট। প্রেসিডেন্ট বারাক ওবামার সময়ে ৪৭তম ডাইস প্রেসিডেন্ট ছিলেন। প্যারিস জলবায়ু চুক্তিতে আমেরিকাকে ফিরিয়ে আনেন। ২০২১ সালে আফগানিস্তান থেকে মার্কিন সৈন্য প্রত্যাহার করেন। ২০ বছরের দীর্ঘ যুদ্ধের অবসান ঘটে। তার বিখ্যাত গ্রন্থ- 'Promise me Dad', Promises to keep'. 	
ডোনাল্ড ট্রাম্প	<ul style="list-style-type: none"> ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রের ৪৫তম ও ৪৭তম প্রেসিডেন্ট। পরপর তিনটি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে প্রথম এবং তৃতীয় দফায় জয়লাভ করা দ্বিতীয় ব্যক্তি ডোনাল্ড ট্রাম্প। এছাড়া দুইবার অভিযুক্ত হয়েও প্রথম পুনর্নির্বাচিত প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ট্রাম্পই যুক্তরাষ্ট্রের ইতিহাসে প্রথম প্রেসিডেন্ট, যিনি ফৌজদারি অপরাধে দণ্ডিত হন। যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচেয়ে বয়স্ক প্রেসিডেন্ট। 	

শান্তিতে নোবেল প্রাপ্ত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টগণ:

- খিওডোর রুজভেল্ট (২৬তম)
- উদ্রো উইলসন (২৮তম)
- জিমি কার্টার (৩৯তম)
- বারাক ওমাবা (৪৪তম)

বিবিধ আমেরিকা	
শান্তি সেতু	শান্তি সেতু যুক্তরাষ্ট্র এবং কানাডা সীমানায় নায়াগ্রা নদীর উপর নির্মিত একটি আন্তর্জাতিক সেতু।
ডিজনিয়াল্ড	যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া রাজ্যে অবস্থিত একটি বিখ্যাত পার্ক।
সিলিকন ভ্যালি	যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের অন্তর্গত সানফ্রান্সিসকোর দক্ষিণাংশে বহু সিলিকন চিপ উদ্ভাবক ও নির্মাতা প্রতিষ্ঠান রয়েছে। এ অঞ্চলকে সিলিকন ভ্যালি বলে।
বিগ ওয়ান	ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে বড় ধরনের ভূমিকম্প।
মৃত্যু উপত্যকা	উত্তর আমেরিকার পূর্ব ক্যালিফোর্নিয়ায় অবস্থিত নিম্নতম, শুষ্কতম এবং উত্তপ্ত অঞ্চল।

দক্ষিণ আমেরিকা মহাদেশ

Key Points	
◆ এটি পৃথিবীর চতুর্থ বৃহত্তম মহাদেশ।	
◆ এই মহাদেশে ১২টি রাষ্ট্র রয়েছে যার ১০টি রাষ্ট্র ল্যাটিন।	
◆ আমেরিকা মহাদেশকে এশিয়া মহাদেশ হতে পৃথক করেছে প্রশান্ত মহাসাগর।	
◆ অধিকাংশ দেশের জাতীয় ভাষা 'ল্যাটিন'।	
◆ ফুটবলের 'উর্বর ভূমি' বলা হয়- দক্ষিণ আমেরিকা মহাদেশকে।	
◆ দক্ষিণ আমেরিকার OIC ভুক্ত দেশ- ২টি (সুরিনাম ও গায়ানা)	
◆ পৃথিবীর সর্বাপেক্ষা সরু রাষ্ট্র চিলি দক্ষিণ আমেরিকা মহাদেশে অবস্থিত।	
◆ দক্ষিণ আমেরিকার একমাত্র কমনওয়েলথভুক্ত দেশ- গায়ানা।	
◆ পৃথিবীর ফুসফুস বলা হয়- ব্রাজিলের আমাজন বনকে। এটি ৯টি দেশ জুড়ে অবস্থিত (৬০% ব্রাজিলে রয়েছে)।	

দক্ষিণ আমেরিকা (১২টি দেশ)	<ul style="list-style-type: none"> আর্জেন্টিনা ভেনিজুয়েলা প্যারাগুয়ে সুরিনাম উরুগুয়ে ইকুয়েডর গায়ানা বলিভিয়া কলম্বিয়া চিলি ব্রাজিল পেরু
------------------------------	---



দক্ষিণ আমেরিকার বিভিন্ন দেশের রাজধানী ও মুদ্রা					
দেশ	রাজধানী	মুদ্রা	দেশ	রাজধানী	মুদ্রা
ব্রাজিল	ব্রাসিলিয়া	রিয়েল	পেরু	লিমা	ইন্টি
সুরিনাম	প্যারামারিবো	গিল্ডার	উরুগুয়ে	মন্টিভিডিও	পেসো
গায়ানা	জর্জ টাউন	ডলার	প্যারাগুয়ে	আসানসিওন	গুয়ারানি
আর্জেন্টিনা	বুয়েন্স আয়ার্স	পেসো	ইকুয়েডর	কিটো	সুক্রো
কলম্বিয়া	বোগোতা	পেসো	ভেনিজুয়েলা	কারাকাস	বলিভার
বলিভিয়া	লাপাজ (সাংবিধানিক-সূত্রে)	বলিভিয়ানো	চিলি	সান্তিয়াগো	পেসো

দক্ষিণ আমেরিকার গুরুত্বপূর্ণ দেশসমূহের আলোচনা

ব্রাজিল

ব্রাজিল দক্ষিণ আমেরিকার সর্ববৃহৎ রাষ্ট্র এবং এটি জনসংখ্যা ও ভৌগোলিক আয়তনের বিশেষ ৫ম বৃহত্তম রাষ্ট্র। ব্রাজিলের রাজধানী ব্রাসিলিয়া এবং বৃহত্তম নগরী সাও পাওলো। ব্রাজিলে ফেডারেল রাষ্ট্রপতি ব্যবস্থা এবং সাংবিধানিক প্রজাতন্ত্র বিদ্যমান।

আর্জেন্টিনা

আর্জেন্টিনা দক্ষিণ আমেরিকার দ্বিতীয় বৃহত্তম রাষ্ট্র এবং বিশ্বের ৮ম বৃহত্তম রাষ্ট্র। আর্জেন্টিনার বিখ্যাত দ্বীপ ফকল্যান্ড (স্থানীয়ভাবে মালভিনাস নামে পরিচিত) নিয়ে আর্জেন্টিনা এবং ব্রিটেনের মধ্যে ১৯৮২ সালে ফকল্যান্ড যুদ্ধ সংগঠিত হয়েছিল।

ওশেনিয়া মহাদেশ

Key Points

- ◆ এই মহাদেশের অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ডকে ডাউন আন্ডার বলা হয়।
- ◆ দ্বীপ মহাদেশ বলা হয়।
- ◆ 'অস্ট্রেলিয়া' শব্দের অর্থ এশিয়ার দক্ষিণাঞ্চল।
- ◆ পৃথিবীর ক্ষুদ্রতম মহাদেশ।



সামগ্রিকভাবে দক্ষিণ প্রশান্ত মহাসাগরের সব দ্বীপ Oceania (ওশেনিয়া) নামে পরিচিত। এই মহাদেশে মোট দেশের সংখ্যা ১৪ টি।

ওশেনিয়ার বিভিন্ন অঞ্চল

মেলানেশিয়া	মেলানেশিয়া অর্থ 'কৃষ্ণদ্বীপ'। নিরক্ষরেখার দক্ষিণে অস্ট্রেলিয়ার উত্তর-পূর্ব দিকের দ্বীপ সমূহকে একসাথে বলা হয় মেলানেশিয়া। স্বাধীন দেশ চারটি- ■ সলোমন দ্বীপপুঞ্জ ■ ভানুয়াতু ■ পাপুয়া নিউগিনি ■ ফিজি এছাড়া এ অঞ্চলে উল্লেখযোগ্য দ্বীপসমূহ হলো- ■ নিউ ক্যালিডোনিয়া ■ সান্তাক্রুজ ■ বিসমার্ক দ্বীপপুঞ্জ
মাইক্রোনেশিয়া	মাইক্রোনেশিয়া অর্থ ক্ষুদ্র দ্বীপ। এ অঞ্চলের স্বাধীন দেশ ৫টি: ■ মাইক্রোনেশিয়া ■ কিরিবাতি ■ পলাউ ■ মার্শাল দ্বীপপুঞ্জ ■ নাইরু
পলিনেশিয়া	পলিনেশিয়া অর্থ অনেক দ্বীপ। এ অঞ্চলের স্বাধীন দেশ ৩টি: ■ টোঙ্গা ■ টুভালু ■ সামোয়া



ওশেনিয়ার বিভিন্ন দেশের রাজধানী ও মুদ্রা					
দেশ	রাজধানী	মুদ্রা	দেশ	রাজধানী	মুদ্রা
অস্ট্রেলিয়া	ক্যানবেরা	ডলার	নিউজিল্যান্ড	ওয়েলিংটন	ডলার
সলোমন দ্বীপপুঞ্জ	হনিয়ারা	ডলার	টোঙ্গা	নুকুয়ালোপা	পঙ্গো
ফিজি	সুভা	ডলার	নাউরু	নাউরু	ডলার
ভানুয়াতু	পোর্টভিলা	ভাতু	কিরিবাতি	দক্ষিণ তারাওয়া	ডলার
পাপুয়া নিউগিনি	পোর্ট মোর্সবি	কিনা	পালাউ	মেলিকিওক	ডলার
টুভালু	ফুনাফুটি	ডলার	সামোয়া	আপিয়া	ডলার

ওশেনিয়ার গুরুত্বপূর্ণ দেশসমূহের আলোচনা

অস্ট্রেলিয়া

‘অস্ট্রেলিয়া’ একটি ল্যাটিন শব্দ- যার অর্থ এশিয়ার দক্ষিণাঞ্চল। অস্ট্রেলিয়া এশিয়া মহাদেশের দক্ষিণে অবস্থিত দক্ষিণ গোলার্ধের একটি দেশ।

- ✦ মকরক্রান্তি রেখা অস্ট্রেলিয়ার মধ্যভাগ দিয়ে অতিক্রম করেছে।
- ✦ দ্যা হেট ভিক্টোরিয়া ওশেনিয়া মহাদেশের বৃহত্তম মরুভূমি। এটি অস্ট্রেলিয়ায় অবস্থিত।
- ✦ স্বাধীনতার আগে পাপুয়া নিউগিনি অস্ট্রেলিয়ার অধীনে ছিল।

হেট ব্যারিয়ার রিফ

হেট ব্যারিয়ার রিফ পৃথিবীর সর্ববৃহৎ প্রবাল প্রাচীর। ২০০০ কিমি. দীর্ঘ এই প্রবাল প্রাচীর। (কুইন্স ল্যান্ড, অস্ট্রেলিয়া)

অস্ট্রেলিয়ার উত্তর-পূর্বে প্রশান্ত মহাসাগরে অবস্থিত। এটি ইউনেস্কো কর্তৃক ঘোষিত একটি বিশ্ব ঐতিহ্য স্থান।


নিউজিল্যান্ড

- দক্ষিণ-পশ্চিম প্রশান্ত মহাসাগরের ওশেনিয়া অঞ্চলে অবস্থিত একটি দ্বীপ রাষ্ট্র।
- এটি অস্ট্রেলিয়া থেকে ২০০০ কি.মি. দূরত্বে অবস্থিত।
- দেশটির আয়তন ও জনসংখ্যার দিক থেকে বৃহত্তম শহর অকল্যান্ড।
- নিউজিল্যান্ডের আদি অধিবাসীরা মাওরি নামে পরিচিত।

এন্টার্কটিকা মহাদেশ

Key Points

- ✦ মানব বসতিহীন বরফাচ্ছন্ন মহাদেশ।
- ✦ পৃথিবীর মোট জমাটবদ্ধ বরফের ৯০% এন্টার্কটিকা মহাদেশে রয়েছে।
- ✦ এখানকার প্রধান বৈশিষ্ট্য তুষারমণ্ডিত।
- ✦ এন্টার্কটিকার প্রধান খনিজ দ্রব্য কয়লা।
- ✦ জনবসতিহীন মহাদেশ বলা হয়।
- ✦ উচ্চতম মহাদেশ বলা হয়।
- ✦ শীতলতম মহাদেশ।
- ✦ বৃষ্টিহীন ও গাছহীন মহাদেশ।



এক তজ্ঞরে...

০১. আয়তন ও জনসংখ্যায় পৃথিবীর ক্ষুদ্রতম দেশ-
☒ ভ্যাটিকান সিটি।
০২. পৃথিবীর প্রাচীনতম দেশ-
☒ সানম্যারিনো।

০৩. পৃথিবীর প্রাচীনতম সভ্যতা-
☒ মেসোপটেমিয়া সভ্যতা।
০৪. পৃথিবীর বিগ অ্যাপল নামে খ্যাত-
☒ নিউইয়র্ক (আয়তনে পৃথিবীর বৃহত্তম শহর)।



০৫. আয়তন ও জনসংখ্যায় এশিয়ার ছোট দেশ কোনটি?
☒ মালদ্বীপ
০৬. এশিয়া তথা পৃথিবীর বৃহত্তম পর্বতমালার নাম কি?
☒ হিমালয়।
০৭. কোন মহাদেশকে অন্ধকারাচ্ছন্ন মহাদেশ বলা হয়?
☒ আফ্রিকা।
০৮. মালভূমির মহাদেশ বলা হয়-
☒ আফ্রিকা।
০৯. কোন মহাদেশকে পৃথিবীর বৃহদাকার চিড়িয়াখানা বলা হতো?
☒ আফ্রিকা।
১০. আফ্রিকার বৃহত্তম মরুভূমির নাম কি?
☒ সাহারা।
১১. আফ্রিকার মুক্তভূমি ও মরুভূমি বলা হয় কোন দেশকে?
☒ লাইবেরিয়া।
১২. উত্তর আমেরিকা থেকে দক্ষিণ আমেরিকাকে পৃথক করেছে কোন খাল?
☒ পানামা খাল।
১৩. শীতলতম ও জনবসতিহীন মহাদেশ বলা হয়-
☒ এন্টার্কটিকাকে।
১৪. কোন মহাদেশকে কেন্দ্র করে দুটি বিশ্বযুদ্ধ সংঘটিত হয়?
☒ ইউরোপ।
১৫. ইউরোপের প্রবেশদ্বার -
☒ ভিয়েনা, অস্ট্রিয়া।
১৬. আফগানিস্তানের রাজধানীর নাম কি?
☒ কাবুল।
১৭. উত্তর কোরিয়ার রাজধানীর নাম কি?
☒ পিয়ংইয়ং।
১৮. প্যালেস্টাইন এর রাজধানী-
☒ জেরুজালেম।
১৯. ফিনল্যান্ডের রাজধানীর নাম কি?
☒ হেলসিংকি।
২০. কোপেনহেগেন কোন দেশের রাজধানী?
☒ ডেনমার্ক।
২১. মিনস্ক কোন দেশের রাজধানী?
☒ বেলারুশ।
২২. মোগাদিসু কোন দেশের রাজধানী?
☒ সোমালিয়া।
২৩. নাসাউ কোন দ্বীপপুঞ্জের রাজধানী?
☒ বাহামা।
২৪. বিশ্বের সবচেয়ে বড় সংবিধান কোন দেশে?
☒ ভারত।
২৫. ভারতের সবচেয়ে প্রাচীন রাজনৈতিক দল কোনটি?
☒ ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস।
২৬. বাংলাদেশ ও নেপালকে পৃথক করেছে কোন করিডোর?
☒ শিলিগুড়ি করিডোর।

২৭. দক্ষিণ এশিয়ার বৃহত্তম স্থলবেষ্টিত রাষ্ট্র কোনটি?
☒ আফগানিস্তান।
২৮. এশিয়া মহাদেশে কোন দেশের নিজস্ব কোন সেনাবাহিনী নেই?
☒ মালদ্বীপ।
২৯. দক্ষিণ এশিয়ার একমাত্র বৌদ্ধ রাষ্ট্রের নাম কি?
☒ শ্রীলঙ্কা।
৩০. মিয়ানমার 'অপারেশন ড্রাগন কিং' রোহিঙ্গাদের ওপর পরিচালনা করেন কত সালে?
☒ ১৯৭৮।
৩১. মিয়ানমারের রোহিঙ্গারা নাগরিকত্ব হারায় কত সালে?
☒ ১৯৮২।
৩২. জনসংখ্যায় মুসলিম বিশ্বের বৃহত্তম দেশ কোনটি?
☒ ইন্দোনেশিয়া।
৩৩. দক্ষিণ এশিয়ার একমাত্র খ্রিস্টান রাষ্ট্রের নাম কি?
☒ ফিলিপাইন।
৩৪. কোন দেশের সংবিধানকে শান্তিসংবিধান বলা হয়?
☒ জাপান।
৩৫. উইঘুর কি?
☒ চীনের একটি মুসলিম সম্প্রদায়।
৩৬. ইরানের বিখ্যাত দার্শনিকের নাম কি?
☒ জালাল উদ্দিন রুমি।
৩৭. Wailing Wall অবস্থিত কোন দেশে?
☒ ফিলিস্তিন।
৩৮. ফিলিস্তিনকে স্বীকৃতি দানকারী প্রথম দেশ-
☒ আলজেরিয়া (১৯৮৮)।
৩৯. কতসালে ইউনেস্কো ফিলিস্তিনকে স্বীকৃতি দেয়?
☒ ২০১১ সালে (১৯৫তম সদস্য হিসেবে)।
৪০. মধ্যপ্রাচ্যের একমাত্র ইহুদি রাষ্ট্র কোনটি?
☒ ইসরায়েল।
৪১. মধ্যপ্রাচ্যের ক্যাপার বলা হয় কোন দেশকে?
☒ ইসরায়েল।
৪২. কোন দেশ প্রথম ইসরায়েলকে স্বীকৃতি দেন?
☒ যুক্তরাষ্ট্র (১৯৪৮ সালে)।
৪৩. ইসরায়েলকে স্বীকৃতি দানকারী প্রথম মুসলিম রাষ্ট্র কোনটি?
☒ তুরস্ক।
৪৪. এশিয়ার একমাত্র ন্যাটোভুক্ত দেশ কোনটি?
☒ তুরস্ক।
৪৫. কোন দেশের ডাকটিকিটে সেই দেশের নাম লেখা নেই?
☒ যুক্তরাজ্য।
৪৬. কোন দেশের লিখিত সংবিধান নেই?
☒ যুক্তরাজ্য।
৪৭. ব্রিটেনের রাষ্ট্রপ্রধান-
☒ রাজা বা রানি।
৪৮. ব্রিটেনের সরকার প্রধান-
☒ প্রধানমন্ত্রী।



৪৯. ফরাসি বিপ্লবের শিশু বলা হয় কাকে?
☒ নেপোলিয়ন বোনাপার্ট।
৫০. পৃথিবীর বৃহত্তম বইমেলা অনুষ্ঠিত হয় কোথায়?
☒ জার্মানির ফ্রাঙ্কফুট শহরে।
৫১. Renaissance Man বলা হয় কাকে?
☒ লিওনার্দো দ্য ভিঞ্চি ও মাইকেল অ্যাঞ্জেলোকে।
৫২. দক্ষিণ আফ্রিকায় প্রথম বর্ণবাদী নীতি চালু হয় কতো সালে?
☒ ১৯৪৮ সালে।
৫৩. পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জে স্বাধীন রাষ্ট্রের সংখ্যা কতটি?
☒ ১৩ টি।
৫৪. কত সালে ক্রিস্টোফার কলম্বাস আমেরিকা আবিষ্কার করেন?
☒ ১৪৯২ সালে।
৫৫. যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবস কবে?
☒ ৪ জুলাই।
৫৬. মার্কিন যুক্তরাষ্ট্রের মোট অঙ্গরাজ্য কতটি?
☒ ৫০ টি।
৫৭. যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের বাসভবনের নাম কি?
☒ হোয়াইট হাউজ।

৫৮. যুক্তরাষ্ট্রের স্বাধীনতা যুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন?
☒ জর্জ ওয়াশিংটন।
৫৯. যুক্তরাষ্ট্রের কোন রাষ্ট্রপতি গোটসবার্গ ভাষনের জন্য বিখ্যাত?
☒ আব্রাহাম লিংকন।
৬০. লিগ অব ন্যাশনস এর প্রতিষ্ঠাতা-
☒ উড্রো উইলসন।
৬১. জাতিসংঘ প্রতিষ্ঠায় কোন মার্কিন প্রেসিডেন্ট উল্লেখযোগ্য ভূমিকা রাখেন?
☒ ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট।
৬২. প্রথম কৃষ্ণাঙ্গ মার্কিন প্রেসিডেন্ট কে ছিলেন?
☒ বারাক ওবামা।
৬৩. কোন মার্কিন প্রেসিডেন্ট ইতিহাসে প্রথম ফৌজদারি অপরাধে দণ্ডিত হন?
☒ ডোনাল্ড ট্রাম্প।
৬৪. ওশেনিয়া মহাদেশের মোট দেশের সংখ্যা কতটি?
☒ ১৪ টি।
৬৫. পৃথিবীর সর্ববৃহৎ প্রবাল প্রাচীর গ্রেট ব্যারিয়ার রিফ কোথায় অবস্থিত?
☒ কুইন্সল্যান্ড, অস্ট্রেলিয়া।



বিগত বছরের প্রশ্ন সমূহ

১৯ মেডিকেল এন্ড ডেন্টাল ভর্তি পরীক্ষা

০১. গাজায় সাম্প্রতিক কালের সংঘর্ষ কবে শুরু হয়? [MBBS: 2024-25]
 ক. ডিসেম্বর ২০২৩ খ. অক্টোবর ২০২৩
 গ. সেপ্টেম্বর ২০২৩ ঘ. নভেম্বর ২০২৪
০২. ফিনল্যান্ডের রাজধানীর নাম কী? [MBBS: 2014-2015; 22nd BCS]
 ক) হেলসিংকি খ) জেনেভা
 গ) মাদ্রিদ ঘ) অসলো
০৩. কোন দেশের ডাকটিকিটে সে দেশের নাম লেখা থাকে না?
 [MBBS: 2013-14]
 ক) দক্ষিণ কোরিয়া খ) যুক্তরাজ্য
 গ) যুক্তরাষ্ট্র ঘ) অস্ট্রিয়া
০৪. নিচের কোন দেশের সংবিধানে লেখা আছে 'The king can do no wrong'? [BDS: 2007-08]
 ক) যুক্তরাজ্য খ) সুইডেন
 গ) বেলজিয়াম ঘ) স্পেন
০৫. নিচের কোন দেশটি অতীতে কখনও অন্য কোন দেশের উপনিবেশে পরিণত হয় নি? [MBBS: 2005-06]
 ক) ফিলিপাইন খ) ইন্দোনেশিয়া
 গ) মালয়েশিয়া ঘ) থাইল্যান্ড
০৬. 'নাসাউ' কোন দ্বীপপুঞ্জের রাজধানী? [MBBS: 2005-06; 26th BCS]
 ক) ফিজি খ) নিকোবর
 গ) মাদাগাস্কার ঘ) বাহামা
০৭. স্বাধীনতার পূর্বে পাপুয়া নিউগিনি কোন দেশের অধীনে ছিল?
 [MBBS: 2004-05]
 ক) ব্রিটেন খ) ফ্রান্স
 গ) অস্ট্রেলিয়া ঘ) নিউজিল্যান্ড

০৮. নিচের কোনটি সঠিক নয়? [BDS: 2006-08]

- ক) আফগানিস্তানের বিমান সংস্থার নাম আরিয়ানা
 খ) ভিয়েতনামের রাজধানীর নাম নমপেন
 গ) কুয়েতের মুদ্রার নাম দিনার
 ঘ) শ্রীলঙ্কার ভাষা সিংহলি ও তামিল
০৯. আমেরিকা কবে স্বাধীনতা ঘোষণা করে? [BDS: 2004-05]
 ক) ৪ জুলাই, ১৭২৬ খ) ৭ এপ্রিল, ১৭৪৮
 গ) ৪ জুলাই, ১৭৭৬ ঘ) ৭ এপ্রিল, ১৭৮৭

১৯. বিসিএস পরীক্ষা

১০. আলেক্সো শহরটি কোন দেশে অবস্থিত? [46th BCS]
 ক) ইরান খ) ইরাক গ) জর্ডান ঘ) সিরিয়া
১১. বৈশ্বিক উন্নয়ন উদ্যোক্তা এর প্রস্তাবক হচ্ছে- [46th BCS]
 ক) চীন খ) জাপান গ) ডেনমার্ক ঘ) সুইডেন
১২. ভারত কর্তৃক সিকিম সংযুক্ত হয়- [45th BCS]
 ক) ১৯৭০ খ) ১৯৭২ গ) ১৯৭৫ ঘ) ১৯৭৭
১৩. 'বল্ট অ্যান্ড রোড' কার্যক্রম শুরু হয়- [45th BCS]
 ক) ২০০০ সাল খ) ২০০১ সাল
 গ) ২০১৩ সাল ঘ) ২০১৬ সাল
১৪. বান্দা আছে কোথায় অবস্থিত? [45th BCS]
 ক) ইন্দোনেশিয়া খ) থাইল্যান্ড
 গ) ফিলিপাইন ঘ) কম্বোডিয়া
১৫. কোন দেশটি ভেনিজুয়েলার প্রতিবেশী রাষ্ট্র নয়? [44th BCS]
 ক) গায়ানা খ) বলিভিয়া
 গ) ব্রাজিল ঘ) কলম্বিয়া
১৬. 'নেকড়েঘোড়া কুটনীতি' কোন দেশের সাথে সংশ্লিষ্ট? [44th BCS]
 ক) ভিয়েতনাম খ) উত্তর কোরিয়া
 গ) চীন ঘ) রাশিয়া
১৭. মিয়ানমারের নির্বাসিত সরকারের নাম- [44th BCS]
 ক) এনএলডি সরকার খ) ন্যাশনাল ইউনিটি সরকার
 গ) বার্মিজ গভর্নমেন্ট ইন এক্সাই ঘ) অং সান সু চি সরকার



১৮. কোন রাষ্ট্রটি বিরোধপূর্ণ দক্ষিণ চীন সাগরের জলসীমার দাবিদার নয়? [44th BCS]

- ক) মালয়েশিয়া খ) ফিলিপাইন
গ) ভিয়েতনাম ঘ) কম্বোডিয়া

১৯. চীনের জিনজিয়াং (Xinjiang) প্রদেশের মুসলিম গোষ্ঠীর নাম- [44th BCS]

- ক) তুর্কমেন খ) উইঘুর
গ) তাজিক ঘ) কাজাখ

২০. Trafalgar Square-এর অবস্থান? [43rd BCS]

- ক) রাশিয়ায় খ) ইংল্যান্ডে
গ) ফ্রান্সে ঘ) চীনে

২১. ভারতে বছরের কোন দিনটি সিভিল সার্ভিস দিবস (Civil Service Day) হিসেবে পালিত হয়? [40th BCS]

- ক) ২১ এপ্রিল খ) ২১ অক্টোবর
গ) ২৬ জানুয়ারি ঘ) ১০ মে

২২. মিনস্ক নিচের কোন দেশের রাজধানী? [40th BCS]

- ক) তাজিকিস্তান খ) আজারবাইজান
গ) পর্তুগাল ঘ) বেলারুশ

২৩. ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি কোন দেশের রাজনৈতিক দল? [39th BCS]

- ক) মালয়েশিয়া খ) মিয়ানমার
গ) ভারত ঘ) থাইল্যান্ড

২৪. যুক্তরাষ্ট্রে রপ্তানি বাণিজ্যের বৃহত্তম বাজার কোথায়? [39th BCS]

- ক) ইউইউ খ) ভারত গ) কানাডা ঘ) চীন

২৫. আধুনিক রাষ্ট্রব্যবস্থা উদ্ভাবের সময়কাল কোনটি? [39th BCS]

- ক) প্রাচীন গ্রীস সময়কাল খ) প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তীকাল
গ) ১৬০০-১৮০০ সাল ঘ) প্রাচীন রোম শাসনকাল

২৬. বিখ্যাত 'ওয়ার্ল্ড টুডে' কনসেনসাস কোন বিষয়ের সঙ্গে জড়িত? [39th BCS]

- ক) আন্তর্জাতিক অভিবাসন নীতি
খ) নয়া উদারতাবাদী অর্থনৈতিক নীতি বাস্তবায়ন
গ) অস্ত্র নিয়ন্ত্রণ
ঘ) আন্তর্জাতিক সন্ত্রাসবাদ দমন

২৭. বাইজেনটাইন সাম্রাজ্যের রাজধানী ছিল কোন নগরী? [39th BCS]

- ক) লিসবন খ) কনস্টান্টিনোপল
গ) প্যারিস ঘ) ভিয়েনা

ব্যাখ্যা: কনস্টান্টিনোপল হচ্ছে বর্তমানে তুরস্কের ইস্তাম্বুল শহর।

২৮. দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী বৃহৎ শক্তিসমূহের মাঝখানে অবস্থিত দেশকে বলা হয়- [38th BCS]

- ক) স্থলবেষ্টিত রাষ্ট্র খ) নিরপেক্ষ রাষ্ট্র
গ) বাফার রাষ্ট্র ঘ) জিরোসাম রাষ্ট্র

২৯. ভারতের সবচেয়ে প্রাচীন রাজনৈতিক দল কোনটি? [38th BCS]

- ক) ভারতীয় জনতা পার্টি খ) কম্যুনিষ্ট পার্টি
গ) ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস ঘ) বহুজন সমাজ পার্টি

৩০. মিয়ানমারে রোহিঙ্গারা তাদের নাগরিকত্ব হারায়- [38th BCS]

- ক) ১৯৬২ সনে খ) ১৯৮৬ সনে
গ) ১৯৭৮ সনে ঘ) ১৯৮২ সনে

৩১. পিং পং এর অর্থ হচ্ছে- [38th BCS]

- ক. ভলিবল খ. টেবিল টেনিস
গ. বাক্সেট বল ঘ. লন টেনিস

৩২. বেল্ট ও রোড ইনিশিয়েটিভ (বি আর আই) প্রস্তাব করেছে? [38th BCS]

- ক) চীন খ) জাপান গ) ভারত ঘ) আসিয়ান

৩৩. সংবিধান অনুযায়ী মিয়ানমার সংসদে কত শতাংশ আসন অনিবার্চিত সামরিক বাহিনীর সদস্যদের জন্য সংরক্ষিত থাকবে? [37th BCS]

- ক) ২৫% খ) ৩৫% গ) ৪৫% ঘ) ৫৫%

৩৪. ভারতের সবচেয়ে প্রাচীন রাজনৈতিক দল কোনটি? [36th BCS]

- ক) ভারতীয় জনতা পার্টি খ) কমিউনিষ্ট পার্টি
গ) ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস ঘ) বহুজন সমাজ পার্টি

৩৫. নিচের কোন রাষ্ট্র সর্বাধিক রাষ্ট্রের সাথে সীমান্তযুক্ত? [36th BCS]

- ক) ভারত খ) চীন
গ) মিয়ানমার ঘ) আফগানিস্তান

৩৬. নেপালের সর্বশেষ রাজা ছিলেন- [35th BCS]

- ক) রাজা ধীরেন্দ্র খ) রাজা বীরেন্দ্র
গ) রাজা জ্ঞানেন্দ্র ঘ) রাজা মহেন্দ্র

৩৭. কোপেন হেগেন কোন দেশের রাজধানী? [34th BCS]

- ক) ডেনমার্ক খ) বেলজিয়াম
গ) ভিয়েতনাম ঘ) আর্মেনিয়া

৩৮. স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রকে সর্বপ্রথম কোন দেশ স্বীকৃতি দান করে? [31st BCS]

- ক) ইরাক খ) ইরান
গ) সৌদি আরব ঘ) আলজেরিয়া

৩৯. ভারতীয় লোকসভার নির্বাচিত সদস্য সংখ্যা কত? [27th BCS]

- ক) ৫৪৩ খ) ৫৪৫ গ) ৪১৪ ঘ) ৫৪০

৪০. কোন দেশের মহিলারা সর্বপ্রথম ভোটাধিকার লাভ করে? [27th BCS]

- ক) মার্কিন যুক্তরাষ্ট্র খ) নিউজিল্যান্ড
গ) বাহামা ঘ) সুইজারল্যান্ড

৪১. কোনটি ভারতের সেভেন সিস্টারস রাজ্যসমূহের অন্তর্ভুক্ত নয়? [26th BCS]

- ক) কেরালা খ) ত্রিপুরা গ) মণিপুর ঘ) মিজোরাম

৪২. ব্রিটেনের রানী কোন দেশটির সাংবিধানিক রাষ্ট্রপ্রধান নন? [26th BCS]

- ক) ফিজি খ) কানাডা গ) অস্ট্রিয়া ঘ) অস্ট্রেলিয়া

৪৩. দক্ষিণ আফ্রিকা কত বছর শ্বেতাঙ্গ শাসনে ছিল? [26th BCS]

- ক) ৩০০ বছর খ) ৩৩৫ বছর
গ) ৩৪২ বছর ঘ) ৫০০ বছর

উত্তরমালা											
০১. খ	০২. ক	০৩. খ	০৪. ক	০৫. ঘ	০৬. ঘ	০৭. গ	০৮. খ	০৯. গ	১০. ঘ	১১. ক	১২. গ
১৩. গ	১৪. ক	১৫. খ	১৬. গ	১৭. খ	১৮. ঘ	১৯. খ	২০. খ	২১. ক	২২. ঘ	২৩. খ	২৪. ক
২৫. গ	২৬. খ	২৭. খ	২৮. গ	২৯. গ	৩০. ঘ	৩১. খ	৩২. ক	৩৩. ক	৩৪. গ	৩৫. খ	৩৬. গ
৩৭. ক	৩৮. ঘ	৩৯. ক	৪০. খ	৪১. ক	৪২. গ	৪৩. গ					

বিশ্বের আলোচিত ব্যক্তিত্ব

সাধারণ জ্ঞান



বিশ্বের আলোচিত ব্যক্তিত্ব

বিশ্বের বিভিন্ন দেশে প্রথম নারী প্রধানমন্ত্রী	
সারা বিশ্ব	শ্রীমাতা বন্দরনায়ক (শ্রীলঙ্কা)
মুসলিম বিশ্ব	বেনজির ভুট্টো (পাকিস্তান)
ব্রিটেন	মার্গারেট থ্যাচার
ভারত	ইন্দিরা গান্ধী
বাংলাদেশ	খালেদা জিয়া

প্রথম নারী প্রেসিডেন্ট	
সারা বিশ্ব	ইসাবেলা পেরন (আর্জেন্টিনা)
মুসলিম বিশ্ব	মেঘবতী সুকর্ণ পুত্রী (ইন্দোনেশিয়া)
ভারত	প্রতিভা পাতিল
নেপাল	বিদ্যা দেবী ভান্ডারী
এশিয়া (ফিলিপাইন)	কোরাজন অ্যাকুইনা

দার্শনিক

সক্রেটিস

জ্ঞানের পিতা সক্রেটিসের জন্ম খ্রিস্টপূর্ব ৪৬৯ অব্দে গ্রিসে। এই মহান দার্শনিক সম্পর্কে লিখিত তথ্য পাওয়া যায় কেবলমাত্র প্রেটোর 'ডায়ালগ' গ্রন্থ থেকে। 'Know Thyself (নিজেকে জানো)' এবং 'Virtue is knowledge' তাঁর বিখ্যাত উক্তি। তাঁকে হেমলক বিষপান করিয়ে হত্যা করা হয়েছিল।



প্রেটো

প্রেটোর জন্ম খ্রিস্টপূর্ব ৪২৭ অব্দে গ্রিসে। তিনি সক্রেটিসের শিষ্য ছিলেন। প্রেটো একাধারে গণিতজ্ঞ এবং দার্শনিক হিসেবে খ্যাত। তিনি প্রথম পশ্চিমা বিশ্বে উচ্চশিক্ষার প্রতিষ্ঠান গড়ে তোলেন। তিনি এথেন্সের একাডেমিয়ার প্রতিষ্ঠাতা। তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ- 'দি রিপাবলিক'।



এরিস্টটল

এরিস্টটল প্রেটোর ছাত্র ছিলেন। তিনি Lyceum নামক জ্ঞানচর্চা কেন্দ্রের প্রতিষ্ঠাতা এবং 'The Politics' গ্রন্থের রচয়িতা। তিনি যুগশ্রেষ্ঠ বিজ্ঞান আলোকজাভার দি গ্রেট এর শিক্ষক ছিলেন। তাকে প্রেটোর সাথে যৌথভাবে পশ্চিমা দর্শনের জনক বলা হয়। এছাড়া তাকে প্রাণী বিজ্ঞানের জনক বলা হয়।



কনফুসিয়াস

কনফুসিয়াস বিখ্যাত চীনা দার্শনিক। প্রকৃত নাম খোং ছিউ। তিনি যে মতবাদ প্রচার করেন তা 'কনফুসিয়াসিজম' নামে পরিচিত। কনফুসিয়াসিজমের মূলকথা হলো অহিংস মতবাদ। তিনি বিশ্বাস করতেন শুধুমাত্র শিক্ষা নয় বরং নীতি বাক্যের মাধ্যমে মানুষকে অসৎ কাজ থেকে বিরত রাখা সম্ভব।



ইবনে খালদুন

ইবনে খালদুনের আসল নাম ওয়ালীউদ্দিন আব্দুর রহমান। তিনি একাধারে সমাজবিজ্ঞানী, দার্শনিক, রাজনীতিবিদ, অর্থনীতিবিদ, ইতিহাসবিদ ও জ্যোতির্বিদ ছিলেন। তিনি ১৩৩২ সালে তিউনিসিয়ায় জন্মগ্রহণ করেছিলেন। তাঁর বিখ্যাত গ্রন্থ 'কিতাবুল ইবার' যা ২৩টি খন্ডে লিখিত। এ গ্রন্থের প্রথম তিন খন্ড গ্রন্থের ভূমিকা হিসেবে লেখা হয়েছে, যার নাম 'আল মুকাদিমা'।



নিকোলো ম্যাকিয়াভেলি

তিনি ছিলেন রেনেসাঁ যুগের একজন রাজনৈতিক দার্শনিক, সঙ্গীতকার, কবি ও নাট্যকার। তাঁকে রেনেসাঁর বরপুত্র বলা হয়। তাঁর বিখ্যাত গ্রন্থ 'The Prince'।



রুশো

ফরাসি দার্শনিক রুশোর জন্ম সুইজারল্যান্ডে। তিনি ফরাসি বিপ্লবের অগ্রপথিক। 'Social Contract' তাঁর বিখ্যাত গ্রন্থ। ফরাসি বিপ্লবের শ্লোগান 'সাম্য, স্বাধীনতা, ভ্রাতৃত্ব' তাঁর অমর উক্তি।



বিশ্বের আলোচিত ব্যক্তিত্ব

সাধারণ জ্ঞান



কার্ল মার্কস

সমাজতন্ত্রের প্রবক্তা কার্ল মার্কস জনগ্রহণ করেন ১৮১৮ সালের ৫ মে জার্মানিতে। তাঁর বিখ্যাত গ্রন্থ ‘Das Capital’ এ ছাড়া ‘German Ideology’ তাঁর অন্যতম বই। তিনি দ্বন্দ্বাত্মক বস্তুবাদ ও উদ্ভূত মূল্য তত্ত্বের প্রবক্তা। ১৮৮৩ সালে ইংল্যান্ডে মৃত্যুবরণ করেন।



রাজনীতিবিদ

উইনস্টন চার্চিল

উইনস্টন চার্চিল ছিলেন ইংরেজ রাজনীতিবিদ ও লেখক। তিনি দ্বিতীয় বিশ্বযুদ্ধকালীন যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী হিসেবে অধিক পরিচিত। আত্মজীবনী রচনার জন্য ১৯৫৩ সালে তিনি সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। The History of Second World War তার রচিত গ্রন্থ। ২০০২ সালে বিবিসির এক জরিপে তিনি সর্বকালের সেরা ব্রিটেনবাসী হিসেবে মনোনীত হন।



ভ্লাদিমির লেনিন

ভ্লাদিমির লেনিন একজন মার্কসবাদী রুশ (তৎকালীন সোভিয়েত ইউনিয়ন) বিপ্লবী এবং কমিউনিস্ট রাজনীতিবিদ। তিনি রুশ বিপ্লব বা বলশেভিক বা অক্টোবর বিপ্লবের নেতৃত্ব দেন। এই বিপ্লবের স্থায়ীত্ব ছিলো ১০ দিন। তিনি ছিলেন সোভিয়েত ইউনিয়নের প্রথম রাষ্ট্রপ্রধান। মার্ক্সবাদ-লেনিনবাদ তত্ত্বের প্রবক্তা হিসেবেও তিনি বিশ্বের রাজনৈতিক ইতিহাসে পরিচিত। লেনিন আন্তর্জাতিক সাম্যবাদী আন্দোলনের অন্যতম প্রধান ব্যক্তিত্ব। তিনি ১৯২৪ সালে মৃত্যুবরণ করেন। তাঁর মরদেহ এখনো মস্কোর রেড স্কয়ারে লেনিন জাদুঘরে সংরক্ষিত আছে।



অ্যাডলফ হিটলার

অ্যাডলফ হিটলার অস্ট্রীয় বংশোদ্ভূত জার্মান রাজনীতিবিদ যিনি ন্যাশনাল সোশ্যালিস্ট জার্মান ওয়ার্কার্স পার্টির (নাৎসি) নেতৃত্ব দিয়েছিলেন। তিনি ১৯৩৩ সালে জার্মানির চ্যান্সেলর হন। তার গোপন পুলিশ বাহিনীর নাম ছিল গেস্টাপো। প্রায় ৬০ লক্ষ ইহুদিকে পরিকল্পনামাফিক হত্যা করা হয়। ইহুদি নিধনের এই ঘটনা ইতিহাসে হলোকাস্ট নামে পরিচিত। ১৯২৫ সালে তার আত্মজীবনীমূলক গ্রন্থ Mein Kampf (মেইন ক্যাম্প) প্রকাশিত হয়। তার বিখ্যাত উক্তি, ‘যুদ্ধই জীবন, যুদ্ধই সার্বজনীন’।



বেনিতো মুসোলিনি

বেনিতো মুসোলিনি ছিলেন দ্বিতীয় বিশ্বযুদ্ধ কালে ইতালির সর্বাধিনায়ক। তার রাজনৈতিক দলের নাম ছিল National Fascist Party। তিনি ছিলেন ফ্যাসিবাদের প্রবর্তক।



মোহনদাস করমচাঁদ গান্ধী (মহাত্মা গান্ধী)

মহাত্মা গান্ধী ছিলেন অন্যতম প্রধান ভারতীয় রাজনীতিবিদ, ভারতের স্বাধীনতা আন্দোলনের অগ্রগামী ব্যক্তিদের একজন এবং প্রভাবশালী আধ্যাত্মিক নেতা। তাকে মহাত্মা উপাধি দেন রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি ছিলেন সত্যগ্রহ আন্দোলনের প্রতিষ্ঠাতা। তিনি দক্ষিণ আফ্রিকায় ইন্ডিয়ান অপিনিয়ন নামক পত্রিকা সম্পাদনা করতেন। উপমহাদেশে হরতালের প্রবর্তক হলেন মহাত্মা গান্ধী। তার আত্মজীবনী মূলক গ্রন্থ The Story of my Experiments with truth। ১৯৪৮ সালের ৩০ জানুয়ারি উগ্র হিন্দুত্ববাদী নাথুরাম গডসে তাকে গুলি করে হত্যা করে।



মুহাম্মদ আলী জিন্নাহ

পাকিস্তানের জনক কায়দে আজম মুহাম্মদ আলী জিন্নাহ। তিনি ১৯৩৯ সালে দ্বি-জাতি তত্ত্ব উপস্থাপন করেন।



চার্লস ডি গলে

দ্বিতীয় বিশ্ব যুদ্ধের সময় ১৯৪০ সালে জার্মান নাৎসি বাহিনীর হাতে ফ্রান্সের পতন হলে চার্লস ডি গলে ফ্রান্সের মুক্তি বাহিনী (Free France Forces) গঠন করেন। তিনি ফ্রান্সের স্বাধীনতা সংগ্রামের অগ্রনায়ক ছিলেন।



ডাঃ মাহাত্মির বিন মোহাম্মদ

- ডাঃ মাহাত্মির বিন মোহাম্মদ আধুনিক মালয়েশিয়ার স্থপতি ও সাবেক প্রধানমন্ত্রী।
- তিনি এশিয়ার সবচেয়ে দীর্ঘ সময় ধরে (২২ বছর) গণতান্ত্রিক ভাবে নির্বাচিত প্রধানমন্ত্রী ছিলেন।





ইন্দিরা গান্ধী

- তিনি ভারতের প্রথম ও একমাত্র মহিলা প্রধানমন্ত্রী।
- ১৯৬৪ সালে জওহরলাল নেহেরুর মৃত্যুর পর ভারতের রাষ্ট্রপতি তাকে রাজ্যসভার সদস্য হিসেবে নিয়োগ দেন।
- বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় তিনি ভারতের প্রধানমন্ত্রী ছিলেন।



এ.পি.জে. আব্দুল কালাম

- আবুল পাকির জয়নুল আবেদিন আব্দুল কালাম ছিলেন ভারতীয় প্রজাতন্ত্রের একাদশ রাষ্ট্রপতি (২০০২-২০০৭)।
- ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও মহাকাশযানবাহী রকেট উন্নয়নের কাজে তাঁর অবদানের জন্য তাকে 'ভারতের ক্ষেপণাস্ত্র মানব' বা
- 'মিসাইল ম্যান অফ ইন্ডিয়া' বলা হয়।
- তাঁর আত্মজীবনী মূলক গ্রন্থের নাম 'Wings of Fire'।



মার্গারেট থ্যাচার

মার্গারেট থ্যাচার ছিলেন ব্রিটেনের প্রথম মহিলা প্রধানমন্ত্রী। ফকশ্যান্ড যুদ্ধের কারণে তিনি আয়রন লেডি হিসেবে পরিচিতি পেয়েছিলেন।



বেনজির ভুট্টো

- বেনজির ভুট্টো পাকিস্তানের ১১ তম প্রধানমন্ত্রী এবং মুসলিম বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী।
- তিনি Daughter of the East বইটি লিখেছেন। এজন্য তাকে ডটার অব ইস্ট বলা হয়।



অং সাং সুচি

অং সাং সুচি একজন বর্মী রাজনীতিক এবং ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসির নেত্রী। অং সাং সু চি ১৯৯১ সালে শান্তিতে নোবেল পুরস্কার এবং ২০০৮ সালে যুক্তরাষ্ট্রের কংগ্রেসনাল গোল্ড মেডেল লাভ করেন। সম্প্রতি রাখাইন রাজ্যে মুসলিম সংখ্যালঘু রোহিঙ্গাদের উপর নির্যাতন ও নিপীড়নের জন্য তিনি বিশ্বব্যাপী বেশ বিতর্কিত হয়েছেন। তার লিখিত গ্রন্থ Freedom from Fear, Letters from Burma।



বিপ্লবী

ইয়াসির আরাফাত

ইয়াসির আরাফাত ছিলেন একজন ফিলিস্তিনি নেতা। প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন বা পিএলওর (PLO) চেয়ারম্যান হিসাবে আরাফাত ইসরায়েলী দখলদারির বিরুদ্ধে সারাজীবন সংগ্রাম করেন। তিনি প্যালেস্টিনিয়ান অথরিটির প্রেসিডেন্টের দায়িত্ব পালন করেন। জীবনের একটা দীর্ঘ সময় আরাফাত ধর্মনিরপেক্ষ ফাতাহ দলের নেতৃত্ব দেন। দলমত নির্বিশেষে ফিলিস্তিনি জনগোষ্ঠীর অধিকাংশ মানুষ আরাফাতকে ফিলিস্তিনিদের স্বাধীনতা সংগ্রামের প্রতীক হিসাবে সম্মান করে থাকে। ১৯৯৪ সালে আরাফাত আইস্যাক রাবীন ও শিমন পেরেজ এর সাথে অসলো শান্তিচুক্তির জন্য শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।



নেপোলিয়ন বোনাপার্ট

ফরাসি বিপ্লবের শিশু খ্যাত নেপোলিয়ন বোনাপার্ট ছিলেন ফরাসি বিপ্লবের সময়কার একজন জেনারেল। তিনি ফরাসি প্রজাতন্ত্রের প্রথম কনসল (First Consul) ছিলেন। নেপোলিয়ন ১৮০৪ সালের ১-২ ডিসেম্বর প্যারিসের নটরডেম দে পোপ সপ্তম পায়স কর্তৃক 'সম্রাট নেপোলিয়ন' উপাধি লাভ করেন। তার উপাধি ছিল লিটল করপোরাল। নেপোলিয়ন ১৮১৫ সালের ১৮ জুন ওয়াটারলুতে ডিউক অব ওয়েলিংটনের কাছে পরাজিত হন।



চে-গুয়েভারা

চে-গুয়েভারা ১৯২৮ সালে আর্জেন্টিনায় জন্মগ্রহণ করেন। কিউবা বিপ্লবের প্রধান ব্যক্তিত্ব ছিলেন চে-গুয়েভারা। তিনি পেশায় চিকিৎসক ছিলেন। তাঁকে ১৯৬৭ সালের ৯ অক্টোবর বলিভিয়ায় মৃত্যুদণ্ড দেয়া হয়। তার বিখ্যাত গ্রন্থ গেরিলা ওয়ারফেয়ার।





নেলসন ম্যান্ডেলা

নেলসন ম্যান্ডেলা ছিলেন দক্ষিণ আফ্রিকার গণতান্ত্রিক ভাবে নির্বাচিত প্রথম রাষ্ট্রপতি। ম্যান্ডেলা আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের নেতা হিসেবে বর্ণবাদবিরোধী আন্দোলনে সক্রিয় ভাবে অংশগ্রহণ করেন। ১৯৬২ খ্রিষ্টাব্দে তাঁকে দক্ষিণ আফ্রিকার বর্ণবাদী সরকার গ্রেপ্তার করেন ও অন্তর্ধানসহ নানা অপরাধের দায়ে যাবজ্জীবন কারাদণ্ড দেয়। ম্যান্ডেলা ২৭ বছর কারাবাস করেন। ১৯৯০ খ্রিষ্টাব্দের ১১ ফেব্রুয়ারি তিনি কারামুক্ত হন। এর পর তিনি তাঁর দলের হয়ে দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ সরকারের সঙ্গে শান্তি আলোচনায় অংশ নেন। এর ফলশ্রুতিতে দক্ষিণ আফ্রিকায় বর্ণবাদের অবসান ঘটে এবং সব বর্ণের মানুষের অংশগ্রহণে ১৯৯৪ খ্রিষ্টাব্দের গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়। ম্যান্ডেলা ২৫০টিরও অধিক পুরস্কার পেয়েছেন। নেলসন ম্যান্ডেলার আত্মজীবনী মূলক গ্রন্থ **A Long Walk to Freedom**, ২০১৩ সালের ৫ ডিসেম্বর এ মহামানব মৃত্যুবরণ করেন। তাকে নিজ গ্রাম কুনুতে সমাহিত করা হয়।



মাও সে তুং

মাও সে তুং চীনের বিপ্লবী মার্কসবাদী তাত্ত্বিক ও রাজনৈতিক নেতা। তিনি চীনের কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠা করেন। তিনি বহুল সমালোচিত সম্মুখগামী মহালক্ষ্য (Great Leap Forward) এর প্রবক্তা।



হো চি মিন

হো চি মিন ছিলেন ভিয়েতনামের একজন কমিউনিস্ট বিপ্লবী নেতা, যিনি পরবর্তীকালে গণপ্রজাতন্ত্রী ভিয়েতনামের প্রধানমন্ত্রী (১৯৮৬-১৯৫৫) এবং রাষ্ট্রপতির (১৯৪৫-১৯৬৯) পদে আসীন ছিলেন। **আঙ্কেল হো** নামে পরিচিত হো চি মিন ভিয়েতনামের প্রতিষ্ঠাতা।



আয়াতুল্লাহ্ রুহুল্লাহ খোমেনি

আয়াতুল্লাহ্ রুহুল্লাহ খোমেনি ছিলেন একজন ইরানি ধর্মীয় নেতা ও রাজনীতিবিদ এবং ইরানি বিপ্লবের নেতৃত্বদানকারী বিপ্লবের পর তিনি ইরানের সংবিধান রচনা করেন ও মৃত্যুর আগ পর্যন্ত তিনি ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা ছিলেন।



মোস্তফা কামাল আতাতুর্ক

মোস্তফা কামাল আতাতুর্ক ছিলেন উসমানীয় সামরিক কর্মকর্তা, বিপ্লবী রাজনীতিক, লেখক এবং তুরস্কের প্রথম রাষ্ট্রপতি। তিনি আধুনিক তুর্কি প্রজাতন্ত্রের প্রতিষ্ঠাতা। তাকে আধুনিক তুরস্কের জনক বলা হয়। তার মতবাদ কামালবাদ নামে পরিচিত।



বুদ্ধিজীবী

এডওয়ার্ড ডব্রিউ সাঈদ

ইসরাইলের জেরুজালেমে জন্মগ্রহণকারী এডওয়ার্ড সাঈদ একজন ফিলিস্তিনি আমেরিকান বুদ্ধিজীবী। তিনি উত্তর উপনিবেশবাদ ধারণা সৃষ্টিতে অবদান রাখেন। তাঁর বিখ্যাত বই: 'Orientalism', 'Accidentalism'.



স্যামুয়েল পি. হান্টিংটন

স্যামুয়েল পি. হান্টিংটন মার্কিন যুক্তরাষ্ট্রের একজন প্রসিদ্ধ রাষ্ট্রবিজ্ঞানী। নব্বইয়ের দশকে "সভ্যতার সংঘাত" তত্ত্ব দেওয়ার মাধ্যমে বিশ্বব্যাপী পরিচিতি লাভ করেন।



নোয়াম চমস্কি

যুক্তরাষ্ট্রের এক ইহুদি অভিবাসী পরিবারে তার জন্ম। তিনি একজন ভাষা বিজ্ঞানী হলেও রাজনীতি, দর্শন প্রভৃতি অঙ্গনে খ্যাতিমান। কেউ কেউ তাকে আধুনিক ভাষা বিজ্ঞানের জনকও বলেন। তাঁর উল্লেখযোগ্য বই হলো 'Some Concepts and Consequences of the Theorey of Government and Binding', 'Language and the study of mind'.



সাহিত্যিক-নাট্যকার

উইলিয়াম শেক্সপিয়ার

উইলিয়াম শেক্সপিয়ার (১৫৬৪-১৬১৬) ইংল্যান্ডের শ্রেষ্ঠ কবি ও নাট্যকার। 'জুলিয়াস সিজার', 'ম্যাকবেথ', 'মার্চেন্ট অব ভেনিস', 'হ্যামলেট' তাঁর বিখ্যাত নাটক। তাকে বার্ড অফ অ্যাডন বলা হয়।



বিশ্বের আলোচিত ব্যক্তিত্ব

সাধারণ জ্ঞান



জর্জ বার্নার্ড শ

বিখ্যাত আইরিশ নাট্যকার, সমালোচক ও রাজনৈতিক কর্মী। তাঁর আধুনিক যুগে ইংরেজি সাহিত্যের শ্রেষ্ঠ নাট্যকার বলা হয়। ১৯২৫ সালে সাহিত্যে নোবেল পুরস্কার লাভ করেন। তাঁর বিখ্যাত নাটক: 'Arms and the Man', 'Candida', 'Caesar and Cleopatra'.



আন্তনিও গ্রামসি

নিউ মার্কসিস্ট রাজনীতিতে বিশ্বাসী আন্তনিও গ্রামসি ইতালিতে জনগ্রহণ করেন। তিনি ইতালির কমিউনিস্ট পার্টির একজন প্রতিষ্ঠাতা সদস্য ও নেতা ছিলেন। বেনিতো মুসলিনীর ফ্যাসিবাদী শাসন আমলে কারাবন্দি অবস্থায় লেখা তার বিখ্যাত গ্রন্থ 'প্রিজন নোটবুকস'।



অরুন্ধতী রায়

অরুন্ধতী রায় 'গড অব স্মল থিংস' লিখে বুকার পুরস্কার পেয়েছেন। ২০১৭ সালে তার দ্বিতীয় বই 'The Ministry Of Utmost Happiness' প্রকাশিত হয়।

অর্থনীতিবিদ

এডাম স্মিথ

অর্থনীতির জনক এডাম স্মিথ। ১৭৭৬ সালে তাঁর বিখ্যাত বই 'An Inquiry into the Nature and Causes of the Wealth of Nation' প্রকাশিত হয়। এই বইতে তিনি অর্থনীতিকে সম্পদের বিজ্ঞান হিসেবে আখ্যায়িত করেন। এডাম স্মিথের পূর্বে অর্থনীতিকে বলা হত- Political Economy বা রাজনৈতিক অর্থশাস্ত্র। তিনি অর্থনীতির 'অদৃশ্য হাত' ধারণার প্রবর্তন করেছেন।



আকবর আলী খান

১৯৪৪ সালে ব্রাহ্মণবাড়িয়ায় জন্ম করেন। তিনি ছিলেন বিখ্যাত অর্থনীতিবিদ, শিক্ষাবিদ ও সরকারি আমলা। তাঁর বিখ্যাত গ্রন্থ 'History of Bangladesh', 'পরার্থপরতার অর্থনীতি', 'Discovery of Bangladesh'। ২০২২ সালের ৮ সেপ্টেম্বর তিনি মৃত্যুবরণ করেন।



অমর্ত্য সেন

একজন নোবেল বিজয়ী ভারতীয় বাঙালী অর্থনীতিবিদ ও দার্শনিক। তিনি দুর্ভিক্ষ, মানব উন্নয়ন তত্ত্ব, জনকল্যাণ অর্থনীতি ও গণদারিদ্র্যের অন্তর্নিহিত কার্যকরণ বিষয়ে গবেষণার জন্য ১৯৯৮ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার পান।



ড. মুহাম্মদ ইউনুস

অধ্যাপক ড. মুহাম্মদ ইউনুস বাংলাদেশি নোবেল পুরস্কার বিজয়ী, ব্যাংকার ও অর্থনীতিবিদ। তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের একজন শিক্ষক ছিলেন। তিনি ক্ষুদ্রঋণ ধারণার প্রবর্তক ও গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা। প্রথম বাংলাদেশি হিসেবে মুহাম্মদ ইউনুস এবং তার প্রতিষ্ঠিত গ্রামীণ ব্যাংক যৌথভাবে ২০০৬ সালে নোবেল শান্তি পুরস্কার লাভ করেন।



অন্যান্য

ফ্লোরেন্স নাইটিঙ্গেল

আধুনিক নার্সিংয়ের প্রতিষ্ঠাতা ফ্লোরেন্স নাইটিঙ্গেল ১৮২০ সালের ১২ মে ইতালির ফ্লোরেন্সে জন্মগ্রহণ করেন। তিনি স্মরণীয় হয়ে আছেন 'ক্রিমিয়ার যুদ্ধে' সেবামূলক কাজের জন্য। তার স্মরণার্থে 'ইন্টারন্যাশনাল নার্সেস ডে' পালিত হয়- ১২ মে। তাকে The Lady with the Lamp বলা হয়। তাকে ১৮৮৩ সালে রাণী ভিক্টোরিয়া 'রয়েল রেডক্রস' পদক প্রদান করেন।

ক্রিস্টোফার কলম্বাস

ক্রিস্টোফার কলম্বাস একজন বিখ্যাত নাবিক ও ঔপনিবেশিক। তিনি ইতালির জেনোয়া শহরে জন্মগ্রহণ করেন। স্পেনের রাজা ও রানীর আনুকূলে কলম্বাস ১৪৯২ সালে আমেরিকা আবিষ্কার করেন। এছাড়া তিনি পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ আবিষ্কার করেন।



বিশ্বের আলোচিত ব্যক্তিত্ব

সাধারণ জ্ঞান



ভাস্কো-দা গামা

ভাস্কো-দা গামা একজন বিখ্যাত পর্তুগীজ অনুসন্ধানকারী ও পর্যটক। ১৪৯৮ সালের ২০ মে ভারতের কালিকট বন্দরে এসে পৌঁছে ভাস্কো-দা গামা প্রথম ব্যক্তি হিসেবে ইউরোপ থেকে ভারতে আসার জলপথ আবিষ্কার করেন। তার এই ভ্রমণ এশিয়া ও ইউরোপকে সংযুক্ত করার সাথে সাথে আটলান্টিক ও ভারত মহাসাগরকেও যুক্ত করেছিল।



মার্টিন লুথার কিং

মার্টিন লুথার কিং বা মার্টিন লুথার কিং জুনিয়র একজন আফ্রিকান-আমেরিকান মানবাধিকার কর্মী। ১৯৬৪ সালে আমেরিকান নাগরিক ও মানবাধিকার প্রতিষ্ঠার অহিংস আন্দোলনের স্বীকৃতি স্বরূপ সর্বকনিষ্ঠ কৃষ্ণাঙ্গ হিসেবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। তাঁর বিখ্যাত ভাষণ- **I have a Dream** (আমার একটি স্বপ্ন আছে)।



আব্দুল মোহাম্মদ ইকবাল

আব্দুল মোহাম্মদ ইকবাল ভারত বর্ষের অন্যতম মুসলিম কবি, দার্শনিক, শিক্ষাবিদ, রাজনীতিবিদ ও ব্যারিস্টার ছিলেন। তিনি খুদি দর্শনের জনক এবং এ বিষয়ে লেখা তার বিখ্যাত বই 'এসরার এ খুদি'। তাকে পাকিস্তানের আধ্যাত্মিক জনক হিসেবে স্বীকৃতি দেয়া হয়।



শেখ আহমদ ইয়াসিন

শেখ আহমদ ইয়াসিন ফিলিস্তিনি প্রতিরোধ আন্দোলন হামাসের প্রতিষ্ঠাতা। তিনি ২০০৪ সালের ২২ শে মার্চ ইসরাইলি বিমান হামলায় নিহত হন।



দালাইলামা

তিব্বতি বিশ্বাস অনুসারে দালাইলামা করুণাময় বোধিসত্ত্ব অবলোকিতেশ্বরের অবতার। দালাইলামা তিব্বতের আধ্যাত্মিক প্রধানের উপাধি। এখন পর্যন্ত পৃথিবীতে ১৪ জন দালাইলামার আবির্ভাব ঘটেছে। প্রথম দালাইলামা ছিলেন গেনদুনে দ্রুপ এবং চতুর্দশ দালাইলামা হলেন, তেনজিন গিয়াতসো। তিনি বর্তমানে ভারতে নির্বাসনে রয়েছেন।



বিখ্যাত ব্যক্তিবর্গের উক্তি

বিখ্যাত উক্তি	কার উক্তি
A country is poor, because it is poor	অধ্যাপক নার্কস
মুনাফা হচ্ছে উদ্যোক্তার বুঁকি গ্রহণের পুরস্কার	অধ্যাপক মার্শাল
বুলেটের চেয়ে ব্যালট বেশি শক্তিশালী	আব্রাহাম লিংকন
Democracy is government of the people, by the people, for the people	আইনস্টাইন
Imagination is more important than knowledge	আইভর জেনিংস
There is no opposition there is no democracy	জেনারেল টিঙ্কা খান
এদেশের মানুষ নয়, মাটি চাই	উইলিয়াম শেক্সপিয়ার
ভালো বা মন্দ বলে কিছুই নাই চিন্তা হচ্ছে ভালোমন্দ নিরূপক	উইল রজার্স (মার্কিন রম্য লেখক)
কাপুরুষেরা মরার আগে বহুবীর মারা যায়; সাহসীরা একবার মৃত্যুবরণ করে	এডলফ হিটলার
তুমি একথা বলতে পারনা যে সভ্যতা এগোয়নি- কারণ প্রতিটি যুদ্ধেই মানুষ হত্যার নিত্য নতুন কৌশল প্রদর্শিত হচ্ছে	এরিস্টটল
যুদ্ধই জীবন, যুদ্ধই সার্বজনীন	কার্ল মার্কস
যে ব্যক্তি সমাজে বাস করেনা সে হয় দেবতা না হয় পশু	
Constitution is the way of life the state has chosen for itself	
Man by nature is a political animal	
এটাও ইতিহাসের শিক্ষা যে, কেউই ইতিহাস থেকে শিক্ষা নেয় না	
Religion is opium to the people	
Men make their own history	কার্ল মার্কস
Give according to your capacity take according to your necessity (সমাজতান্ত্রিক রাষ্ট্রের মূলমন্ত্র)	
শ্রমিকদের পায়ের শৃঙ্খল ছাড়া হারাবার কিছু নেই	
মানব সমাজের ইতিহাস মূলত শ্রেণী সংগ্রামের ইতিহাস	

বিশ্বের আলোচিত ব্যক্তিত্ব

সাধারণ জ্ঞান



চিন্তাহীন পাঠ হচ্ছে পণ্ডশ্রম	কনফুসিয়াস
এখন রাত ভোরের প্রত্যাশা আমি করব	খলিল জিবরানী
যেখানে আইন নেই সেখানে স্বাধীনতা নেই	জন লক
সার্বজনীন ভোটাধিকারের জন্য সার্বজনীন শিক্ষার প্রয়োজন	জন মিল
যুদ্ধের জন্য প্রস্তুত থাকার মাধ্যমেই কেবল আমরা শান্তি অর্জন করতে পারি	জন এফ. কেনেডি
আমি দেখেছি, যুদ্ধ বাধানোর চেয়ে শান্তি প্রতিষ্ঠা করা অনেক বেশি কঠিন কাজ	জেরি এডামস
যুদ্ধে যে পক্ষই নিজেকে বিজেতা বলুক না কেন, আসলে কেউই বিজেতা নয়, সবাই বিজিত	নেভিল চেম্বারলেইন
আমাকে একজন শিক্ষিত মা দাও, আমি একটা শিক্ষিত জাতি উপহার দেব	নেপোলিয়ান বেনাপোর্ট
Impossible is a word to be found in a fool's dictionary	নেতাজী সুভাষচন্দ্র বসু
Give me blood and I promise you freedom	প্লেটো
মানব সভ্যতা সপ্তদশ শতাব্দীতে মানব চরিত্র ক্রম বিকাশেরই ফসল	ফ্রাঙ্কলিন ডি. রুজভেল্ট
শাসক যদি হয় ন্যায় পরায়ণ তাহলে আইন অনাবশ্যক, আর শাসক যদি হয় দুর্নীতি পরায়ণ তাহলে আইন নিরর্থক	লর্ড অ্যাক্টন
Virtue is Knowledge and education is the main thing to acquire virtue	বেঞ্জামিন ফ্রাঙ্কলিন
যুদ্ধ হচ্ছে সংক্রামক ব্যাধির মত	ভলভেয়ার
ক্ষমতা মানুষকে দুর্নীতিগ্রস্ত করে, চরম ক্ষমতা মানুষকে চরমভাবে দুর্নীতিগ্রস্ত করে	ম্যাকাইভার
সত্যতাই সর্বোৎকৃষ্ট পন্থা	মার্টিন লুথার কিং
ঈশ্বর না থাকলে তাঁকে বানাতো হতো, কিন্তু প্রকৃতি বলছে ঈশ্বর আছে	মুসোলিনি
সমাজ হলো সামাজিক কল্যাণমূলক একটি ব্যবস্থা	রুশো
Culture is what we are and civilization what we use or have	ডায়োজেনিস
যুদ্ধ হচ্ছে সবচেয়ে বড় মহামারি	Friedrich Hegel
শক্তি অর্জন কর, যুদ্ধ কর, মানুষের জন্য হয় যুদ্ধ করার জন্য	Gladstone
জনসাধারণই সার্বভৌম ক্ষমতার অধিকারী	John Keats
Man is born free and everywhere he is in chains	P.B Shelly
যুব সমাজের শিক্ষাই হচ্ছে রাষ্ট্রের ভিত্তি	Vilfredo Pareto
The only thing we learn from history is that we learn nothing from history	ফ্রান্সিস বেকন
Justice Delayed is Justice denied	আলেকজান্ডার পোপ
A thing of beauty is a joy forever	উইলিয়াম ওয়ার্ডসওয়ার্থ
Beauty is truth, truth is beauty	সক্রেটিস
If winter comes, can spring be far behind	দেং জিয়াউ পিং
History is a graveyard of aristocracies/ইতিহাস অভিজাত শ্রেণীর সমাধিক্ষেত্র	মাও সেতুং
Knowledge is power	পন্ডিত নেহেরু
To err is human, To forgive is divine	ম্যালথাস
Child is father of the man	ফরাসি সম্রাট চতুর্দশ লুই
Knowledge is Virtue, Know thyself	টমাস হবস
বিড়াল সাদা না কালো সেটি বড় কথা নয়, বড় কথা হল বিড়াল ইঁদুর মারতে পারে পারে কি না	লাক্সি
যুদ্ধ কেবলমাত্র যুদ্ধের মাধ্যমেই নির্মূল হতে পারে	মহাত্মা গান্ধী
শতফুল বিকশিত হোক	
The country is good if its universities are good	
জনসংখ্যা বাড়ে জ্যামিতিক হারে, আর খাদ্য উৎপাদন বাড়ে গাণিতিক হারে	
আমিই রাষ্ট্র	
মানুষ স্বভাবতই প্রতারক, স্বার্থপর ও আত্মকেন্দ্রিক	
আইন রাষ্ট্রের উর্ধ্বে	
রাষ্ট্র সৃষ্টি ভাল যা কম শাসন করে	



বিভিন্ন তত্ত্ব ও শাস্ত্রের জনক

জনক/প্রবক্তা	নাম	জনক/প্রবক্তা	নাম
মুসলমান জাতির জনক	হযরত ইব্রাহীম (আঃ)	জ্যামিতির জনক	ইউক্লিড
জনসংখ্যা তত্ত্বের প্রবক্তা	ম্যালথাস (ব্রিটিশ ধর্মযাজক ও অর্থনীতিবিদ)	আধুনিক গণতন্ত্রের জনক	জন লক
আপেক্ষিকতা তত্ত্বের জনক	আলবার্ট আইনস্টাইন	সার্বভৌমত্ব মতবাদের জনক	জন অস্টিন
পারমাণবিক বোমার জনক	রবার্ট ওপেনহেইমার	দ্বিজাতি তত্ত্বের জনক	মোহাম্মদ আলী জিন্নাহ
হাইড্রোজেন বোমার জনক	এডওয়ার্ড টেলার (USA)	আধুনিক বাংলা নাটকের জনক	মাইকেল মধুসূদন দত্ত
সমাজতন্ত্রের জনক	কার্ল মার্কস	সনেটের জনক	ফ্রান্সিস পেত্রার্ক
আমলা তত্ত্বের জনক	ম্যাক্স ওয়েবার	মুক্ত হৃদয়ের জনক	কাজী নজরুল ইসলাম
গণতন্ত্রের জনক	এরিস্টটল	দ্বি-পদ নামকরণের জনক	ক্যারোলাস লিনিয়াস
অর্থনীতির জনক	এডাম স্মিথ	কাম্য জনসংখ্যা তত্ত্বের প্রবক্তা	জন ডালটন
আধুনিক অর্থনীতির জনক	পল স্যামুয়েলসন	বিজ্ঞানের জনক	থ্যালিস
রাষ্ট্রবিজ্ঞানের জনক	এরিস্টটল	মনোবিজ্ঞানের জনক	উইলহেম উন্ড
আধুনিক রাষ্ট্রবিজ্ঞানের জনক	নিকোলো ম্যাকিয়েভেলী	জীবাণু বিদ্যার জনক	লুই পাস্তুর
ইতিহাসের জনক	হেরোডোটাস	জেনেটিকস বা বংশগতি বিদ্যার জনক	গ্রেগর জোহান ম্যান্ডেল
সমাজবিজ্ঞানের জনক	অগাস্ট কোং	অপরাধ বিজ্ঞানের জনক	লমব্রোসো
দর্শন শাস্ত্রের জনক	থেলিস	আধুনিক কাটুনের জনক	উইলিয়াম হোগার্থ
ভূগোল শাস্ত্রের জনক	ইরাস্টাস থেনিস	খাজনা তত্ত্বের জনক	ডেভিড রিকার্ডো
চিকিৎসা বিজ্ঞানের জনক	ইবনে সিনা	উদ্বৃত্ত মূল্য তত্ত্বের জনক	এডাম স্মিথ
রসায়ন শাস্ত্রের জনক	জাবের ইবনে হাইয়ান	সামষ্টিক অর্থনীতির জনক	জে. এম. কেইস
আধুনিক জ্যোতির্বিদ্যার জনক	নিকোলাস কোপার্নিকাস	সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা	রুশো
বীজগণিতের জনক	আল খাওয়ারেজমী	দারিদ্রের দুইচক্র তত্ত্বের প্রবক্তা	অধ্যাপক নার্কস
Theory of Comparative Cost এর প্রবক্তা	ডেভিড রিকার্ডো	পাকিস্তানের পরমাণু প্রযুক্তির জনক	আব্দুল কাদির খান
ভারতের পরমাণু প্রযুক্তির জনক	ড. এ.পি.জে. আব্দুল কালাম (সাবেক প্রেসিডেন্ট)	আধুনিক তুরস্কের জনক	মুস্তফা কামাল পাশা (কামাল আতাতুর্ক)
আধুনিক জার্মানির জনক	বিসমার্ক	আধুনিক অলিম্পিকের জনক	ব্যরন পিয়েরে দ্য কুবার্তো

এক তজ্ঞরে...

০১. 'নাৎসিবাদ' এর প্রবর্তক কে?

☒ হিটলার।

০২. কোন বিখ্যাত নেতার মরদেহ এখনো সংরক্ষিত?

☒ ভ্লাদিমির ইলিচ লেনিন।

০৩. উপমহাদেশে হরতালের প্রবর্তক কে?

☒ মহাত্মা গান্ধী।

০৪. ভারতের প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে?

☒ ইন্দিরা গান্ধী।

০৫. ভারতের ক্ষেপণাস্ত্র মানব কাকে বলা হয়?

☒ এ.পি.জে. আব্দুল কালাম।

০৬. পাকিস্তানের জনক কে?

☒ মুহাম্মদ আলী জিন্নাহ।

০৭. মুসলিম বিশ্বের প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে?

☒ বেনজির ভুট্টো।

০৮. 'Doughter of the East' কাকে বলা হয়?

☒ বেনজির ভুট্টো।

০৯. অং সাং সুচি কিসে নোবেল পান?

☒ শান্তি।

১০. বিশ্বের সবেচেয় বয়স্ক প্রধানমন্ত্রী কে?

☒ ডাঃ মাহাথির মোহাম্মদ।

১১. The History of Second World War বইটি কে লিখেছেন?

☒ উইনস্টন চার্চিল।

১২. ব্রিটেনের প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে?

☒ মার্গারেট থ্যাচার।

১৩. হিটলারের গোপন পুলিশ বাহিনীর নাম কি?

☒ গেস্টাপো।



১৪. হলোকাস্ট এর জন্য দায়ী কে?
☒ হিটলার।
১৫. কোন সালে হিটলার জার্মান চ্যান্সেলর নিযুক্ত হন?
☒ ১৯৩৩।
১৬. সোভিয়েত ইউনিয়নের জনক কে?
☒ ভ্লাদিমির লেনিন।
১৭. নেপোলিয়ন বোনাপার্ট এর উপাধি কি?
☒ লিটল কর্পোরাল।
১৮. ইয়াসির আরাফাত কোন চুক্তির জন্য শান্তিতে নোবেল পুরস্কার পান?
☒ অসলো শান্তিচুক্তি।

১৯. আধুনিক তুরস্কের জনক কে?
☒ মোস্তাফা কামাল আতাতুর্ক।
২০. ইরানের সংবিধান রচনা করেন কে?
☒ আয়াতুল্লাহ রুহুল্লাহ খোমেনি।
২১. চিনের কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠাতা কে?
☒ মাও সে তুং।
২২. নেলসন ম্যান্ডেলার রচিত বই কোনটি?
☒ A Long Walk to Freedom।

বিগত বছরের প্রশ্ন সমূহ

১৯ মেডিকেল এন্ড ডেন্টাল ভর্তি পরীক্ষা

০১. 'War and peace' এর রচয়িতা- [MBBS: 2018-19]
 ক) Leo Tolstoy খ) George Bernard Shaw
 গ) Charles Dickens ঘ) William Shakespeare
০২. নিচের কাকে 'লেডি উইথ দি ল্যাম্প' বলা হয়? [MBBS-2007-08, 34 BCS]
 ক) রাণী এলিজাবেথ খ) ফ্লোরেন্স নাইটিংগেল
 গ) মাদার তেরেসা ঘ) রাণী ক্রিওপেট্রা
০৩. চার্লস দ্য গল নিচের কোন দেশের নেতা ছিলেন? [BDS: 2009-10]
 ক) ফ্রান্স খ) জার্মানি
 গ) স্পেন ঘ) পর্তুগাল
০৪. A Long Walk to Freedom-এই বিখ্যাত গ্রন্থটির রচয়িতা কে? [BDS: 2005-06, 24th BCS]
 ক) ফিডেল কাস্ত্রো খ) নেলসন ম্যান্ডেলা
 গ) আব্রাহাম লিংকন ঘ) মহাত্মা গান্ধী

১৯ বিসিএস পরীক্ষা

০৫. কোন সালে হিটলার জার্মান চ্যান্সেলর নিযুক্ত হন? [39th BCS]
 ক) ১৯৩৩ খ) ১৯৩৪ গ) ১৯৩১ ঘ) ১৯৩২
০৬. 'Imperialism, the Highest stage of Capitalism' বইটি কার লেখা? [38th BCS]
 ক) টমাস হবসন খ) ভি.আই লেনিন
 গ) কার্ল মার্কস ঘ) এন্টনিও গ্রামসি

০৭. 'গ্রাসনত্তনীতি' কোন দেশে চালু হয়েছিল? [35th BCS]
 ক) চীন খ) হাঙ্গেরি
 গ) পোল্যান্ড ঘ) সাবেক সোভিয়েত ইউনিয়ন
০৮. 'The Art of War' গ্রন্থের রচয়িতা- [34th BCS]
 ক) ক্লজউইজ খ) সুনজু
 গ) আলফ্রেড মহান ঘ) কৌটিল্য
০৯. ফ্রান্সের মহান সম্রাট নেপোলিয়ানের জীবন অবসান হয় কোথায়? [26th BCS]
 ক) ওয়াটার লু নামক স্থানে খ) দ্বীপ এনাবার্তে
 গ) ভার্সাই নগরীতে ঘ) সেন্ট হেলেনা দ্বীপে
১০. মার্কিন যুক্তরাষ্ট্রের কোন প্রেসিডেন্ট ১২ বছর ক্ষমতায় ছিলেন? [27th BCS; 26th BCS]
 ক) হ্যারি এস ট্রুম্যান খ) ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট
 গ) জেমস মনরো ঘ) তথ্যটি সঠিক নয়
১১. কে লৌহ মানবী বলে পরিচিত? [25th BCS]
 ক) ইন্দিরা গান্ধী খ) বেগম খালেদা জিয়া
 গ) অংসান সূচি ঘ) মার্গারেট থ্যাচার
১২. The Asian Drama-গ্রন্থের রচয়িতা কে? [23rd BCS]
 ক) অরমত সেন খ) গুন্যার মিরডাল
 গ) মাইকেল লিফটন ঘ) উইলিয়াম রস্টো
১৩. নেলসন ম্যান্ডেলার রাজনৈতিক দলের নাম কী? [21st BCS]
 ক) ইনকাথা ফ্রিডম পার্টি খ) ন্যাশনালিস্ট পার্টি
 গ) আফ্রিকান সোসালিস্ট ঘ) আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস

উত্তরমালা

০১. ক	০২. খ	০৩. ক	০৪. খ	০৫. ক	০৬. খ	০৭. ঘ	০৮. খ	০৯. ঘ	১০. খ	১১. ঘ	১২. খ	১৩. ঘ
-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------	-------

বিশ্বের আলোচিত যুদ্ধ-বিপ্লব

সাধারণ জ্ঞান



বিশ্বের আলোচিত যুদ্ধ-বিপ্লব

- সময় কাল : ২৮ জুলাই ১৯১৪-১১ নভেম্বর ১৯১৮
- পক্ষ : অক্ষশক্তি জোট বনাম মিত্র শক্তি
- অক্ষশক্তি : অস্ট্রিয়া • জার্মানি • হাঙ্গেরী • তুরস্ক • বুলগেরিয়া

প্রথম বিশ্বযুদ্ধ (THE GREAT WAR)

- মিত্রশক্তি : সার্বিয়া • রাশিয়া • ফ্রান্স • জাপান • ইতালি • UK • USA • কানাডা • বেলজিয়াম সহ ২৩টি দেশ।
- কারণ : জার্মানিদের উগ্র জাতীয়তাবাদ নীতি।
- সূত্রপাত: অস্ট্রিয়ার যুবরাজ ফ্রান্সিস ফার্ডিনান্ড এক সার্বীয় আততায়ীর গুলিতে নিহত হলে (২৮ জুন ১৯১৪) অস্ট্রিয়া ২৮ জুলাই ১৯১৪, সালে সার্বিয়ার উপর আক্রমণ চালায়। জার্মানি অস্ট্রিয়ার পক্ষে এবং রাশিয়া সার্বিয়ার পক্ষে যুদ্ধে নামে। বেজে ওঠে যুদ্ধের দামামা।
- ইতালি প্রথমে ত্রিশক্তি জোটে থাকলেও পরে ১৯১৫ সালে মিত্র শক্তিতে যোগ দেয়।
- মার্কিন যুক্তরাষ্ট্র মিত্রশক্তিতে যোগ দেয় ৬ই এপ্রিল ১৯১৭ সালে।
- যুদ্ধ বিরতি: ১৯১৮ সালের ১১ই নভেম্বর উদ্রো উইলসনের ১৪ দফা শর্তের ভিত্তিতে প্যারিসে জার্মানি ও মিত্রশক্তির মধ্যে যুদ্ধ বিরতি চুক্তির পর যুদ্ধ বন্ধ হয়। প্যারিস শান্তি সম্মেলনের মাধ্যমে যুদ্ধ বিরতি কার্যকর হয়।

প্রথম বিশ্বযুদ্ধের নেতৃবৃন্দ

উইলিয়াম দ্বিতীয়	জার্মানি	হেনরি আসকুইথ, লয়েড জর্জ	ব্রিটেন
জার দ্বিতীয় নিকোলাস	রাশিয়া	জেনারেল ফার্ডিনান্ড ফচ	মিত্রশক্তির সামরিক প্রধান
উদ্রো উইলসন	যুক্তরাষ্ট্র	জর্জ ক্রোমেন শো	ফ্রান্স

ফলাফল

- এই যুদ্ধে মিত্র শক্তি জয় লাভ করে। যুদ্ধে মিত্র শক্তির ২ কোটি ৫০ লক্ষ লোক হতাহত হয়, অন্যদিকে অক্ষ শক্তির প্রায় ১ কোটি ৫০ লক্ষ লোক হতাহত হয়।
- ২য় ভার্সাই চুক্তি: ১৯১৯ সালের ২৮ জুন ফ্রান্সের ভার্সাই নগরীর 'হল অব মিররে' ১ম বিশ্বযুদ্ধের জন্য জার্মানিকে দায়ী করে শাস্তিদান ও ক্ষতিপূরণ আদায়ের জন্য বাধ্য করে এ চুক্তি স্বাক্ষরিত হয়।
- লীগ অব নেশনস এর জন্ম : ১ম বিশ্বযুদ্ধের ভয়াবহতা ও ধ্বংসযজ্ঞের প্রেক্ষিতে বিশ্ব শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে উদ্রো উইলসনের ১৪ দফা প্রস্তাবে ১৯২০ সালে প্রতিষ্ঠিত হয় সম্মিলিত জাতিপুঞ্জ (League of Nations), যার সদর দপ্তর ছিল জেনেভায় (সুইজারল্যান্ড)।
- বেলফোর ঘোষণা (২ নভেম্বর, ১৯১৭) : এটি হল ব্রিটিশ ইহুদি সম্প্রদায় নেতা ব্যারন রথচাইন্ডের কাছে যুক্তরাজ্যের পররাষ্ট্র সচিব আর্থার জেমস বেলফোরের লেখা একটি চিঠি। যেখানে ব্রিটিশ সরকারের কাছ থেকে ফিলিস্তিনে ইহুদি জাতির আবাসভূমি প্রতিষ্ঠার জন্য সমর্থনের নিশ্চয়তা দেওয়া হয়।

দ্বিতীয় বিশ্বযুদ্ধ

- সময়কাল : ১লা সেপ্টেম্বর ১৯৩৯- ২ সেপ্টেম্বর ১৯৪৫।
- পক্ষ : অক্ষ শক্তি বনাম মিত্র শক্তি।
- অক্ষ শক্তি : জার্মানি, ইতালি, জাপান।
- মিত্র শক্তি : USA, UK, ফ্রান্স, রাশিয়া, পোল্যান্ড ও অন্যান্য দেশ সমূহ।
- কারণ : জার্মানির নাৎসিবাদ ও সাম্রাজ্যবাদী মনোভাব।
- সূত্রপাত : জার্মানি পোল্যান্ডের ডানজিগ বন্দরের মালিকানা দাবি করলে পোল্যান্ড তা প্রত্যাখ্যান করে। ফলে জার্মানি ১লা সেপ্টেম্বর ১৯৩৯ পোল্যান্ড আক্রমণ করে। ব্রিটেন ও ফ্রান্স পোল্যান্ড কে সাহায্য করতে এগিয়ে আসে। শুরু হয় ২য় বিশ্বযুদ্ধ।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের নেতৃবৃন্দ

মিত্রশক্তির নেতৃবৃন্দ		অক্ষশক্তির নেতৃবৃন্দ	
যুক্তরাষ্ট্র	ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট, হ্যারি এস ট্রুম্যান	জার্মানি	এডলফ হিটলার
যুক্তরাজ্য	উইনস্টন চার্চিল	ইতালি	বেনিতো মুসোলিনি
রাশিয়া	যোসেফ স্ট্যালিন	জাপান	সম্রাট হিরোহিতো
ফ্রান্স	চার্লস দ্যা গল		
চীন	চিয়াং কাইশেক		

বিশ্বের আলোচিত যুদ্ধ-বিপ্লব



সাধারণ জ্ঞান



দ্বিতীয় বিশ্বযুদ্ধের উল্লেখযোগ্য ঘটনাবলি:

- ২য় বিশ্বযুদ্ধের পিতৃভূমি রাশিয়া।
- জার্মানিকে পূর্ব জার্মানি ও পশ্চিম জার্মানি নামে পৃথক দুটি দেশে বিভক্ত করা হয়।
- আল-আমিন যুদ্ধক্ষেত্র মিশরে। আল-আমিনের যুদ্ধে জার্মান তথা অক্ষ শক্তির নেতৃত্বে ছিলেন ফিল্ড মার্শাল রোমেল, আর মিত্র শক্তির নেতৃত্বে ছিলেন জেনারেল মন্টেগোমারি। এ যুদ্ধে অল্প সংখ্যক সৈনিক নিয়ে যুদ্ধ করে মিত্রপক্ষ জয়ী হয়নি। আবার এই যুদ্ধের পরের কোন যুদ্ধে মিত্রপক্ষ পরাজিতও হয় নি।
- হলোকাস্ট বা ইহুদি নিধনের সাথে জড়িত বন্দি শিবির পোল্যান্ডের 'অসউইচ'।
- জার্মানি লেনিনগ্রাদ অবরোধ করে রাখে ৯০০ দিনের মতো।
- ১০ ডিসেম্বর ১৯৪০ সালে ইতালি ও জার্মান বাহিনী ব্রিটিশ অধিভুক্ত উত্তর আফ্রিকার দেশ মিশর দখল করে।
- জাপান পার্ল হারবারে অবস্থিত মার্কিন নৌ-ঘাঁটিতে আক্রমণ করে ৭ ডিসেম্বর, ১৯৪১ যার প্রেক্ষিতে যুক্তরাষ্ট্র সরাসরি ২য় বিশ্বযুদ্ধে অংশগ্রহণ করে ৮ ডিসেম্বর, ১৯৪১।

হিরোশিমা ও নাগাসাকিতে পারমাণবিক বোমা নিক্ষেপের নির্দেশ দেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হ্যারি এস ট্রুম্যান।
হিরোশিমায় এটম বোমা নিক্ষেপ করা হয় ৬ আগস্ট (শিটল বয়) এবং নাগাসাকিতে নিক্ষেপ করা হয় ৯ আগস্ট (ফ্যাট ম্যান) ১৯৪৫।



- হিটলারের আত্মহত্যা ৩০শে এপ্রিল, ১৯৪৫।
- ২য় বিশ্বযুদ্ধের বাফার স্টেট ছিল বেলজিয়াম।
- জার্মানির আত্মসমর্পণ ৮ মে, ১৯৪৫। এই দিনটি VE Day (Victory of Europe Day) হিসেবে উদযাপিত হয়।
- D-Day:** এটি দ্বিতীয় বিশ্বযুদ্ধের এক গুরুত্বপূর্ণ মোড় ঘোড়ানো ঘটনা। ৬ জুন, ১৯৪৪ সালে মিত্র বাহিনী ফ্রান্সের নরম্যান্ডিতে operation overlord নামে নাৎসি বাহিনীর উপর অভিযান চালায় এবং পশ্চিম ইউরোপ মুক্ত হয়। ৬ জুন দিনটি তাই D-Day নামে পালন করা হয়।
- যুদ্ধ বিরতি স্বাক্ষর ও যুদ্ধের সমাপ্তি -২ সেপ্টেম্বর, ১৯৪৫।
- ২য় বিশ্ব যুদ্ধের পর মার্কিন যুক্তরাষ্ট্রের ম্যাক আর্থার জাপান পুনর্গঠন করেন।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের প্রত্যক্ষ ফলাফল:

- দুই জার্মানি বিভক্ত হয়ে যায় (পূর্ব জার্মানি রাশিয়ার নিয়ন্ত্রণে ও পশ্চিম জার্মানি U.S.A., U.K ও ফ্রান্সের নিয়ন্ত্রণে)।
- বিশ্বের উপনিবেশগুলো স্বাধীন হতে থাকে।
- জাতিসংঘ জন্ম লাভ করে।

নুরেমবার্গ ট্রায়াল:

২য় বিশ্বযুদ্ধের সময় নুরেমবার্গের গণহত্যার বিচার কয়েকটি সামরিক ট্রাইবুনালের সমন্বয়ে ১৯৪৫-১৯৪৬ সালে সংগঠিত হয়। জার্মানির বেভারিয়াতে নুরেমবার্গের বিশেষ আন্তর্জাতিক আদালতে কয়েকটি ধাপে জার্মান নাৎসি যুদ্ধাপরাধীদের বিচার করা হয়।

শ্রাযুদ্ধ (১৯৪৭- ১৯৯১ খ্রি.)

দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর পৃথিবীতে জন্ম নেয় দুই পরাশক্তি; মার্কিন যুক্তরাষ্ট্র এবং সোভিয়েত ইউনিয়ন। উভয় দেশ তাদের স্বীয় প্রভাব বলয় বাড়ানোর প্রতিযোগিতায় লিপ্ত হয়। পৃথিবী দু'ভাগে বিভক্ত হয়ে পড়ে। একদিকে মার্কিন যুক্তরাষ্ট্র (United States of America: USA) এর নেতৃত্বে পুঁজিবাদী বিশ্ব (প্রথম বিশ্ব) একত্রিত হয়, অন্যদিকে সোভিয়েত ইউনিয়ন (Union of Soviet Socialist Republics - USSR) এর নেতৃত্বে সমাজতান্ত্রিক বিশ্ব (দ্বিতীয় বিশ্ব) এক পতাকাভালে একত্রিত হয়। দুই পরাশক্তি সরাসরি যুদ্ধে অবতীর্ণ না হয়ে কূটনৈতিক, অর্থনৈতিক, সামরিক কলাকৌশল, প্রচারণা শক্তির মাধ্যমে একে অপরকে পরাভূত করার প্রচেষ্টায় লিপ্ত হয়। উভয়ের মধ্যকার উত্তেজনার সেই সময়কে শ্রাযুদ্ধ (Cold War) হিসেবে অভিহিত করা হয়।

অন্যান্য যুদ্ধ

যুদ্ধ	সময়কাল	পক্ষ-বিপক্ষ	ফলাফল
পানিপথের ১ম যুদ্ধ	১৫২৬	বাবর-ইব্রাহিম লোদী	বাবর জয়ী হয়ে মুঘল সম্রাজ্যের পত্তন করেন
পানিপথের ২য় যুদ্ধ	১৫৫৬	হিমু-বৈরাম খাঁ (আকবরের সেনাপতি)	হিমু পরাজিত হয় এবং ভারতে হিন্দু রাজত্ব স্থাপনের আশা নির্মূল হয়।

বিশ্বের আলোচিত ঘূরু-বিপ্লব

সাধারণ জ্ঞান



পানিপথের ৩য় যুদ্ধ	১৭৬১	আহমদ শাহ আবদালী-মারাঠা	মারাঠারা পরাজিত হয়, মুঘল সম্রাজ্যের পতন ত্বরান্বিত হয়, ইংরেজ শাসনের পথ পরিষ্কার হয়।
ওয়াটার লু-র যুদ্ধ (বেলজিয়াম)	১৮১৫	অস্ট্রিয়া, ইংল্যান্ড-ফ্রান্স, রাশিয়া, স্পেন, সুইডেন	নেপোলিয়ান পরাজিত হলে প্রথমে সেন্ট এলবা দ্বীপে পরে সেন্ট হেলেনা দ্বীপে নির্বাসিত হন। সেখানেই ১৮২১ সালে তার মৃত্যু হয়। অস্ট্রিয়া-ইংল্যান্ড জয়লাভ করে
ইরাক-ইরান যুদ্ধ	১৯৮০-১৯৮৮	ইরাক-ইরান	আলজিয়ার্স চুক্তির মাধ্যমে সমাপ্তি ঘটে।
উপসাগরীয় যুদ্ধ	২ আগস্ট ১৯৯০-১৯৯১	ইরাক-কুয়েত (ইজ-মার্কিন)	১৯৯১ সালের ২৮ ফেব্রুয়ারি জাতিসংঘের হস্তক্ষেপে যুদ্ধ থামে।
শতবর্ষ যুদ্ধ	১৩৩৭-১৪৫৩	ফ্রান্স-ইংল্যান্ড	ইংল্যান্ডের রাজা ৩য় এডওয়ার্ড ফ্রান্সের সিংহাসন দাবি করলে এ যুদ্ধ বাধে।
ফকল্যান্ড যুদ্ধ	১৯৮২	ইংল্যান্ড-আর্জেন্টিনা	ইংল্যান্ড জয়লাভ করে এবং ফকল্যান্ড দ্বীপের দখল নেয়।
ভিয়েতনাম যুদ্ধ	ডিসেম্বর ১৯৫৬-এপ্রিল ১৯৭৫	উত্তর ভিয়েতনাম-দক্ষিণ ভিয়েতনাম ইউ.এস.এ	দক্ষিণ ভিয়েতনাম তথা মার্কিনীরা পরাজিত হয়। পুরো ভিয়েতনামে সমাজতন্ত্র কায়েম হয়। সাইগন সিটির নতুন নাম হয় হো চি মিন সিটি।
ট্রাফালগার যুদ্ধ	১৮০৫ সাল	ইংল্যান্ড-ফ্রান্স	ফরাসি ও স্প্যানিশ বাহিনী পরাজিত হয়।
চীন-ভারত যুদ্ধ	১৯৬২	অকুপাচল নিয়ে এ যুদ্ধ হয়	ভারত পরাজিত হয়।
পাক-ভারত যুদ্ধ	১৯৬৫	কাশ্মীর দখল নিয়ে এ যুদ্ধ বাঁধে	জাতিসংঘের মধ্যস্থতায় এ যুদ্ধের সমাপ্তি হয়
আফিম যুদ্ধ	১৮৩৯-১৮৪২	চীন-ব্রিটেন	হংকং নিয়ে এ যুদ্ধে চীনরা পরাজিত হয়ে হংকংকে ব্রিটেনের নিকট ইজারা দিতে বাধ্য হয়।

আলোচিত বিপ্লব

বিপ্লবের নাম	সময়কাল	দেশ	বিপ্লবের নাম	সময়কাল	দেশ
আমেরিকান বিপ্লব	১৭৭৬	যুক্তরাষ্ট্র	রোজ বিপ্লব	২০০৩	জর্জিয়া
শিল্প বিপ্লব	১৭৮০-১৮৫০	ইংল্যান্ড	অরেঞ্জ বিপ্লব	২০০৪	ইউক্রেন
ফরাসি বিপ্লব	১৭৮৯-১৭৯৯	ফ্রান্স	টিউলিপ বিপ্লব	২০০৫	কিরগিজস্তান
রুশ/বলশেভিক বিপ্লব	১৯১৭	রাশিয়া	নীল বিপ্লব	২০১১	মিশর
ইসলামিক বিপ্লব	১৯৭৯	ইরান	জেসমিন বিপ্লব	২০১১	তিউনিশিয়া

গেরিলা সংগঠন

LTTE	শ্রীলঙ্কায় স্বাধীন তামিল রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য সংগ্রামরত গেরিলা সংগঠন। এটি ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয়।
ULFA (উলফা)	ভারতের আসাম রাজ্যের স্বাধীনতার দাবিতে আন্দোলনকারী সংগঠন। এর সামরিক সংগঠন হল- NELT (North Eastern Resistance Army)। ULFA'র প্রধান পরেশ বড়ুয়া।
আল কায়দা	ইসলামপন্থী একটি গেরিলা সংগঠন। সৌদি ধনকুবের ওসামা বিন লাদেন এ সংগঠনটির প্রধান। এই সংগঠনটিকে ১১ সেপ্টেম্বর, ২০০১ সালে (১/১১) যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ারে হামলার জন্য দায়ী করা হয়। এর প্রধান লাদেনকে ২০১১ সালে আমেরিকান সেনাবাহিনীর একটি কমান্ডো গ্রুপ হত্যা করে। [যে হেলিকপ্টারে করে কমান্ডো অভিযান টি চালানো হয়েছিল তার নাম ছিল ব্ল্যাক হক]
হামাস	প্যালেস্টাইনের একটি গেরিলা সংগঠন। এর প্রতিষ্ঠাতা প্রধান শেখ আহমেদ ইয়াছিন।
আল ফাতাহ	প্যালেস্টাইন এর আরো একটি গেরিলা সংগঠন আল ফাতাহ। এর প্রতিষ্ঠাতা ইয়াসির আরাফাত, সালাহ খালাফ, খলিল আল ওয়াজির। বর্তমান প্রধান মাহমুদ আব্বাস।
পি.এল.ও (PLO)	প্রতিষ্ঠা: ২৮ মে, ১৯৬৪, প্যালেস্টাইনের বিখ্যাত গেরিলা সংগঠন এবং রাজনৈতিক দল।
JKLF (Jammu Kashmir Liberation Front)	ভারতের জম্মু কাশ্মীরের গেরিলা সংগঠন।
হিজবুল্লাহ	লেবাননের একটি গেরিলা সংগঠন। এটি ইসরাইলের বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধ চালিয়ে যাচ্ছে। এদের টেলিভিশন চ্যানেলের নাম আল মানার।
আবু সায়েফ	ফিলিপাইনের মিন্দানাও অঞ্চলের স্বাধীনতার জন্য আন্দোলনরত মুসলিম গেরিলা সংগঠন।
ব্ল্যাক সেপ্টেম্বর	প্যালেস্টাইনের একটি গেরিলা সংগঠন।
ব্ল্যাক প্যান্থার	যুক্তরাষ্ট্রের নিগ্রোদের একটি সংস্থা।

বিশ্বের আলোচিত যুদ্ধ-বিপ্লব

সাধারণ জ্ঞান



ফোর্স-১৭	প্যালেস্টাইনের একটি গেরিলা সংগঠন।
তালেবান	আফগানিস্তানের গেরিলা সংগঠন।
লক্ষ্ম-ই-তৈয়বা	পাকিস্তানের গেরিলা সংগঠন।
FARC	কলম্বিয়ার মার্ক্সবাদী গেরিলা সংগঠন।
PKK	তুরস্কের কুর্দিদের সংগঠন 'কুর্দিস্তান শ্রমিক দল'। এরা স্বাধীন কুর্দি রাষ্ট্র প্রতিষ্ঠার জন্য সংগ্রামরত।
হুথি	ইয়েমেনের বিদ্রোহী গ্রুপ
কারেন বিদ্রোহী, আরসা, ত্রি-ব্রাদারহুড অ্যালায়েন্স, পিডিএফ, আরাকান আর্মি, গডস আর্মি	মিয়ানমারের গেরিলা সংগঠন।
সাইনিং পাথ	পেরুর মাওবাদী গেরিলা সংগঠন।
এম-১৯, এম-১৬	কলম্বিয়ার গেরিলা সংগঠন।
আল-শাবাব	সোমালিয়া

- ডমিনো তত্ত্ব দক্ষিণ পূর্ব এশিয়া বিশেষ করে ভিয়েতনাম যুদ্ধ (১৯৫৫-১৯৭৫) এবং শ্রীলঙ্কা যুদ্ধের সময় যুক্তরাষ্ট্রের প্রচারিত তত্ত্ব।

এক তজরে...

- প্রথম বিশ্বযুদ্ধের সময়কাল কোনটি?
☒ ২৮ জুলাই, ১৯১৪ থেকে ১১ নভেম্বর, ১৯১৮
- জার্মানিদের উগ্রজাতীয়তাবাদ নীতির কারণে কোন যুদ্ধ হয়?
☒ প্রথম বিশ্বযুদ্ধ
- লীগ অব ন্যাশনস কোন যুদ্ধের ফলাফল?
☒ প্রথম বিশ্বযুদ্ধ
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কাল কোনটি?
☒ ১ সেপ্টেম্বর, ১৯৩৯ থেকে ২ সেপ্টেম্বর ১৯৪৫
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের পিতৃভূমি কোন দেশ?
☒ রাশিয়া
- জাতিসংঘের জন্ম কোন যুদ্ধের ফলাফল?
☒ দ্বিতীয় বিশ্বযুদ্ধ

- হিরোসিমায় নিষ্ফল পারমাণবিক বোমার নাম কি?
☒ লিটল বয়
- নাগাসাকিতে নিষ্ফল পারমাণবিক বোমার নাম কি?
☒ ফ্যাট ম্যান
- দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জন্ম নেওয়া পরাশক্তি কারা?
☒ মার্কিন যুক্তরাষ্ট্র এবং সোভিয়েত ইউনিয়ন
- হামাস কোন দেশের গেরিলা সংগঠন?
☒ প্যালেস্টাইন
- তালেবান কোন দেশের গেরিলা সংগঠন?
☒ আফগানিস্তান

বিপত্ত বহুরের প্রশ্ন সমূহ

মেডিকেল এন্ড ডেন্টাল ভর্তি পরীক্ষা

- কত সালে প্রথম বিশ্বযুদ্ধ বন্ধ হয়? [MBBS: 2005-06]
ক) ১৯২৫ খ) ১৯১৬ গ) ১৯১৮ ঘ) ১৯১৯
- নেপোলিয়ান ১৮১৫ সালে ওয়াটারলু যুদ্ধে পরাজিত হয়েছিলেন। ওয়াটারলু লু কোন দেশে অবস্থিত? [MBBS: 2001-02]
ক) ফ্রান্স খ) জার্মানী গ) বেলজিয়াম ঘ) ইংল্যান্ড

বিসিএস পরীক্ষা

- কোন সালে রাশিয়া ক্রিমিয়া দখল করে? [44th BCS]
ক) ২০১০ খ) ২০১৪ গ) ২০১৫ ঘ) ২০২০
- ব্রিটিশ কৃষি বিপ্লব কখন সংঘটিত হয়েছিল? [42nd BCS]
ক) ঊনবিংশ শতাব্দীতে খ) অষ্টাদশ শতাব্দীতে
গ) ষোড়শ শতাব্দীতে ঘ) চতুর্দশ শতাব্দীতে
- অক্টোবর বিপ্লবের নেতৃত্ব দিয়েছেন: [38th BCS]
ক) কার্ল মার্কস খ) ফ্রেডরিক এঙ্গেলস
গ) ভি. আই. লেনিন ঘ) মাও সে তুং

- দুই বা ততোধিক প্রতিদ্বন্দ্বী বৃহৎ শক্তিসমূহের মাঝখানে অবস্থিত দেশকে বলা হয়: [38th BCS]
ক) স্থলবেষ্টিত রাষ্ট্র খ) নিরপেক্ষ রাষ্ট্র
গ) বাফার রাষ্ট্র ঘ) জিরো সাম রাষ্ট্র
- প্রথম বিশ্বযুদ্ধ চলাকালীন বেলফোর ঘোষণা ১৯১৭ এর মূল প্রতিপাদ্য ছিল- [35th BCS]
ক) জাতিপুঞ্জ সৃষ্টি করা
খ) অটোমানদের জায়গা দখল করা
গ) ইহুদিদের জন্য একটি জাতি রাষ্ট্র গঠন
ঘ) জার্মানির বিরুদ্ধে মিত্র শক্তির নতুন কৌশল অবলম্বন
- কবে ফরাসি বিপ্লব সংঘটিত হয়? [31st BCS]
ক) ১৭৮৯ খ) ১৯৭১ গ) ১৯৯৫ ঘ) ১৮০০
- বসনিয়া যুদ্ধবিরতি স্বাক্ষরের মধ্যস্থতাকারী কে? [28th BCS]
ক) বিল ক্লিনটন খ) জিমি কার্টার
গ) নিক্সন ঘ) রিগ্যান

উত্তরমালা								
০১. গ	০২. গ	০৩. খ	০৪. খ	০৫. গ	০৬. গ	০৭. গ	০৮. ক	০৯. খ

বিভিন্ন চুক্তিসমূহ

সাধারণ জ্ঞান



বিভিন্ন চুক্তিসমূহ

৩৫

মানবাধিকার বিষয়ক চুক্তি		
নাম	সময়কাল	বর্ণনা
ম্যাগনাকার্টা	১২১৫	ইংল্যান্ডের রাজা ১২১৫ সালে বিভিন্ন উপজাতি ও সামন্তদের চাপের কারণে এই চুক্তি করেন। এর ফলে প্রজাদের অধিকার প্রতিষ্ঠা হয়। বর্তমান ইংল্যান্ডের কোন নির্দিষ্ট দলিল নেই। 'Magna Carta' কে ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল এবং ইংল্যান্ডের প্রথম শাসনতন্ত্র বলা হয়।
Petition of Right	১৬২৮	এটি ব্রিটিশ পার্লামেন্টে পাশ হওয়া মানবাধিকার সংক্রান্ত একটি আইন।
Bill of Rights	১৬৮৯	এটি English Bill of Rights নামে পরিচিত।
জাতিসংঘ মানবাধিকার সনদ (UDHR)	১০ ডিসেম্বর ১৯৪৮	জাতিসংঘ সাধারণ পরিষদে গৃহীত একটি সার্বজনীন মানবাধিকার ঘোষণা। 'বেসামরিক ও রাজনৈতিক অধিকার সম্পর্কিত' (১৯৬৬) এবং 'অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অধিকার সম্পর্কিত' (১৯৬৬) ২টি আন্তর্জাতিক চুক্তিকে একত্রে মানবাধিকার সংক্রান্ত আন্তর্জাতিক বিল (International Bill of Human Rights) বলা হয়। এতে ৩০টি ধারা আছে। ফ্রান্সের প্যারিসে এই চুক্তি স্বাক্ষরিত হয়।
জেনেভা কনভেনশন*	১২ আগস্ট ১৯৪৯	যুদ্ধবন্দি ও যুদ্ধাহত, নারী, শিশুদের প্রতি আচরণ সংক্রান্ত ৪টি চুক্তি স্বাক্ষরিত হয়

* যুদ্ধবন্দি, যুদ্ধাহত ও যুদ্ধে ক্ষতিগ্রস্ত মানুষের সাথে জনহিতকর আচরণের মানদণ্ড নির্ধারণে স্বাক্ষরিত আন্তর্জাতিক চুক্তি জেনেভা কনভেনশন নামে পরিচিত। এতে ৪টি আনুষ্ঠানিক চুক্তি ও ৩টি বাড়তি প্রটোকল রয়েছে। ১৯৪৯ সালের জেনেভা কনভেনশন একটি সন্ধিপত্রকে নির্দেশ করে যেটি সম্পাদিত হয়েছিল ২য় বিশ্বযুদ্ধ পরবর্তী প্রতিক্রিয়া ও এর ফলাফল হিসেবে। ১৯৪৯ সালের এই সন্ধি পড়েই ৪র্থ চুক্তিটি যোগ করা হয় এবং ১ম তিনটি চুক্তির (১৮৬৪, ১৯০৬, ১৯২৯) পরিমার্জন ও সম্প্রসারণ করা হয়। এই ৪টি কনভেনশন সমূহকে 'চারটি রেডক্রস কনভেনশন' ও বলা হয়। ১৯৪৯ সালের এই চুক্তিগুলোকে সম্পূর্ণরূপে অর্থাৎ রিজার্ভেশনসহ আনুষ্ঠানিকভাবে ১৯৪টি দেশ অনুমোদন করেছে।

বিরোধ নিষ্পত্তি বিষয়ক চুক্তি		
চুক্তির নাম ও স্থান	সম্পাদনকাল	বর্ণনা
তাসখন্দ চুক্তি	১০ জানুয়ারি, ১৯৬৬	কাশ্মীর নিয়ে পাকিস্তান ভারতের উত্তেজনা হ্রাস সংক্রান্ত চুক্তি।
ক্যাম্প ডেভিড চুক্তি	১৭ সেপ্টেম্বর, ১৯৭৮	পক্ষ সমূহ মিশর ও ইসরাইল। নেতৃত্ব দেন যথাক্রমে আনোয়ার সাদাত ও মেনাহিম বেগিন। মধ্যস্থতাকারী ছিল জিমি কার্টার।
অসলো চুক্তি	১৩ সেপ্টেম্বর, ১৯৯৩	১৯৯৩ সালের ২০ আগস্ট নরওয়ের রাজধানী অসলোতে গোপন বৈঠকের মাধ্যমে PLO এবং ইসরাইল পরস্পরকে স্বীকৃতি দেয়। পরবর্তীতে ১৩ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে চুক্তিটি আনুষ্ঠানিক ভাবে স্বাক্ষরিত হয়।
ওয়াই রিভার চুক্তি	২৩ অক্টোবর, ১৯৯৮	"ভূমির বিনিময়ে শান্তি" চুক্তি নামে পরিচিত। পক্ষ দুটি হল ইসরাইল ও ফিলিস্তিন।
বেলফাস্ট চুক্তি	১০ এপ্রিল, ১৯৯৮	পক্ষ ব্রিটেন ও উত্তর আয়ারল্যান্ড। এটি উত্তর আয়ারল্যান্ডের শান্তির জন্য এক অনন্য চুক্তি।
আলজিয়র্স চুক্তি	৬ মার্চ, ১৯৭৫	শাত-ইল-আরব নিয়ে ইরাক ও ইরানের বিরোধ নিষ্পত্তি চুক্তি।
মার্কিন-তালিবান ঐতিহাসিক চুক্তি	২৯ ফেব্রুয়ারি, ২০২০	আফগানিস্তানে তালেবান শাসন প্রতিষ্ঠিত হয় এবং আফগান যুদ্ধের অবসান হয়।



পরমাণু অস্ত্র সংক্রান্ত চুক্তি		
নাম	সময়কাল	বর্ণনা
পারমাণবিক অস্ত্র বিস্তার রোধ চুক্তি (Nuclear Non -Proliferation Treaty) (NPT)	স্বাক্ষর-১৯৬৮ কার্যকর-১৯৭০	সব্রে দাঁড়ায়-উত্তর কোরিয়া। স্বাক্ষর করেনি- ভারত, পাকিস্তান ও ইসরাইল।
সর্বাঙ্গিক পারমাণবিক পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি Comprehensive Nuclear Test Ban Treaty (CTBT)	১০ সেপ্টেম্বর, ১৯৯৬	অনুমোদন করেনি-চীন ও যুক্তরাষ্ট্র। বাংলাদেশ ২৮ তম স্বাক্ষরকারী দেশ। ৭ মার্চ, ২০০০ সালে বাংলাদেশ স্বাক্ষর করে।
Strategic Arms Limitation Talks (SALT-I)	২৬ মে, ১৯৭২	যুক্তরাষ্ট্র ও রাশিয়া পারমাণবিক মিসাইল হ্রাস করবে।
Strategic Arms Limitation Talks (SALT-II)	১৮ জুন, ১৯৭৯	যুক্তরাষ্ট্র ও রাশিয়া আক্রমণাত্মক পারমাণবিক অস্ত্র হ্রাস করবে।
Strategic Arms Reduction Treaty (START -II)	৩ জানুয়ারি, ১৯৯৩	যুক্তরাষ্ট্র ও রাশিয়া দূর পাল্লার পারমাণবিক ক্ষেপণাস্ত্র হ্রাস করবে।
New START বা START-III	৮ এপ্রিল, ২০১০	যুক্তরাষ্ট্র ও রাশিয়ার মধ্যে কৌশলগত অস্ত্র কমানো সংক্রান্ত চুক্তি।
ইল মাইন নিষিদ্ধকরণ চুক্তি স্থান-অটোয়া, কানাডা	৩ ডিসেম্বর, ১৯৯৭	এই চুক্তি ১৯৯৯ সালে কার্যকর হয়।
রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ চুক্তি	১৯৯২	Chemical Weapons Convention নামে পরিচিত।

যুদ্ধ ও স্বাধীনতা সংক্রান্ত চুক্তি		
নাম	সময়কাল	বর্ণনা
১ম ভার্সাই চুক্তি, ফ্রান্স	১৭৮৩ সালে	ব্রিটেন এই চুক্তির মাধ্যমে যুক্তরাষ্ট্রকে স্বাধীনতা প্রদান করে।
২য় ভার্সাই চুক্তি, ফ্রান্স	২৮ জুন, ১৯১৯	এই চুক্তির মাধ্যমে ১ম বিশ্বযুদ্ধের দায়ে মিত্র- শক্তি জার্মানিকে ক্ষতিপূরণ দানে বাধ্য করে।
সিমলা চুক্তি	২ জুলাই, ১৯৭২	১৯৭১ সালের ভারত-পাকিস্তান যুদ্ধের পর শান্তি প্রতিষ্ঠা ও দ্বিপাক্ষিক সম্পর্ক স্বাভাবিক করার জন্য এই চুক্তি স্বাক্ষরিত হয়েছিল।
প্যারিস শান্তি চুক্তি	১৯৭৩	যুক্তরাষ্ট্র ও ভিয়েতনামের যুদ্ধ এই চুক্তির মাধ্যমে শেষ হয়।
ডেটন চুক্তি (প্যারিস)	১৪ ডিসেম্বর, ১৯৯৫	এই চুক্তির মাধ্যমে বসনিয়া-হার্জেগোভিনা স্বাধীনতা লাভ করে।

বিভিন্ন বিষয়/সংস্থা প্রতিষ্ঠা সংক্রান্ত চুক্তি		
নাম	সময়কাল	বর্ণনা
শেনজেন চুক্তি	স্বাক্ষর-১৯৮৫ সালে। কার্যকর-১৯৯৫ সালে	এই চুক্তির মাধ্যমে EU দেশগুলোতে অবাধ ভিসামুক্ত পদ্ধতি চালু হয়।
ব্রেটন উডস চুক্তি স্থান-নিউ হ্যাম্পশায়ার, যুক্তরাষ্ট্র	১৯৪৪ সালে	এই চুক্তির মাধ্যমে IMF ও IBRD প্রতিষ্ঠিত হয়
ম্যাসট্রিখট চুক্তি	স্বাক্ষর -১৯৯২ সালে। কার্যকর- ১৯৯৩ সালে।	এই চুক্তির মাধ্যমে 'ইউরো' মুদ্রা চালু হয়।
WTO চুক্তি স্থান-মারাকাস, মরক্কো	১ লা জানুয়ারি, ১৯৯৫	GATT সংস্থার নাম পরিবর্তন হয়ে WTO হয়।
রোম Statute	১৭ জুলাই, ১৯৯৮	International Criminal Court (ICC) এই চুক্তির মাধ্যমে প্রতিষ্ঠিত হয়



আঞ্চলিক বাণিজ্য চুক্তি

NAFTA (North American Free Trade Agreement)

- ◆ সদস্য দেশ- যুক্তরাষ্ট্র ▪ কানাডা ▪ মেক্সিকো।
- ◆ চুক্তি স্বাক্ষরিত হয়- ১৭ ডিসেম্বর, ১৯৯২।
- ◆ চুক্তি কার্যকর হয়- ১ জানুয়ারি, ১৯৯৪।

SAFTA (South Asian Free Trade Area)

- ◆ সদস্য দেশ- বাংলাদেশ ▪ ভারত ▪ পাকিস্তান ▪ ভুটান ▪ নেপাল ▪ মালদ্বীপ ▪ শ্রীলঙ্কা ▪ আফগানিস্তান
- ◆ চুক্তি স্বাক্ষরিত হয়- ৬ জানুয়ারি, ২০০৪ (ইসলামাবাদ, পাকিস্তান)।
- ◆ চুক্তি কার্যকর হয়- ১ জানুয়ারি, ২০০৬।

SAPTA (SAARC Preferential Trading Arrangement)

- ◆ সদস্য দেশ- বাংলাদেশ ▪ ভারত ▪ পাকিস্তান ▪ ভুটান ▪ নেপাল ▪ শ্রীলঙ্কা ▪ মালদ্বীপ ▪ আফগানিস্তান
- ◆ চুক্তি স্বাক্ষরিত হয়- ১১ এপ্রিল, ১৯৯৩ সাল (ঢাকা, বাংলাদেশ)।
- ◆ চুক্তি কার্যকর হয়- ৭ ডিসেম্বর, ১৯৯৫ সাল।

এক তজরে...

০১. দ্বিতীয় ভার্সাই চুক্তি কোথায় স্বাক্ষরিত হয়?
☒ ফ্রান্সের ভার্সাই নগরিতে
০২. ব্রিটিশ শাসনতন্ত্রের বাইবেল বলা হয় কোন চুক্তিকে?
☒ ম্যাগনাকার্টা
০৩. প্রথম ভার্সাই চুক্তির মাধ্যমে কোন দেশ স্বাধীনতা লাভ করে?
☒ মার্কিন যুক্তরাষ্ট্র

০৪. ইউরো মুদ্রা চালু হয় কোন চুক্তির মাধ্যমে?
☒ ম্যাস্ট্রিখট চুক্তি
০৫. স্থল মাইন নিষিদ্ধকরণ চুক্তি পরিচিত কী নামে?
☒ অটোয়া চুক্তি
০৬. আন্তর্জাতিক মানবাধিকার সনদ ঘোষিত হয় কবে?
☒ ১০ ডিসেম্বর, ১৯৪৮

বিগত বছরের প্রশ্ন সমূহ

৯ বিসিএস পরীক্ষা

০১. তাসখন্দ চুক্তি কোন দুটি রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়? [44th BCS]
ক) পাকিস্তান ও আফগানিস্তান
খ) ভারত ও আফগানিস্তান
গ) পাকিস্তান ও ভারত
ঘ) আফগানিস্তান ও সোভিয়েত ইউনিয়ন
০২. কোন দুটি আরব রাষ্ট্র ক্যাম্প ডেভিড (Camp David) চুক্তি স্বাক্ষর ফলশ্রুতিতে ইসরাইলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে? [44th BCS]
ক) জর্দান ও মিশর
খ) কুয়েত ও বাহরাইন
গ) তিউনিসিয়া ও আলজেরিয়া
ঘ) লিবিয়া ও ওমান

০৩. কোন চুক্তির মাধ্যমে ইউরোপের “Thirty years’ war”-এর সমাপ্তি ঘটে? [42nd BCS]
ক) ভার্সাই চুক্তি, ১৯১৯
খ) ওয়েস্টফেলিয়া শান্তি চুক্তি ১৬৪৮
গ) প্যারিস চুক্তি, ১৭৮৩
ঘ) লুজান চুক্তি, ১৯২৩
০৪. কোন সংকটকে কেন্দ্র করে ১৯৫০ সালে ‘শান্তির জন্য ঐক্য প্রস্তাব’ জাতিসংঘের মাধ্যমে পেশ করা হয়? [36th BCS]
ক) ভিয়েতনাম সংকট
খ) সাইপ্রাস সংকট
গ) কোরিয়া সংকট
ঘ) প্যালেস্টাইন সংকট
০৫. ১৭৮৩ সালে ভার্সাইতে কয়টি চুক্তি স্বাক্ষরিত হয়? [36th BCS]
ক) ২
খ) ৩
গ) ৪
ঘ) ৫
০৬. START-2 কী? [27th BCS]
ক) টিভিতে সম্প্রচারিত একটি সিরিয়াল
খ) বাণিজ্য সংক্রান্ত একটি চুক্তি
গ) কৌশলগত অস্ত্র সংক্রান্ত চুক্তি
ঘ) কোনটিই নয়

উত্তরমালা												
০১. গ	০২. ক	০৩. খ	০৪. গ	০৫. গ	০৬. গ	০৭. গ	০৮. ঘ	০৯. খ	১০. ঘ	১১. গ	১২. ক	১৩. ঘ

বিশ্বের নিরাপত্তা ব্যবস্থা

সাধারণ জ্ঞান



বিশ্বের নিরাপত্তা ব্যবস্থা

সামরিক শক্তি

- পৃথিবীর বৃহত্তম সেনাবাহিনীর দেশ চীন।
- মিগ-২৯ যুদ্ধ বিমান রাশিয়ার তৈরী।
- টমাহক, পেট্রিয়ট ক্ষেপণাস্ত্র যুক্তরাষ্ট্রের।
- হাতফ, ঘুরি, শাহিন ক্ষেপণাস্ত্র পাকিস্তানের।
- U-Boats -১ম ও ২য় বিশ্বযুদ্ধে ব্যবহৃত জার্মান নৌবাহিনীর জাহাজ।
- "Spy in the sky" একটি চালকবিহীন গোয়েন্দা বিমান।
- India ফ্রান্সের কাছ থেকে সম্প্রতি যে যুদ্ধ বিমান ক্রয়ের চুক্তি করে (রাফালে) Rafale।
- শীর্ষ সামরিক শক্তির দেশ (এদেরকে World Super Power বা বিশ্ব পরাশক্তি বলা হয়)
- বি-৫২, এফ-১৬ যুদ্ধ বিমান- যুক্তরাষ্ট্রের তৈরী।
- ব্রহ্ম, পৃথি, অগ্নি, ত্রিশূল ক্ষেপণাস্ত্র ভারতের।
- ভায়োপোডং ক্ষেপণাস্ত্র উত্তর কোরিয়ার।
- ড্রোন চালক বিহীন বিমান। এটি ১ম যুক্তরাষ্ট্র তৈরী করে।
- ইসরাইলের ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার নাম আয়রন ডোম।

যুক্তরাষ্ট্র	রাশিয়া	ভারত	পাকিস্তান	ফ্রান্স	যুক্তরাজ্য
জার্মানি	জাপান	ইসরাইল	চীন	ইরান	উত্তর কোরিয়া

পারমাণবিক বিশ্ব

- বর্তমানে বিশ্বে স্বীকৃত পারমাণবিক শক্তির দেশ ৮টি।
- সবচেয়ে বেশি পরমাণু চুল্লি আছে- যুক্তরাষ্ট্রে।
- ইরানের পরমাণু গবেষণা চুল্লি: ইস্পাহান, বুশেহর, নাতাজ, আরাক।
- "গ্লোবাল জিরো" হল আগামী ২৫ বছরের মধ্যে বিশ্বকে পরমাণু অস্ত্র মুক্ত করে তোলার পরিকল্পনা।
- ইউক্রেনের চেরনোবিলে ১৯৮৬ সালের ২৬ এপ্রিল মানব সভ্যতার ইতিহাসে সবচেয়ে ভয়াবহ পারমাণবিক দুর্ঘটনা ঘটে (তৎকালীন সোভিয়েত ইউনিয়নে)।
- সবচেয়ে বেশি পারমাণবিক অস্ত্র রয়েছে রাশিয়ায়।
- বিশ্বে ১ম পরমাণু পরীক্ষা চালায়- যুক্তরাষ্ট্র।
- "ভূপাল" ট্রাজেডি হয় ভারতে।

বিভিন্ন দেশের গোয়েন্দা সংস্থা

পারমাণবিক অস্ত্রধারী দেশ সমূহ				
ক্রম	দেশ	CTBT চুক্তি	পারমাণবিক পরীক্ষার সময়	পরীক্ষার স্থান
১	যুক্তরাষ্ট্র	স্বাক্ষরকারী	১৯৪৫	নেভাদা মরুভূমি, আলাস্কা, নিউ মেক্সিকো
২	রাশিয়া	অনুসমর্থনকারী	১৯৪৯	সেমিপালাটিনস্ক
৩	যুক্তরাজ্য	অনুসমর্থনকারী	১৯৫২	ক্রীসমাস দ্বীপ
৪	ফ্রান্স	অনুসমর্থনকারী	১৯৬০	মরুর দ্বীপ
৫	চীন	স্বাক্ষরকারী	১৯৬৪	লুপনার
৬	ভারত	স্বাক্ষর করেনি	১৯৭৪ (ব্যর্থ হয়) সফল ১৯৯৮ সালে	পোখরান
৭	পাকিস্তান	স্বাক্ষর করেনি	১৯৯৮	চাগাই
৮	উত্তর কোরিয়া	স্বাক্ষর করেনি	২০০৬	হাওয়াদরি

দেশ	গোয়েন্দা সংস্থার নাম
যুক্তরাষ্ট্র	<ul style="list-style-type: none"> Central Intelligence Agency (C.I.A) (যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ায় এর সদর দপ্তর অবস্থিত) NGA, NSA, INR Fairfax ডিফেন্স ইন্টেলিজেন্স এজেন্সি (DIA) ফেডারেল ব্যুরো অব ইন্ভেস্টিগেশন (FBI) ব্লাক ওয়াটার ওয়ার্ল্ড ওয়াইড

বিশ্বের নিরাপত্তা ব্যবস্থা

সাধারণ জ্ঞান



যুক্তরাজ্য	<ul style="list-style-type: none"> সিক্রেট ইন্টেলিজেন্স সার্ভিস (SIS) Military Intelligence, Section 9 (MI6) সিকিউরিটি সার্ভিস Security Service/ Military Intelligence, Section 5 (MI5)
রাশিয়া	<ul style="list-style-type: none"> ফরেন ইন্টেলিজেন্স সার্ভিস FSO FAPSI FSB (পূর্বনাম KGB)
ইসরাইল	<ul style="list-style-type: none"> মোসাদ (Mossad) আমান (Aman) শাভাক (Shabak) (মনে রাখার উপায়-SAM)
পাকিস্তান	<ul style="list-style-type: none"> Inter Service Intelligence (ISI) FIA
ইরান	<ul style="list-style-type: none"> IROIM ভিভাক (VEVAK)
আফগানিস্তান	<ul style="list-style-type: none"> NDS খাদ
ভারত	<ul style="list-style-type: none"> Research and Analysis Wing (RAW) Central Bureau of Investigation (CBI)
ফ্রান্স	DGSE
চীন	মিনিস্ট্রি অব স্টেট সিকিউরিটি (MSS)
জাপান	নাইচো (Naicho)
মিশর	মুখবরাত (Al-Mukhabarat al-Ammah, Mukhabarat el-Harbeya)
বাংলাদেশ	NSI(National Security Intelligence)

বিভিন্ন দেশের সীমান্ত বাহিনী

দেশ	সীমান্ত বাহিনী
ভারত	বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)
পাকিস্তান	রেঞ্জার্স
বাংলাদেশ	বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)
মায়ানমার	বর্ডার গার্ড পুলিশ

- মায়ানমারের সীমান্ত বাহিনীর পূর্বনাম ছিল নাসাকা।
- বাংলাদেশের সীমান্ত বাহিনীর পূর্বনাম ছিল বাংলাদেশ রাইফেলস (বিডিআর)।

উপনিবেশবাদ

উপনিবেশবাদ এর ইংরেজি Colonialism. উপনিবেশবাদ হলো কোন শক্তিশালী দেশ কর্তৃক অন্য কোন দেশ বা অঞ্চল এবং তার জনসাধারণের উপর দীর্ঘ সময় ধরে শাসন প্রতিষ্ঠা এবং তা বজায় রাখার ব্যবস্থা।

- যারা উপনিবেশ স্থাপন করে তাদের উপনিবেশবাদী দেশ এবং যাদেরকে শাসন করে তাদের উপনিবেশ/কলোনী বলা হয়।

দেশ	যে দেশের উপনিবেশ ছিল
এশিয়া মহাদেশ	
দক্ষিণ এশিয়ার সকল দেশ	ব্রিটেন
মালয়েশিয়া, ব্রুনাই	ব্রিটেন
ইন্দোনেশিয়া	নেদারল্যান্ডস
পূর্ব তিমুর	ইন্দোনেশিয়া/নেদারল্যান্ডস
সিঙ্গাপুর	মালয়েশিয়া/ব্রিটেন
ফিলিপাইন	যুক্তরাষ্ট্র
লাওস, কম্বোডিয়া, ভিয়েতনাম	ফ্রান্স
দূর প্রাচ্য	
উত্তর কোরিয়া	রাশিয়া
মঙ্গোলিয়া	চীন
চীন, জাপান	সম্রাট শাসিত রাজ্য
মধ্য এশিয়ার সকল দেশ	রাশিয়া

বিশ্বের নিরাপত্তা ব্যবস্থা

সাধারণ জ্ঞান



মধ্য প্রাচ্য	
মধ্যপ্রাচ্যের সকল দেশ (সিরিয়া, লেবানন, ব্যতীত)	ব্রিটেন
সিরিয়া, লেবানন	ফ্রান্স
ইউরোপ মহাদেশ	
গ্রিস, রুম্যানিয়া, পর্তুগাল	অটোমান সাম্রাজ্য
বেলজিয়াম, লুক্সেমবার্গ	নেদারল্যান্ডস
মাল্টা, আয়ারল্যান্ড, আইসল্যান্ড	ব্রিটেন
কসোভো, মন্টিনিগ্রো	সার্বিয়া
বাকী দেশ সমূহ	রাশিয়া
আফ্রিকা মহাদেশ	
অ্যাঙ্গোলা, গিনি, মোজাম্বিক, সাওটোম ও প্রিন্সিপে	পর্তুগাল
সোমালিয়া, লিবিয়া	ইতালি
রুয়ান্ডা, বুরুন্ডি	বেলজিয়াম
লাইবেরিয়া	যুক্তরাষ্ট্র
লেসেথো, নামিবিয়া	দক্ষিণ আফ্রিকা
উগান্ডা, কেনিয়া, গাম্বিয়া, ঘানা, জাম্বিয়া, জিম্বাবুয়ে, ভাঙ্গানিয়া, দক্ষিণ আফ্রিকা, নাইজেরিয়া, বতসোয়ানা, মালাবি, মিশর, সিয়েরা লিওন, ইসওয়াতিনি, সুদান, দক্ষিণ সুদান	ব্রিটেন
বাকী সব দেশ	ফ্রান্স

Note: উল্লেখ্য যে থাইল্যান্ড অতীতে কোনো দেশের উপনিবেশ বা অধীনে ছিল না

৩৩. এক তজরে...

- FBI এর পূর্ণরূপ কি?
☒ Federal Bureau of Investigation
- বাংলাদেশের সীমান্ত বাহিনীর পূর্ব নাম কি ছিল?
☒ BDR
- পৃথিবীর বৃহত্তম সেনাবাহিনীর দেশ কোনটি?
☒ চীন

- বর্তমান বিশ্বের স্বীকৃত পারমাণবিক শক্তিধর দেশ কয়টি?
☒ ৮টি
- বিশ্বের সবচেয়ে বেশি পারমাণবিক অস্ত্র আছে কোন দেশে?
☒ রাশিয়া
- ইসরাইলের সামরিক গোয়েন্দা সংস্থার নাম কী?
☒ আমান

৩৪. বিগত বছরের প্রমুখ সমুহ

৩৪. মেডিকেল এন্ড ডেন্টাল ভর্তি পরীক্ষা

- সি-১৩০ হচ্ছে একটি- [MBBS: 2004-05]
ক) জঙ্গী বিমান
খ) যাত্রীবাহী বিমান
গ) পরিবহন বিমান
ঘ) একটি হেলিকপ্টার

৩৪. বিসিএস পরীক্ষা

- মধ্য আমেরিকার কোন দেশে স্থায়ী সেনাবাহিনী নেই? [31st BCS]
ক) কলম্বিয়া
খ) নিকারাগুয়া
গ) কোস্টারিকা
ঘ) এল সালভাদর

৩৩. কোথায় সেনাবাহিনী নেই? [30th BCS]

- ক) সুদান
খ) সাইপ্রাস
গ) মালদ্বীপ
ঘ) ভুটান

৩৪. ফেয়ার ফ্যান্স কী? [28th BCS]

- ক) সংবাদ সংস্থা
খ) পরিবেশ সংস্থা
গ) গোয়েন্দা সংস্থা
ঘ) মানবাধিকার সংস্থা

৩৫. আবু সায়েফ গেরিলা গোষ্ঠী কোন দেশে তৎপর? [26th BCS]

- ক) ইরাক
খ) ফিলিপাইন
গ) ইন্দোনেশিয়া
ঘ) থাইল্যান্ড

উত্তরমালা	০১. গ	০২. গ	০৩. গ	০৪. গ	০৫. খ
-----------	-------	-------	-------	-------	-------

আন্তর্জাতিক সংস্থা ও সংগঠন

সাধারণ জ্ঞান



আন্তর্জাতিক সংস্থা ও সংগঠন

সম্মিলিত জাতিপুঞ্জ (League of Nations)

- ১৯১৯ সালে প্যারিস শান্তি আলোচনার ফলস্বরূপ এ সংস্থাটির জন্ম।
- ১৯১৯ সালের ২৮ জুন দ্বিতীয় ভার্সাই চুক্তি (Treaty of Versailles) স্বাক্ষরিত হয়। এই চুক্তির ফলে পৃথিবীতে বৈশ্বিক শান্তিরক্ষায় সর্বপ্রথম সংস্থাটি প্রতিষ্ঠিত হয়।
- এটির প্রস্তাবক ছিলেন যুক্তরাষ্ট্রের ২৮তম প্রেসিডেন্ট উড্রো উইলসন। তিনি তার ১৪ দফা শর্তের ১৪ নম্বর দফায় বিশ্ব শান্তি রক্ষার জন্য একটি আন্তর্জাতিক সংগঠন গড়ে তোলার প্রস্তাব করেন।
- এর সদর দপ্তর স্থাপিত হয় সুইজারল্যান্ডের জেনেভায় (প্রথমে ছিল যুক্তরাজ্যের লন্ডনে)।
- প্রতিষ্ঠাকালে জাতিপুঞ্জের সদস্য ছিল ৪২টি দেশ।
- যুক্তরাষ্ট্র জাতিপুঞ্জের সদস্য হয়নি।

জাতিসংঘ

The United Nations

দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষে বিজয়ী মিত্রশক্তি পরবর্তীকালে যাতে যুদ্ধ ও সংঘাত প্রতিরোধ করা যায়, এই উদ্দেশ্যে জাতিসংঘ প্রতিষ্ঠা করতে উদ্যোগী হয়। জাতিসংঘ গঠনের প্রস্তাবক মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট। জাতিসংঘের মূলমন্ত্র হচ্ছে 'এ পৃথিবী আপনার' (It's your World)।

জাতিসংঘ গঠনের ইতিহাস	
লন্ডন ঘোষণা	১৯৪১ সালের ১২ ই জুন জার্মানি ব্রিটেনকে আক্রমণ করার পরিস্থিতিতে ইউরোপের ৯টি দেশের প্রবাসী সরকার পৃথিবীতে শান্তি ও নিরাপত্তা প্রতিষ্ঠার জন্য লন্ডনের জেমস প্রাসাদে যে ঘোষণা দেয় সেটিই লন্ডন ঘোষণা। এটি জাতিসংঘ প্রতিষ্ঠার প্রথম পদক্ষেপ।
আটলান্টিক সনদ	১৯৪১ সালে তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল এবং মার্কিন প্রেসিডেন্ট ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট আটলান্টিক মহাসাগরে ব্রিটিশ রণতরী প্রিন্সেস অব ওয়েলস এ দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন। সেখানে তারা একটি শান্তি পরিকল্পনা খসড়া প্রণয়ন করেন। এটি বিখ্যাত আটলান্টিক সনদ নামে পরিচিত।
ওয়াশিংটন সম্মেলন	১২ মে- ২৫ মে ১৯৪৩ ওয়াশিংটন ডিসিতে যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের সরকার প্রধানদের মধ্যে সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলন থেকে জাতিসংঘ নামকরণ করেন ফ্রাঙ্কলিন ডি রুজভেল্ট।
কাসাবান্কা সম্মেলন	১৯৪২ সালে মরক্কোর কাসাবান্কায় অনুষ্ঠিত হয়, যেটি ছিল আফ্রিকার প্রথম সম্মেলন।
তেহরান সম্মেলন	১৯৪৩ সালের নভেম্বর-ডিসেম্বরে মার্কিন প্রেসিডেন্ট রুজভেল্ট, ব্রিটিশ প্রধানমন্ত্রী উইনস্টন চার্চিল এবং সোভিয়েত সেক্রেটারি জেনারেল স্ট্যালিন ইরানের তেহরানে এক বৈঠকে জাতিসংঘ গঠনে একমত হন। এ সম্মেলনে বিশ্বের সকল দেশকে এ সংগঠনের সদস্য হওয়ার আহ্বান জানানো হয়।
ইয়াল্টা সম্মেলন	১৯৪৫ সালের ফেব্রুয়ারিতে যুক্তরাষ্ট্র ইউরোপের পুনর্গঠনের জন্য ইউক্রেনের ইয়াল্টায় প্রেসিডেন্ট রুজভেল্ট, প্রধানমন্ত্রী চার্চিল এবং সোভিয়েত সেক্রেটারি জেনারেল স্ট্যালিন এক সম্মেলনে মিলিত হন। এই সম্মেলন 'ত্রিমিত্র সম্মেলন' নামেও পরিচিত। এই সম্মেলনে ৫টি স্থায়ী সদস্যকে Veto ক্ষমতা প্রদান করা হয়।
সানফ্রান্সিসকো সম্মেলন	১৯৪৫ সালের ২৬ জুন বিশ্বের ৫০টি দেশের প্রতিনিধিরা যুক্তরাষ্ট্রের সানফ্রান্সিসকোতে ১১১ ধারা সম্মিলিত জাতিসংঘের সনদে স্বাক্ষর করেন। সনদটি রচনা করেন আর্কিবল্ড ম্যাকলিস। ১৯৪৫ সালের ১৫ অক্টোবর ৫১ তম দেশ হিসেবে পোল্যান্ড জাতিসংঘ সনদে স্বাক্ষর করে। ১৯৪৫ সালের ২৪ অক্টোবর ৫১টি দেশ নিয়ে প্রতিষ্ঠিত হয় জাতিসংঘ এবং এ দিন থেকে জাতিসংঘ সনদ কার্যকর হয়। এ জন্য ২৪ অক্টোবর 'জাতিসংঘ দিবস' হিসেবে পালিত হয়।

বর্তমান জাতিসংঘ	
সদর দপ্তর (আন্তর্জাতিক অঞ্চল)	ম্যানহাটন, নিউইয়র্ক সিটি, যুক্তরাষ্ট্র
ইউরোপীয় দপ্তর	জেনেভা, সুইজারল্যান্ড



দাপ্তরিক ভাষা	<p>৬টি। যথা- ▪ ইংরেজি (English) ▪ ফরাসি (French)</p> <p>▪ চীনা (Mandarin) ▪ রুশ (Russian)</p> <p>▪ স্পেনিশ (Spanish) ▪ আরবি (Arabic)</p> <p>♦ জাতিসংঘের সচিবালয়ের কাজে ব্যবহৃত হয় ইংরেজি ও ফরাসি ভাষা।</p>
জাতিসংঘের সদস্য	<p>• বর্তমান সদস্য সংখ্যা ১৯৩।</p> <p>• জাতিসংঘের বৃহত্তম সদস্য রাষ্ট্র- ▪ আয়তনে → রাশিয়া ▪ জনসংখ্যায় → ভারত</p> <p>• জাতিসংঘের ক্ষুদ্রতম সদস্য রাষ্ট্র- ▪ আয়তনে → মোনাকো ▪ জনসংখ্যায় → টুভালু</p> <p>• সর্বশেষ সদস্য রাষ্ট্র হিসেবে দক্ষিণ সুদান ২০১১ সালের ১৪ই জুলাই যোগদান করে।</p> <p>• ১৯৭১ সালের ২৫শে অক্টোবর গণচীন জাতিসংঘে অন্তর্ভুক্ত হয়।</p> <p>• স্বাধীন দেশ হয়েছে জাতিসংঘের সদস্য নয় ভ্যাটিকান সিটি ও কসোভো।</p>
স্থায়ী পর্যবেক্ষক রাষ্ট্র	<p>▪ ফিলিস্তিন ▪ ভ্যাটিকান সিটি</p>

জাতিসংঘের গঠন

জাতিসংঘের মূল অঙ্গ সংস্থা ৬টি-

- সাধারণ পরিষদ- General Assembly (UNGA)
- নিরাপত্তা পরিষদ/স্বত্তি পরিষদ- Security Council (UNSC)
- অর্থনৈতিক ও সামাজিক পরিষদ-Economic and Social Council (ECOSOC)
- অস্থি পরিষদ - Trusteeship Council
- আন্তর্জাতিক আদালত- International Court of Justice (ICJ)
- সচিবালয়- Secretariat (UN Secretariat)

সাধারণ পরিষদ (General Assembly)

জাতিসংঘের আলোচনার মূল কেন্দ্র হল সাধারণ পরিষদ, যার অপর নাম আলোচনা পরিষদ। ১৯৪৬ সালের ১০ জানুয়ারি জাতিসংঘের সাধারণ পরিষদের প্রথম অধিবেশন লন্ডনের ওয়েস্ট মিনিস্টার হলে অনুষ্ঠিত হয়। সাধারণত প্রতি বছর সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার এই পরিষদের বাৎসরিক নিয়মিত অধিবেশন শুরু হয় এবং সাধারণত ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত স্থায়ী হয়। সাধারণ পরিষদের অধিবেশনে প্রতিটি সদস্য রাষ্ট্র সর্বোচ্চ ৫ জন প্রতিনিধি পাঠাতে পারে। তবে একটিমাত্র ভোট দিয়ে পারে।

জাতিসংঘ সনদের ৯ নং অনুচ্ছেদ থেকে ২২ নং অনুচ্ছেদে বর্ণিত বিষয়বস্তুর আলোকে সাধারণ পরিষদের গঠন, ক্ষমতা, কার্যাবলী ইত্যাদি নিয়ে আলোচনা করা হয়।

নিরাপত্তা পরিষদ (Security Council)

জাতিসংঘের কার্যকরী পরিষদ হলো নিরাপত্তা পরিষদ। প্রতিষ্ঠাকালীন সদস্য রাষ্ট্র ১১টি (৫টি স্থায়ী এবং ৬টি অস্থায়ী)। নিরাপত্তা বা স্বত্তি পরিষদের বর্তমান সদস্য রাষ্ট্র ১৫টি (স্থায়ী ৫টি এবং অস্থায়ী ১০টি)।

- স্থায়ী সদস্য রাষ্ট্রসমূহ হল-
 - যুক্তরাষ্ট্র ▪ যুক্তরাজ্য ▪ রাশিয়া ▪ ফ্রান্স ▪ চীন

ভেটো ক্ষমতা

Veto ল্যাটিন ভাষার শব্দ। ভেটো অর্থ আমি ইহা মানিনা। নিরাপত্তা পরিষদের স্থায়ী ৫টি সদস্য রাষ্ট্রের ভেটো প্রদানের ক্ষমতা আছে। নিরাপত্তা পরিষদের সিদ্ধান্ত গ্রহণের জন্য কমপক্ষে ৯টি (৫টি স্থায়ী এবং ৪টি অস্থায়ী) সদস্য রাষ্ট্রের সম্মতি প্রয়োজন। ভেটো ক্ষমতা দেওয়া হয় ইয়াল্টা সম্মেলনের মাধ্যমে, ১৯৪৫ সালের ফেব্রুয়ারি মাসে।

- জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে।
- নিরাপত্তা পরিষদের সভাপতি নির্বাচিত হয় ১ মাসের জন্য।
- নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচিত হয় ২ বছরের জন্য।
- বাংলাদেশ এ পর্যন্ত ২ বার (১৯৭৯-১৯৮০, ২০০০-২০০১) নিরাপত্তা পরিষদের সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছে।
- এ পর্যন্ত নিরাপত্তা পরিষদের সর্বোচ্চ ১১ বার অস্থায়ী সদস্য নির্বাচিত হয়েছে জাপান।
- নিরাপত্তা পরিষদের প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয় ১৯৯২ সালে। প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয় ২৭ জানুয়ারি ১৯৪৬ সালে।

আন্তর্জাতিক সংস্থা ও সংগঠন

সাধারণ জ্ঞান



অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (Economic and Social Council)

এই সংস্থার সদস্য রাষ্ট্র ৫৪টি। সদস্যরা ৩ বছরের জন্য নির্বাচিত হন। প্রতি ৩ বছর অন্তর ১৮টি রাষ্ট্র অবসর গ্রহণ করে এবং ১৮টি রাষ্ট্র নতুন সদস্য হিসেবে নির্বাচিত হন। বাংলাদেশ ২০১০-২০১২ সেশনে অর্থনৈতিক ও সামাজিক পরিষদে সদস্য রাষ্ট্র হিসেবে মনোনিত হয়েছিল।

অর্থনৈতিক ও সামাজিক পরিষদের ৫টি আঞ্চলিক অর্থনৈতিক কমিশন	
কমিশন	সদর দপ্তর
আফ্রিকান অর্থনৈতিক কমিশন (ECA)	আদিস আবাবা, ইথিওপিয়া
ইউরোপীয় অর্থনৈতিক কমিশন (ECE)	জেনেভা, সুইজারল্যান্ড
ল্যাটিন আমেরিকা ও ক্যারিবীয় অর্থনৈতিক কমিশন (ECLAC)	সান্তিয়াগো, চিলি
এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অর্থনৈতিক ও সামাজিক কমিশন (ESCAP)	ব্যাংকক, থাইল্যান্ড
পশ্চিম এশীয় অর্থনৈতিক ও সামাজিক কমিশন (ESCWA)	বৈরুত, লেবানন

অস্থি পরিষদ (Trusteeship Council)

অস্থি পরিষদের উদ্দেশ্য ছিল উপনিবেশের অধীনে থাকা দেশ বা অঞ্চল গুলোকে স্বাধীন করে জাতিসংঘের সদস্যভুক্ত করা। এই লক্ষ্যে ১৯৪৫ সালে এটি গঠিত হয় এবং ১৯৯৪ সালের নভেম্বরে পলাউ এর স্বাধীনতার পরে এই পরিষদের কর্মকাণ্ডের সফল পরিসমাপ্তি ঘটে।

আন্তর্জাতিক ন্যায়বিচার আদালত (International Court of Justice)

আন্তর্জাতিক বিরোধের ক্ষেত্রে জাতিসংঘের যে কোন সদস্য রাষ্ট্র অন্য সদস্য রাষ্ট্রের বিরুদ্ধে এ আদালতে বিচার প্রার্থনা করতে পারে।

♦ আন্তর্জাতিক আদালত ৯ বছর মেয়াদী ১৫ জন বিচারক দ্বারা পরিচালিত। সভাপতির মেয়াদ তিন বছর।

♦ এটি সাংবিধানিক নথিপত্র দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত। এর সদর দপ্তর নেদারল্যান্ডের দ্য হেগ শহরে।

Note: আন্তর্জাতিক আদালত জাতিসংঘের একটি অঙ্গ সংগঠন কিন্তু আন্তর্জাতিক অপরাধ আদালত বা স্থায়ী সালিশী আদালত জাতিসংঘের কোন অঙ্গ প্রতিষ্ঠান নয়।

জাতিসংঘ সচিবালয় (Secretariat)

এটি জাতিসংঘের ৬টি গুরুত্বপূর্ণ সংস্থার অন্যতম। এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক এ অবস্থিত। এ শাখাটি সেক্রেটারিয়েট বা সম্পাদকীয় দপ্তর বা শাসন বিভাগীয় সংস্থা হিসেবেও পরিচিত। এটি জাতিসংঘের প্রশাসনিক বিভাগ হিসেবে দায়িত্ব পালন করে আসছে। এই সংস্থার প্রধান হিসেবে রয়েছেন একজন মহাসচিব। নিরাপত্তা পরিষদের সুপারিশক্রমে সাধারণ পরিষদ কর্তৃক ৫ বছরের জন্য মহাসচিব নিযুক্ত হন। একজন মহাসচিবকে চাইলে পরের মেয়াদের জন্যও মনোনিত করা যেতে পারে। জাতিসংঘের বর্তমান মহাসচিব হলেন অ্যান্টোনিও গুতেরেস। তিনি পর্তুগালের নাগরিক।

জাতিসংঘের মহাসচিববৃন্দ			
ক্রম	নাম ও দেশ	মেয়াদকাল	বিশেষত্ব
১ম	ট্রিগভেলি হাভলেন লি (নরওয়ে)	১৯৪৬-১৯৫২	▪ একমাত্র পদত্যাগকারী মহাসচিব ▪ বাংলাদেশের ভাষা আন্দোলন কালীন মহাসচিব
২য়	দ্যাগ হামারশোল্ড (সুইডেন)	১৯৫৩-১৯৬১	▪ ১৯৬১ সালে বিমান দুর্ঘটনায় নিহত হন ▪ ১৯৬১ সালে শান্তিতে মরণোত্তর নোবেল পুরস্কার লাভ করেন।
৩য়	উথান্ট (মায়ানমার)	১৯৬১-১৯৭১	▪ প্রথম এশীয় মহাসচিব ▪ বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন মহাসচিব
৪র্থ	কুর্ট ওয়ার্ল্ডহেইম (অস্ট্রিয়া)	১৯৭২-১৯৮১	▪ ১৯৮৬ সালে নিজ দেশ অস্ট্রিয়ার প্রেসিডেন্ট নির্বাচিত হন
৫ম	জ্যাভিয়ারের পেরেজ দ্য কুয়েলার (পেরু)	১৯৮২-১৯৯১	▪ দক্ষিণ আমেরিকা থেকে নির্বাচিত প্রথম মহাসচিব ▪ ২০০০ সালে নিজ দেশ পেরুর প্রধানমন্ত্রী নির্বাচিত হন
৬ষ্ঠ	ড. বুট্রোস ঘালি (মিশর)	১৯৯২-১৯৯৬	▪ আফ্রিকা থেকে নির্বাচিত প্রথম মহাসচিব
৭ম	কফি আনান (ঘানা)	১৯৯৭-২০০৬	▪ আফ্রিকা থেকে নির্বাচিত দ্বিতীয় মহাসচিব ▪ ২০০১ সালে জাতিসংঘের সাথে যৌথভাবে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।

আন্তর্জাতিক সংস্থা ও সংগঠন

সাধারণ জ্ঞান



৮ম	বান কি মুন (দক্ষিণ কোরিয়া)	২০০৭-২০১৬	<ul style="list-style-type: none"> সম্প্রতি ২০১৭ সালে মায়ানমারের রাখাইন রাজ্যে রোহিঙ্গা মুসলমানদের উপর চলা সামরিক অভিযানের পর তিনি এক দীর্ঘ সফর শেষে ঐ এলাকায় মানবাধিকার লঙ্ঘনের প্রতিবেদন সম্পর্কে গভীর উদ্বেগ প্রকাশ করেন।
৯ম	অ্যান্টোনিও গুতেরেস (পর্তুগাল)	২০১৭-বর্তমান	<ul style="list-style-type: none"> ২০১৮ সালের ১-২ জুলাই তিনি বাংলাদেশে এসেছিলেন। ২০২৫ সালে ৪দিনের সফরে বাংলাদেশে আসেন।

- এ পর্যন্ত মোট ৯ জন ব্যক্তিত্ব বিভিন্ন সময়ে জাতিসংঘের মহাসচিবের দায়িত্ব পালন করেছেন।
- এ পর্যন্ত মোট ৫ জন মহাসচিব বাংলাদেশ সফর করেছেন।

জাতিসংঘের বিশেষায়িত সংস্থাসমূহ (UN Specialized Agencies)			
সংস্থা	পূর্ণরূপ	প্রতিষ্ঠাকাল	মন্তব্য
FAO	Food and Agricultural Organization (খাদ্য ও কৃষি সংস্থা)	১৯৪৫	জাতিসংঘের প্রথম বিশেষায়িত সংস্থা।
ICAO	International Civil Aviation Organization (আন্তর্জাতিক বেসামরিক বিমান চলাচল সংস্থা)	১৯৪৪	এটি জাতিসংঘের বিশেষ সংস্থার মর্যাদা লাভ করে ১৯৪৭ সালে।
IFAD	International Fund for Agricultural Development (আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল)	১৯৭৭	প্রধান লক্ষ্য হলো কৃষকদের জীবিকা উন্নয়ন এবং দরিদ্র অঞ্চলের মানুষের জন্য টেকসই কৃষি উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন করা।
ILO	International Labour Organization (আন্তর্জাতিক শ্রম সংস্থা)	১৯১৯	ভার্সাই চুক্তির আওতায় এটি প্রতিষ্ঠিত হয়। ১৯৬৯ সালে শান্তিতে নোবেল লাভ করে এ সংস্থা।
IMO	International Maritime Organization (আন্তর্জাতিক সমুদ্র চলাচল সংস্থা)	১৯৪৮	—
WB	World Bank প্রকৃত নাম IBRD (International Bank for Reconstruction and Development)	১৯৪৫	১৯৪৪ সালের জুলাই মাসে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারের ব্রোটন উডস সম্মেলন অনুষ্ঠিত হয়। এতে WB এবং IMF গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়। বর্তমান প্রেসিডেন্ট: অজয় বাঙ্গা (ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান)
IMF	International Monetary Fund (আন্তর্জাতিক মুদ্রা তহবিল)	১৯৪৪	১-২২ জুলাই ১৯৪৪ যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ারে ব্রোটন উডস সম্মেলনে ৪৫ টি দেশের প্রতিনিধিদের অংশগ্রহণে গৃহীত চুক্তির মাধ্যমে এটি গঠিত হয়। চুক্তিটি আনুষ্ঠানিকভাবে কার্যকর হয় ২৭ ডিসেম্বর ১৯৪৫। এটি ১৯৯৯ সালে দারিদ্র্য বিমোচন ও প্রবৃদ্ধি সহায়তা কর্মসূচি (PRGF) চালু করে। IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক SDR (Special Drawing Rights)।
ITU	International Telecommunication Union. (আন্তর্জাতিক টেলিযোগাযোগ ইউনিয়ন)	১৮৬৫	এর পূর্বনাম ছিল International Telegraph Union.
UNESCO	United Nations Educational, Scientific and Cultural Organization (জাতিসংঘ শিক্ষা, বিজ্ঞান ও সাংস্কৃতিক সংস্থা)	১৯৪৬	এ সংস্থা বিশ্ব ঐতিহ্য এলাকা ঘোষণা করে। এর বর্তমান সদস্য রাষ্ট্র ১৯৪টি।
UNIDO	United Nations Industrial Development Organization (জাতিসংঘ শিল্প উন্নয়ন সংস্থা)	১৯৬৬	এটি জাতিসংঘের বিশেষ মর্যাদা লাভ করে ১ জানুয়ারি ১৯৮৬।

আন্তর্জাতিক সংস্থা ও সংগঠন

সাধারণ জ্ঞান



UPU	Universal Postal Union (বিশ্ব ডাক ইউনিয়ন)	১৮৭৪	এর পূর্বনাম ছিল General Postal Union.
WBG	World Bank Group (বিশ্ব ব্যাংক গ্রুপ)	১৯৪৪	এটি ৫টি অ্যাফিলিয়েটেড ইনস্টিটিউশন নিয়ে গঠিত। যথা- IBRD, IFC, IDA, MIGA, ICSID. এটি ফ্রান্সকে প্রথম ঋণ দান করেন।
WHO	World Health Organization (বিশ্ব স্বাস্থ্য সংস্থা)	১৯৪৮ ৭ ই এপ্রিল	মানব ক্রোন নিষিদ্ধকারী সংস্থা। বিশ্ব হতে পোলিও নির্মূলের জন্য এ সংস্থা ইউনেসফ ও রোটারি ফাউন্ডেশনের সাথে যৌথ ভাবে ১৯৮৮ সালে পোলিও টিকাদান কর্মসূচি গ্রহণ করে। ৭ এপ্রিল বিশ্ব স্বাস্থ্য দিবস।
WIPO	World Intellectual Property Organization (বিশ্ব বুদ্ধিবৃত্তিক সম্পদ সংস্থা)	১৯৬৭	—
WMO	World Meteorological Organization (বিশ্ব আবহাওয়া সংস্থা)	১৮৭৩	—
UNWTO	World Tourism Organization (বিশ্ব পর্যটন সংস্থা)	১৯৭৫	—

- WBG ও IMF এর স্বপ্নদ্রষ্টা জন মেনার্ড কেইল, যুক্তরাজ্য ও হ্যারিডেব্রচার হোয়াইট, যুক্তরাষ্ট্র।
- বাংলাদেশ উন্নয়ন ফোরামের প্রধান সমন্বয়কারীর কাজ করে বিশ্ব ব্যাংক।
- World Bank এর বার্ষিক প্রকাশনা হল World Development Report.
- করোনা ভাইরাসকে Pandemic ঘোষণা করে WHO।
- World Heritage বা বিশ্ব ঐতিহ্য এলাকা তালিকাভুক্ত করে UNESCO.

জাতিসংঘ সম্পর্কিত সংস্থাসমূহ (UN Related Organizations)			
সংস্থা	পূর্ণরূপ	প্রতিষ্ঠাকাল	মন্তব্য
CTBTO	Comprehensive Nuclear-Test-Ban Treaty Organization (পারমাণবিক পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি সংস্থা)	১৯৯৬	এটি মোট ১৮৪টি দেশকে অন্তর্ভুক্ত করেছে, তবে হল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র, চীন, ভারত, পাকিস্তান, কোরিয়া, ইসরায়েল এই সব দেশের অনুমোদন পায়নি।
IAEA	International Atomic Energy Agency (আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থা)	১৯৫৭	এ সংস্থার সাবেক প্রধান মোহাম্মদ এলবারাদি ও এই সংস্থা যৌথভাবে ২০০৫ সালে শান্তিতে নোবেল পুরস্কার পান।
IOM	International Organization for Migration (আন্তর্জাতিক অভিবাসন সংস্থা)	১৯৫১	অভিবাসন ও অভিবাসীদের জন্য বিভিন্ন সেবা সহায়তা এবং নীতিমালা সরবরাহ করে।
WTO	World Trade Organization (বিশ্ব বাণিজ্য সংস্থা)	১৯৯৫	৮ বছর ধরে চলা ৮ রাউন্ড আলোচনা যা উরুগুয়ে রাউন্ড নামে পরিচিত এর মাধ্যমে ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত GATT (General Agreement on Tariffs and Trade) ১৯৯৫ সালের ১ জানুয়ারি WTO তে রূপান্তরিত হয়। এটি বিশ্ব বাণিজ্যের বৃহত্তম অর্থনৈতিক জোট।
OPCW	Organization for the Prohibition of Chemical Weapons. (রাসায়নিক অস্ত্র নিষিদ্ধকরণ সংস্থা)।	১৯৯৭	এই সংস্থাটি ২০১৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।
IPCC	Intergovernmental Panel on Climate Change. (জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল)	১৯৮৮	এই সংস্থাটি UNEP এবং WMO দ্বারা গঠন করা হয় এবং ২০০৭ সালে নোবেল পুরস্কার লাভ করে।



UN Programmes & Fund (জাতিসংঘের কর্মসূচী এবং তহবিল)			
সংস্থা	পূর্ণরূপ	প্রতিষ্ঠাকাল	মন্তব্য
UNDP	United Nations Development Programme (জাতিসংঘ উন্নয়ন কর্মসূচী)	১৯৬৫	জাতিসংঘের বহুমুখী বিনিয়োগ ও কারিগরি সহযোগীতা সংস্থা। মানব উন্নয়ন সূচক (HDI) প্রকাশ করে।
UNICEF	United Nations Children's Fund (জাতিসংঘ শিশু তহবিল)	১৯৪৬	এটি শিশু অধিকার, শিশুদের উন্নতি ও নিরাপত্তা সংক্রান্ত কর্মকান্ড পরিচালিত করে থাকে। ১৯৬৫ সালে নোবেল পুরস্কার লাভ করেন।
UNHCR	United Nations High Commissioner for Refugees (জাতিসংঘ শরণার্থী বিষয়ক হাই কমিশন)	১৯৫০	১৯৫৪ ও ১৯৮১ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন।
WFP	World Food Programme (বিশ্ব খাদ্য সংস্থা)	১৯৬১	সংস্থাটি ২০২০ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।
UNODC	United Nations Office on Drugs and Crime (জাতিসংঘ মাদক নিয়ন্ত্রণ ও অপরাধ নিরোধ দপ্তর)	১৯৯৭	সদস্য দেশগুলোর মধ্যে মাদক দ্রব্যের অপব্যবহার, অপরাধ, দুর্নীতি এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে সংগ্রাম করে।
UNFPA	United Nations Population Fund (জাতিসংঘ জনসংখ্যা তহবিল)	১৯৬৯	জাতিসংঘের এই সংস্থা বিশ্ব জনসংখ্যার রিপোর্ট প্রকাশ করে।
UNCTAD	United Nations Conference on Trade and Development (জাতিসংঘ বাণিজ্য ও উন্নয়ন সম্মেলন)	১৯৬৪	প্রতি বছর বিশ্ব বিনিয়োগ প্রতিবেদন প্রকাশ করে।
UNEP	United Nations Environment Programme (জাতিসংঘ পরিবেশ কর্মসূচী)	১৯৭২	গ্রিন বেল্ট ম্যুভমেন্ট পরিচালনাকারী সংস্থা। এই সংস্থাটি 'চ্যাম্পিয়ন অব দ্য আর্থ' পুরস্কারের প্রবর্তক।
UN Women	United Nations Entity for Gender Equality and the Empowerment of Women	২০১০	এর আওতাভুক্ত কর্মসূচি ৪টি। যথা- UNIFEM, DAW, OSAGI, INSTRAW
UNIFEM	United Nations Development Fund for Women. (জাতিসংঘ নারী উন্নয়ন তহবিল)	১৯৭৬	এই সংস্থাটি বিশ্বের নারী উন্নয়নে কাজ করে।

জাতিসংঘের সনদ বা কনভেনশনসমূহ			
নাম	স্বাক্ষর	কার্যকর	ধারা
United Nation Human Rights Charter (UNHRC)/ জাতিসংঘ মানবাধিকার সনদ	১০ ডিসেম্বর, ১৯৪৮ [১০ ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস]	-	৩০টি
Convention on the Elimination of All forms of Discrimination Against Women (CEDAW)/নারীর প্রতি সকল বৈষম্য বিলোপ বিষয়ক কনভেনশন। নারীর অধিকারের একটি দলিল।	১৮ ডিসেম্বর, ১৯৭৯	৩ সেপ্টেম্বর, ১৯৮১	৩০টি
United Nations Convention on the Rights of the Child (UNCRC)/শিশু অধিকার বিষয়ক জাতিসংঘ কনভেনশন	১৯৮৯	২ সেপ্টেম্বর, ১৯৯০	৫৪টি
UN Convention on the Law of the sea (UNCLOS)/সমুদ্র আইন বিষয়ক জাতিসংঘ কনভেনশন।	১০ ডিসেম্বর, ১৯৮২	১৬ নভেম্বর, ১৯৯৪	৩২০টি
United Nations charter (জাতিসংঘ সনদ)।	২৬ জুন, ১৯৪৫	২৪ অক্টোবর ১৯৪৫	১১০টি



- **International Tribunal for the Law of the Sea (ITLOS)** সমুদ্র আইন বিষয়ক আন্তর্জাতিক আদালত। এটি প্রতিষ্ঠিত হয় ১৬ নভেম্বর, ১৯৯৪। এর সদর দপ্তর জার্মানির হামবুর্গে।
- **Intergovernmental Panel on Climate Change (IPCC)**— ২০০৭ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।
- **International Trade Centre (ITC)** এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড।

Sustainable Development Goals (SDGs)

জাতিসংঘ কর্তৃক গৃহীত MDG এর মেয়াদ শেষ হওয়ার পরে গৃহীত নতুন পরিকল্পনা হচ্ছে Sustainable Development Goals (SDGs) বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা। **SDGs এর মেয়াদ ২০১৬-২০৩০ সাল। এতে মোট ১৭টি লক্ষ্যমাত্রা ও ১৬৯টি সুনির্দিষ্ট লক্ষ্য অন্তর্ভুক্ত রয়েছে।**

লক্ষ্যমাত্রাসমূহ (Goals):

- | | |
|--|--|
| ১. দারিদ্র্য বিমোচন | ১০. বৈষম্য হ্রাস |
| ২. ক্ষুধামুক্তি | ১১. টেকসই নগর ও সম্প্রদায় |
| ৩. সুস্বাস্থ্য | ১২. সম্পদের দায়িত্বপূর্ণ ব্যবহার |
| ৪. মানসম্মত শিক্ষা | ১৩. জলবায়ু বিষয়ে পদক্ষেপ |
| ৫. লিঙ্গ সমতা | ১৪. টেকসই মহাসাগর |
| ৬. সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা | ১৫. ভূমির টেকসই ব্যবহার |
| ৭. নবায়ন যোগ্য ও ব্যয় সাধ্য জ্বালানী | ১৬. শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান |
| ৮. কর্মসংস্থান ও অর্থনীতি | ১৭. টেকসই উন্নয়নের জন্য অংশীদারিত্ব |
| ৯. উদ্ভাবন ও উন্নত অবকাঠামো | |

Millennium Development Goals (MDGs)

MDGs পূর্ণরূপ Millennium Development Goals। জাতিসংঘের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা হলো (MDGs)। ২০০০ সালে জাতিসংঘের প্রতিষ্ঠিত ৮টি আন্তর্জাতিক উন্নয়ন লক্ষ্য। ১৫ বছর মেয়াদি সহস্রাব্দ উন্নয়নে ৮টি লক্ষ্যমাত্রা অর্জনের মেয়াদ নির্ধারণের করা হয় ২০১৫ সাল পর্যন্ত।

জাতিসংঘের শান্তিরক্ষা কার্যক্রম

জাতিসংঘ প্রথম ১৯৪৮ সালে ফিলিস্তিনে শান্তিরক্ষা কার্যক্রম চালু করে। জাতিসংঘের প্রথম শান্তিরক্ষা মিশনের নাম United Nations Truce Supervision Organization (UNTSO)। এ পর্যন্ত জাতিসংঘের সর্বমোট শান্তিরক্ষা মিশন পরিচালিত হয়েছে ৭৪টি এবং শান্তিরক্ষী মিশনে সৈন্য প্রেরণ করেছে মোট ১২০টি দেশ। বর্তমানে ১২ টি শান্তিরক্ষা মিশন চলছে। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে সর্বাধিক ব্যয় (মোট ব্যয়ের ২৬ শতাংশ) বহনকারী দেশ হল যুক্তরাষ্ট্র।

- বর্তমানে জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে সর্বাধিক সৈন্য প্রেরণকারী ১ম দেশ নেপাল, ২য় বাংলাদেশ।
- জাতিসংঘ শান্তিরক্ষী মিশনের সৈন্যদের শিরস্ত্রাণের রং আকাশি/নীল।
- জাতিসংঘ শান্তিরক্ষী মিশনের প্রধান হার্ডে লেসুস (ফ্রান্স)।



শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ

১৯৭৯ সালে বাংলাদেশ শান্তিরক্ষী মিশনের সদস্য হয়। বাংলাদেশ প্রথম ১৯৮৮ সালে ইরান-ইরাক শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করে। বাংলাদেশ পুলিশ শান্তিরক্ষী মিশনে যোগদেয় ১৯৮৯ সালে (মহিলা পুলিশ ২০০০ সালে)। বাংলাদেশ নৌ ও বিমান বাহিনী শান্তিরক্ষী মিশনে যোগদেয় ১৯৯৩ সালে। এ পর্যন্ত বাংলাদেশ ৫৪টি শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করেছে। প্রথম ইরান ইরাক যুদ্ধে (UNIMOG) বাংলাদেশ শান্তিরক্ষী মিশনে সৈন্য প্রেরণ করে এবং এই মিশনে সৈন্য সংখ্যা ছিল ১৫ জন। জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের এশিয় কার্যালয় বাংলাদেশের ঢাকায় অবস্থিত। জাতিসংঘ শান্তিরক্ষী মিশনের বাংলাদেশে অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রের নাম- BIPSOT (Bangladesh Institute of Peace Support Operation Training), গাজীপুর।



জাতিসংঘে বাংলাদেশ

- বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য।
- সদস্যপদ লাভ করে ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ সালে ২৯তম অধিবেশনে।
- বাংলাদেশ ১৯৮৬ সালে সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনে সভাপতিত্ব করে।
- বাংলাদেশের পক্ষে সভাপতিত্ব করেন হুমায়ুন রশিদ চৌধুরী।
- বাংলাদেশ জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য নির্বাচিত হয় ২ বার (১৯৭৯-৮০ ও ২০০০-০১ সেশন)।
- জাতিসংঘে বাংলাদেশের প্রথম স্থায়ী প্রতিনিধি এস এ করিম।
- জাতিসংঘে বাংলাদেশের প্রথম নারী স্থায়ী প্রতিনিধি ইসমত জাহান।
- বাংলাদেশের আমিরাহ হক জাতিসংঘের আন্ডার সেক্রেটারি পদে নিযুক্ত হন।

জাতিসংঘের বিবিধ

- জাতিসংঘের প্রথম নারী ন্যায়পাল প্যাট্রিসিয়া ডুরাই (জ্যামাইকা)।
- জাতিসংঘ বিশ্ববিদ্যালয় অবস্থিত টোকিওতে (প্রতিষ্ঠা ১৯৭৩)।
- *** যুক্তরাষ্ট্র UNESCO থেকে নিজেকে প্রত্যাহার করে ১৯৮৪ সালে। তৎকালীন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানের অভিযোগ ছিল UNESCO রাশিয়া ঘেঁষা, ইসরাইল বিরোধী ও মুক্তবাজার বিরোধী। পুনরায় যোগদান করে ১ অক্টোবর ২০০৩। সম্প্রতি ১ জানুয়ারি ২০১৯ সালে ফিলিপিনকে স্বীকৃতি দেয়ায় যুক্তরাষ্ট্র ও ইসরাইল ১ জানুয়ারি ২০১৯ সালে UNESCO ত্যাগ করে।
- জাতিসংঘের অধীনস্থ সংস্থা ৩৬টি, সর্বশেষ সংস্থা UNEP।
- জাতিসংঘ পতাকা-হালকা নীলের মাঝে সাদাবৃত্ত (২০ অক্টোবর ১৯৪৭ থেকে)।
- G-4 জাতিসংঘের নিরাপত্তা পরিষদের সদস্য হতে আগ্রহী চারটি দেশ- জাপান, জার্মানী, ব্রাজিল ও ভারত।
- জাতিসংঘ সাধারণ পরিষদের প্রথম মুসলিম নারী সভাপতি সাযখা হায়া বিনতে রশিদ আল খলিফা (বাহরাইন)।

এক তজ্রেরে...

০১. জাতিসংঘের পূর্বসূরী বলা হয় কোন সংস্থাকে?
☒ জাতিপুঞ্জ
০২. জাতিসংঘের মূলমন্ত্র কি?
☒ 'এ পৃথিবী আপনার' (It's your World)
০৩. কত তারিখে জাতিসংঘ দিবস পালন করা হয়?
☒ ২৪ অক্টোবর
০৪. জাতিসংঘের সাধারণ পরিষদের অপর নাম কি?
☒ আলোচনা পরিষদ
০৫. কোন সম্মেলনের মাধ্যমে জাতিসংঘের স্থায়ী রাষ্ট্রসমূহকে ভেটো ক্ষমতা দেওয়া হয়?
☒ ইয়াল্টা সম্মেলন
০৬. জাতিসংঘের প্রথম মহাসচিবের নাম কি?
☒ ট্রিগভেলি হাভলেন লি (নরওয়ে)
০৭. বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন জাতিসংঘের মহাসচিব কে ছিলেন?
☒ উথান্ট
০৮. জাতিসংঘের প্রথম বিশেষায়িত সংস্থা কোনটি?
☒ FAO
০৯. বিশ্ব ঐতিহ্য (World Heritage) এলাকা তালিকাভুক্ত করে কোন সংস্থা?
☒ UNESCO
১০. বর্তমানে জাতিসংঘের শান্তিরক্ষী মিশনে সর্বাধিক সৈন্য প্রেরণকারী দেশ কোনটি?
☒ নেপাল (বাংলাদেশ ২য়)
১১. বাংলাদেশ প্রথম জাতিসংঘ শান্তিরক্ষী মিশনে অংশগ্রহণ করে কত সালে?
☒ ১৯৮৮ (ইরান-ইরাক যুদ্ধে)
১২. জাতিসংঘে বাংলাদেশের নারী স্থায়ী প্রতিনিধি কে?
☒ ইসমত জাহান
১৩. বাংলাদেশ এপর্যন্ত জাতিসংঘের পর্যবেক্ষক দেশ হিসেবে কতবার ছিল?
☒ ২বার
১৪. জাতিসংঘ শান্তিরক্ষী বাহিনীর কার্যক্রম শুরু হয় কত সালে?
☒ ১৯৪৮
১৫. জাতিসংঘের স্থায়ী সদস্য:
☒ ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, ব্রিটেন, চীন
১৬. জাতিসংঘের বর্তমান মহাসচিব কোন মহাদেশের?
☒ ইউরোপ
১৭. জাতিসংঘ (United Nations) কত সালে প্রতিষ্ঠিত হয়?
☒ ১৯৪৫
১৮. আন্তর্জাতিক সংস্থা 'জাতিসংঘ' এর নামকরণ কে করেছিলেন?
☒ রুজভেল্ট



বিগত বছরের প্রশ্ন সমূহ

মেডিকেল এন্ড ডেন্টাল ভর্তি পরীক্ষা

০১. জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ার নির্ধারিত সময়সীমা- [BDS: 24-25]
ক) ২০৩০ সাল খ) ২০২৫ সাল
গ) ২০২৮ সাল ঘ) ২০৩২ সাল
০২. বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) এর সদর দপ্তর কোথায় অবস্থিত? [MBBS: 2015-16; MBBS: 2001-02]
ক) লন্ডন খ) নিউইয়র্ক
গ) নয়াদিল্লি ঘ) জেনেভা
০৩. জাতিসংঘের কোন সদস্য দেশটির ভেটো ক্ষমতা নেই? [MBBS: 2015-16]
ক) যুক্তরাজ্য খ) জাপান
গ) চীন ঘ) ফ্রান্স
০৪. নিচের কোন শহরটি বিশ্ব স্বাস্থ্য সংস্থার আঞ্চলিক সদর দপ্তর নয়? [MBBS: 2012-13; 2000-01]
ক) আলেকজান্দ্রিয়া খ) কোপেনহেগেন
গ) ম্যানিলা ঘ) কলম্বো
০৫. জাতিসংঘের নিচের কোন মহাসচিব বাংলাদেশ সফর করেন নাই? [MBBS: 2012-13]
ক) কুর্ট ওয়াল্ড হেইম খ) বান কি মুন
গ) উথান্ট ঘ) কফি আনান

বিসিএস পরীক্ষা

০৬. জাতিসংঘ মাদক ও অপরাধ সংক্রান্ত সংস্থা UNODC-র প্রধান কার্যালয় কোথায় অবস্থিত? [46th BCS]
ক) রোম খ) ভিয়েনা
গ) জেনেভা ঘ) পিটসবার্গ
০৭. “২০৩০ সালের মধ্যে বিশ্বের দরিদ্র নারী, পুরুষ ও শিশুর সংখ্যা অর্ধেক নাগিয়ে আনতে হবে”- এটি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার কোন অভীষ্ট লক্ষ্য? [46th BCS]
ক) টার্গেট ১.১ খ) টার্গেট ১.২
গ) টার্গেট ১.৩ ঘ) টার্গেট ১.৪
০৮. বাংলাদেশ কত সালে আন্তর্জাতিক শ্রম সংস্থার সদস্যপদ লাভ করে? [46th BCS]
ক) ১৯৭২ খ) ১৯৭৩
গ) ১৯৭৪ ঘ) ১৯৭৫
০৯. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) চতুর্থ লক্ষ্যমাত্রা কোনটি? [46th BCS]
ক) জলবায়ু কার্যক্রম
খ) মানসম্মত শিক্ষা
গ) দারিদ্র বিমোচন
ঘ) শান্তি, ন্যায়বিচার ও কার্যকর প্রতিষ্ঠান
১০. আন্তর্জাতিক আদালতের (International Court of Justice) সভাপতির মেয়াদ কত বৎসর? [46th BCS]
ক) ২ বৎসর খ) ৩ বৎসর
গ) ৬ বৎসর ঘ) ৯ বৎসর

১১. উত্তর আটলান্টিক চুক্তির কত নম্বর ধারায় যৌগ নিরাপত্তার ধারণাটি ব্যক্ত হয়েছে? [46th BCS]
ক) আর্টিকেল ২ খ) আর্টিকেল ৩
গ) আর্টিকেল ৪ ঘ) আর্টিকেল ৫
১২. প্রথাগতভাবে বছরের কোন দিন জাতিসংঘের সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হয়? [44th BCS]
ক) সেপ্টেম্বর মাসের তৃতীয় মঙ্গলবার
খ) অক্টোবর মাসের প্রথম মঙ্গলবার
গ) আগস্ট মাসের শেষ সোমবার
ঘ) অক্টোবর মাসের প্রথম সোমবার
১৩. জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য কত সময়ের জন্য? [44th BCS]
ক) ১ বছর খ) ২ বছর
গ) ৩ বছর ঘ) ৫ বছর
১৪. আন্তর্জাতিক আদালতের একজন বিচারক কয় বছরের জন্য নির্বাচিত হন? [44th BCS]
ক) তিন বছর খ) সাত বছর
গ) চার বছর ঘ) নয় বছর
১৫. নিম্নের কোনটি জাতিসংঘের সংস্থা নয়? [44th BCS]
ক) আসিয়ান আঞ্চলিক ফোরাম (ARF)
খ) আঞ্চলিক শ্রম সংস্থা (ILO)
গ) আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)
ঘ) খাদ্য ও কৃষি সংস্থা (FAO)
১৬. World Economic Forum-এর বাৎসরিক অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়? [44th BCS]
ক) প্যারিস খ) জুরিখ
গ) দাভোস ঘ) বার্ন
১৭. World Development Report কোন সংস্থার বার্ষিক প্রকাশনা? [42nd BCS]
ক) UNDP খ) World Bank
গ) IMF ঘ) BRICS
১৮. জাতিসংঘের টেকসই উন্নয়নের লক্ষ্য কয়টি? [42nd BCS]
ক) ১১ খ) ১৫
গ) ১৭ ঘ) ২১
১৯. ইরান-ইরাক যুদ্ধবিরতির তদারকির কাজে নিয়োজিত জাতিসংঘের বাহিনী কোন নামে পরিচিত ছিল? [42nd BCS]
ক) UNIMOG খ) UNIIMOG
গ) UNGOMAP ঘ) UNICEF
২০. কোনটি “Bretton Woods Institutions” এর অন্তর্ভুক্ত? [42nd BCS]
ক) IDB খ) IMF
গ) WTO ঘ) ADB



২১. Sustainable Development Goals (SDG) কয়টি? [42nd BCS]

ক) ১৩টি খ) ১৫টি গ) ১৭টি ঘ) ৩১টি

২২. WIPO এর সদর দপ্তর কোথায় অবস্থিত? [42nd BCS]

ক) জেনেভা খ) রোম
গ) নিউইয়র্ক ঘ) ওয়াশিংটন ডিসি

২৩. জাতিসংঘ নামকরণ করেন- [41st BCS]

ক) রুজভেল্ট খ) স্টালিন গ) চার্চিল ঘ) দ্যা গল

২৪. আন্তর্জাতিক আদালতে মিয়ানমার কর্তৃক রোহিঙ্গা গণহত্যার অভিযোগে মামলা করে কোন দেশ? [41st BCS]

ক) নাইজেরিয়া খ) গাম্বিয়া
গ) বাংলাদেশ ঘ) আলজেরিয়া

২৫. আন্তর্জাতিক মুদ্রা তহবিল কোন সালে গঠিত হয়? [41st BCS]

ক) ১৯৪৪ সালে খ) ১৯৪৫ সালে
গ) ১৯৪৮ সালে ঘ) ১৯৪৯ সালে

২৬. জাতিসংঘের কোন সংস্থাটি করোনা ভাইরাসকে 'Pandemic' ঘোষণা করেছে [41st BCS]

ক) ECOSOC খ) FAO
গ) WHO ঘ) HRC

২৭. টেকসই উন্নয়ন সংক্রান্ত ২০৩০ এজেন্ডা (The 2030 Agenda for Sustainable Development)-তে কয়টি লক্ষ্য (goal) রয়েছে? [41st BCS]

ক) ১৫ খ) ১৭ গ) ২১ ঘ) ২৭

২৮. জাতিসংঘ কোন সালে মানবাধিকার সংক্রান্ত বৈশ্বিক ঘোষণার ঐতিহাসিক নথিটি গ্রহণ করে? [41st BCS]

ক) ১৯৪৮ খ) ১৯৫৬ গ) ১৯৪৫ ঘ) ২০০০

২৯. জাতিসংঘ সমুদ্র আইন কত সালে স্বাক্ষরিত হয়েছিল? [41st BCS]

ক) ১৯৭৯ সালে খ) ১৯৮২ সালে
গ) ১২৮৩ সালে ঘ) ১৯৯৮ সালে

৩০. IMF-এর সদর দপ্তর অবস্থিত- [37th BCS]

ক) ওয়াশিংটন ডিসি খ) নিউইয়র্ক
গ) জেনেভা ঘ) রোম

৩১. বিশ্বব্যাংক সংশ্লিষ্ট কোন সংস্থাটি স্বল্প আয়ের উন্নয়নশীল দেশে বেসরকারি খাতে আর্থিক সহায়তা ও উপদেশ দিয়ে থাকে? [37th BCS]

ক) IFC খ) IBRD গ) MIGA ঘ) ICSID

৩২. জাতিসংঘের স্থায়ী সংসদ: [37th BCS]

ক) জাপান, জার্মানি, ফ্রান্স, ব্রিটেন, কানাডা, যুক্তরাষ্ট্র
খ) ফ্রান্স, রাশিয়া, যুক্তরাষ্ট্র, ব্রিটেন, চীন
গ) যুক্তরাষ্ট্র, জার্মানি, ব্রিটেন, ব্রাজিল, চীন, নাইজেরিয়া
ঘ) উত্তর কোরিয়া, পাকিস্তান, ভারত, ইসলামেলে, চীন

৩৩. জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP)-এর শীর্ষ পদটি কি? [36th BCS]

ক) প্রশাসক খ) মহাপরিচালক
গ) মহাসচিব ঘ) প্রেসিডেন্ট

৩৪. জাতিসংঘ কোন বছর প্রতিষ্ঠিত হয়? [36th BCS]

ক) ১৯৪১ খ) ১৯৪৫ গ) ১৯৪৮ ঘ) ১৯৪৯

৩৫. ১৯৯৫ সালে কোন সংস্থাটির গোপন জুবিলা হিসেবে পালিত হয়েছে? [38th BCS]

ক) UNO খ) NAM গ) GATT ঘ) ASEAN

৩৬. UNHCR এর সদর দপ্তর কোথায়? [38th BCS]

ক) নিউইয়র্ক খ) রোম
গ) জেনেভা ঘ) লন্ডন

৩৭. জাতিসংঘের পরিবেশ বিষয়ক সংস্থা (UNEP) ও জলবায়ু বিষয়ক সংস্থা (WMO) এর মিলিত উদ্যোগে প্রতিষ্ঠা লাভ করে- [37th BCS]

ক) IPCC খ) COPZI
গ) Green peace ঘ) Sierra club

৩৮. IAEA এর সদর দপ্তর হচ্ছে: [36th BCS]

ক) জেনেভা খ) ভিয়েনা গ) ওয়াশিংটন ঘ) প্যারিস

৩৯. Yalta Conference এর একটি লক্ষ্য ছিল: [36th BCS]

ক) বিশ্বযুদ্ধের কারণ নির্ণয়
খ) জিব্রাল্টার প্রণালীর সুরক্ষা
গ) জাতিসংঘ প্রতিষ্ঠা
ঘ) যুদ্ধে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান

৪০. জাতিসংঘের সদর দপ্তর কোথায়? [29th BCS]

ক) লন্ডন খ) নিউইয়র্ক
গ) প্যারিস ঘ) মস্কো

৪১. ILO এর সদর দপ্তর কোথায় অবস্থিত? [29th BCS]

ক) লন্ডন খ) জেনেভা
গ) নিউইয়র্ক ঘ) দিল্লি

উত্তরমালা											
০১. ক	০২. ঘ	০৩. খ	০৪. ঘ	০৫. গ	০৬. খ	০৭. খ	০৮. ক	০৯. খ	১০. খ	১১. ঘ	১২. ক
১৩. খ	১৪. ঘ	১৫. ক	১৬. গ	১৭. খ	১৮. গ	১৯. খ	২০. খ	২১. গ	২২. ক	২৩. ক	২৪. খ
২৫. খ	২৬. গ	২৭. খ	২৮. ক	২৯. খ	৩০. ক	৩১. ক	৩২. খ	৩৩. ক	৩৪. খ	৩৫. ক	৩৬. গ
৩৭. ক	৩৮. খ	৩৯. গ	৪০. খ	৪১. খ							



Organization of Islamic Co-operation (OIC)

ইসলামী সহযোগিতা সংস্থা

প্রতিষ্ঠাকালঃ ২৫ সেপ্টেম্বর, ১৯৬৯

সদর দপ্তরঃ জেদ্দা, সৌদি আরব

১৯৬৯ সালের ২২ সেপ্টেম্বর মরক্কোর রাজধানী রাবাতে মুসলিম দেশের রাষ্ট্রপ্রধানদের শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সম্মেলনে ২৫ সেপ্টেম্বর 'মুসলিম দেশ সমূহের মধ্যকার সমস্যা মোকাবিলা করা সহ মুসলিম ধর্মীয় স্থান সমূহ শত্রুমুক্ত ও নিরাপদ করা এবং মুসলিম ভ্রাতৃত্বকে জোরদার করা'র লক্ষ্যে আনুষ্ঠানিক ভাবে 'ইসলামী সম্মেলন সংস্থা' (Organization of Islamic Conference (OIC) প্রতিষ্ঠা লাভ করে। পরবর্তীতে ২৮ জুন, ২০১১ এর নাম সংশোধিত হয়ে হয় Organization of Islamic Co-operation (OIC)। মালয়েশিয়ার তৎকালীন প্রধানমন্ত্রী টেংকু আব্দুর রহমান প্রথম সেক্রেটারি জেনারেল নিযুক্ত হন। এর অঙ্গ সংস্থা ৪টি। যথা-

১. ইসলামী সম্মেলন সংস্থা ২. পররাষ্ট্র মন্ত্রী কাউন্সিল ৩. সাধারণ সচিবালয় ৪. আন্তর্জাতিক ইসলামি আদালত

- দাপ্তরিক ভাষা ৩টি। যথা- আরবি, ইংরেজি, ফরাসি।
- প্রতিষ্ঠাকালীন এর সদস্য ছিল ২৫টি, বর্তমানে সদস্য সংখ্যা ৫৭।
- বাংলাদেশ সদস্য হয় ১৯৭৪ সালে লাহোরে ২য় শীর্ষ সম্মেলনে।
- OIC এর শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ৩ বছর পর পর।
- ক্যামেরুন, বেনিন, মোজাম্বিক, গায়ানা ও সুরিনাম।
- সম্প্রতি সদস্যপদের জন্য আবেদন করেছে রাশিয়া।
- সম্প্রতি সদস্যপদ স্থগিত হয়েছে সিরিয়া।
- বাংলাদেশ OIC এর ৩২তম সদস্য দেশ।
- মুসলিম প্রধান না হয়েও OIC এর সদস্য দেশ- উগান্ডা

Commonwealth of Nations

কমনওয়েলথ অব নেশনস

প্রতিষ্ঠাকালঃ ২৬ এপ্রিল, ১৯৪৯

সদর দপ্তরঃ লন্ডন, যুক্তরাজ্য

এটি সাবেক ব্রিটিশ সাম্রাজ্য ভুক্ত স্বাধীন ও আশ্রিত দেশ সমূহ নিয়ে গঠিত সংগঠন। ১৯২৬ সালের ১৯ নভেম্বর ইম্পিরিয়াল সম্মেলনে বেলফোর ঘোষণার মাধ্যমে ব্রিটিশ কমনওয়েলথ অব নেশনস ধারণার পত্তন হয়। ১৯৪৯ সালের ২৮ এপ্রিল লন্ডন ঘোষণা অনুযায়ী সংস্থাটি থেকে ব্রিটিশ শব্দটি বাদ দিয়ে "কমনওয়েলথ অব নেশনস" নামকরণ করা হয়। এর কোন লিখিত সংবিধান নেই। এর বর্তমান প্রধান যুক্তরাজ্যের রাজা ৩য় চার্লস। কমনওয়েলথ ভুক্ত দেশসমূহের ডিপ্লোমেটিক কর্মকর্তাদের বলা হয় হাইকমিশনার।

- কমনওয়েলথ এর বর্তমান সদস্য দেশ ৫৬টি এবং এটির আয়তনে সর্ববৃহৎ দেশ কানাডা।
- বাংলাদেশ কমনওয়েলথ এর ৩২ তম সদস্য। সদস্য হিসেবে যোগদান করে ১৮ এপ্রিল, ১৯৭২।
- ব্রিটিশ উপনিবেশ না হয়েও কমনওয়েলথ এর সদস্য- মোজাম্বিক ■ রুয়ান্ডা ■ গ্যাবন ■ টোগো
- ব্রিটিশ উপনিবেশ এর অন্তর্ভুক্ত হয়েও কমনওয়েলথ এর সদস্য নয়-
 - মার্কিন যুক্তরাষ্ট্র ■ ইরাক ■ মিশর ■ সংযুক্ত আরব আমিরাত ■ কুয়েত ■ কাতার
 - ইয়েমেন ■ সুদান ■ বাহরাইন ■ জর্ডান ■ মায়ানমার ■ জিম্বাবুয়ে


Non-Aligned Movement (NAM)

জোট নিরপেক্ষ আন্দোলন

প্রতিষ্ঠাকালঃ ১৯৬১

সদর দপ্তরঃ নেই

- ১৯৬১ সালে তৎকালীন যুগোস্লাভিয়ার বেলগ্রেডে প্রথম শীর্ষ সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিক ভাবে NAM গঠিত হয়।
- উদ্যোক্তা দেশ- যুগোস্লাভিয়া, মিশর, ইন্দোনেশিয়া, ভারত, ঘানা।





- NAM এর মূলনীতি ১০টি।
- বর্তমান সদস্য সংখ্যা ১২১টি। সর্বশেষ দক্ষিণ সুদান।
- বাংলাদেশ NAM এর সদস্য হয় ৫ই সেপ্টেম্বর, ১৯৭২ সনে।
- NAM এর বার্তা সংস্থার নাম NAM News Network (NNN)।
- জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্যের মধ্যে ন্যাম এর একমাত্র পর্যবেক্ষক দেশের মর্যাদা লাভকারী দেশ চীন (১৯৯২ সালে)।

আঞ্চলিক রাজনৈতিক জোট

European Union

ইউরোপীয় ইউনিয়ন

প্রতিষ্ঠাকালঃ ১ জানুয়ারি, ১৯৫৮

সদর দপ্তরঃ ব্রাসেলস, বেলজিয়াম



- রোম চুক্তি: ১৯৫৭ সালের ২৫ মার্চ ফ্রান্স, বেলজিয়াম, ইতালি, নেদারল্যান্ড, লুক্সেমবার্গ এবং তৎকালীন পশ্চিম জার্মানির মধ্যে স্বাক্ষরিত রোম চুক্তির মাধ্যমে পরবর্তীতে ১৯৫৮ সালের ১ জানুয়ারি ইউরোপীয় ইউনিয়ন প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠাকালীন নাম ছিল **European Economic Community (EEC)**।
- ম্যাসট্রিখট চুক্তি: ১৯৯২ সালে ৭ ফেব্রুয়ারি ম্যাসট্রিখট চুক্তির মাধ্যমে পরবর্তীতে ১৯৯৩ সালের ১লা নভেম্বর নামকরণ করা হয় **European Union (EU)**। পারম্পরিক স্বার্থে গুজরাহাসের মাধ্যমে সদস্য দেশ সমূহের উৎপাদিত পণ্যের সুলভ ও সাধারণ বাজার প্রতিষ্ঠার উদ্দেশ্যে এটি প্রতিষ্ঠিত হয়।
- ১ জানুয়ারি, ১৯৯৯ সালে ইউরোপের একক মুদ্রা হিসেবে ইউরো চালু হয়।
- সদস্য সংখ্যা ২৭টি। একমাত্র এশীয় দেশ সাইপ্রাস।
- ইউরোপীয় পার্লামেন্টের বর্তমান সদস্য সংখ্যা ৭৫১টি।
- EU থেকে যুক্তরাজ্যের বের হয়ে যাওয়ার প্রক্রিয়াকে ব্রেক্সিট বলা হয়। ৩১ জানুয়ারি, ২০২০ সালে যুক্তরাজ্য ইউরোপীয় ইউনিয়ন থেকে বের হয়ে যায়।
- EU শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে ২০১২ সালে।
- দাপ্তরিক ভাষা ২৪টি।
- ইউরোপীয় ইউনিয়নের সর্বশেষ সদস্য-ক্রোয়েশিয়া (২০১৩)
- INTERPOL হলো EU এর পুলিশ সংস্থা


ইউরোপীয় ইউনিয়নের অঙ্গ সংস্থা ও এর সদর দপ্তর	
সংস্থার নাম	সদর দপ্তর
ইউরোপীয় কাউন্সিল	ব্রাসেলস (বেলজিয়াম)
ইউরোপীয় কমিশন	
ইউরোপীয় কোর্ট অব জাস্টিস	লুক্সেমবার্গ
ইউরোপীয় কোর্ট অব অডিটরস	
ইউরোপীয় ইনভেস্টমেন্ট ব্যাংক	
ইউরোপীয় সেন্ট্রাল ব্যাংক	ফ্রাঙ্কফুট (জার্মানি)
ইউরোপীয় ন্যায্যপাল	স্ট্রাসবার্গ (ফ্রান্স)
ইউরোপোল	দ্য হেগ (নেদারল্যান্ডস)

African Union (AU)

আফ্রিকান ইউনিয়ন

প্রতিষ্ঠাকালঃ ২৫ মে, ১৯৬৩

সদর দপ্তরঃ আদিসআবাবা, ইথিওপিয়া



- ১৯৬৩ সালের ২৫ মে আফ্রিকান ঐক্য সংস্থা (Organization of African Unity) প্রতিষ্ঠা লাভ করে।
- ২০০২ সালে ৯ জুলাই Organization of African Unity থেকে African Union (AU) নামকরণ হয়। এর বর্তমান সদস্য দেশ ৫৫টি। প্রতিষ্ঠাকালীন সদস্য হওয়া সত্ত্বেও মরক্কো ১৯৮৪ সালে আফ্রিকান ইউনিয়ন ত্যাগ করে এবং পুনরায় যোগদান করে ৩০ জানুয়ারি, ২০১৭ সাল। সর্বশেষ সদস্য দেশ হলো দক্ষিণ সুদান। সদরদপ্তর-আদিস আবাবা, ইথিওপিয়া।



Arab League

আরব লীগ

প্রতিষ্ঠাকালঃ ২২ মার্চ, ১৯৪৫

সদর দপ্তরঃ কায়রো মিশর

আরব লীগের প্রতিষ্ঠাকালীন সদস্য ৭টি। বর্তমান সদস্য ২২টি। মধ্য প্রাচ্যের আরবলীগ বহির্ভূত একমাত্র দেশ ইরান।

১৯৭৮ সালে ইসরাইলের সাথে ক্যাম্প ডেভিড চুক্তি করার জন্য মিশরকে আরব লীগ থেকে বহিষ্কার করা হয়। ১৯৮৯ সালে দেশটি পুনরায় যোগদান করার সুযোগ পায়।



এক তজরে...

০১. বাংলাদেশ NAM এর সদস্য হয় কত সালে?
☒ ১৯৭২ সালের ৫ই সেপ্টেম্বর
০২. ইউরোপিয়ান ইউনিয়ন থেকে যুক্তরাজ্যের বের হয়ে যাওয়ার প্রক্রিয়াকে কি বলে?
☒ ব্রেক্সিট
০৩. ইসলামী সহযোগিতা সংস্থা (ওআইসি) এর দাপ্তরিক ভাষার সংখ্যা কতটি?
☒ ৩

০৪. মুসলমান প্রধান না হয়েও কোন দেশটি ইসলামী সম্মেলন সংস্থার সদস্য?
☒ উগান্ডা
০৫. কমনওয়েলথ এর বর্তমান প্রধান কে?
☒ যুক্তরাজ্যের রাজা তৃতীয় চার্লস।

বিগত বছরের প্রশ্ন সমূহ

১৯ মেডিকেল এন্ড ডেন্টাল ভর্তি পরীক্ষা

০১. কমনওয়েলথভুক্ত কোন দেশটি আয়তনে সর্ববৃহৎ- [MBBS: 2015-16]
ক) অস্ট্রেলিয়া খ) কানাডা গ) ভারত ঘ) কেনিয়া
০২. ইসলামী সহযোগিতা সংস্থা (ওআইসি) এর দাপ্তরিক ভাষার সংখ্যা হচ্ছে: [38th BCS]
ক) ৫ খ) ৩ গ) ৪ ঘ) ২
০৩. জাতিসংঘের সহযোগী নয়? [38th BCS]
ক) আইএলও(ILO) খ) হু (WHO)
গ) ASEAN ঘ) উপরের সবকটি
০৪. ওআইসি এর দাপ্তরিক ভাষা হচ্ছে- [38th BCS]
ক) ৫ খ) ৩ গ) ২ ঘ) ৪
০৫. আরব লীগ প্রতিষ্ঠা পায়- [36th BCS]
ক) ১৯৪৯ খ) ১৯৫০ গ) ১৯৪৫ ঘ) ১৯৪০
০৬. EURO is the currency of [34th BCS]
ক) Asia খ) Europe গ) America ঘ) Africa

০৭. বিশ্বের সবচেয়ে বড় অর্থনৈতিক জোট কোনটি? [30th BCS]
ক) EU খ) WTO
গ) NATO ঘ) FIFA
০৮. EU এর সদর দপ্তর- [29th BCS]
ক) লন্ডন খ) ব্রাসেলস
গ) বন ঘ) প্যারিস
০৯. মুসলমান প্রধান না হয়েও কোন দেশটি ইসলামী সম্মেলন সংস্থার সদস্য? [27th BCS]
ক) নাইজেরিয়া খ) লেবানন
গ) নাইজার ঘ) উগান্ডা
১০. শেনজেন চুক্তি হচ্ছে- [26th BCS]
ক) বাণিজ্য চুক্তি খ) কর হ্রাস করা চুক্তি
গ) অবাধ চলাচল সংক্রান্ত চুক্তি ঘ) এর কোনটিই নয়
১১. অভিন্ন ইউরোপ গঠনের লক্ষ্যে ম্যাসট্রিখ্ট চুক্তি অনুমোদনের জন্য কোন দেশ দুবার গণভোটের আয়োজন করেছিল? [26th BCS]
ক) লুক্সেমবার্গ খ) আয়ারল্যান্ড
গ) গ্রিস ঘ) ডেনমার্ক

উত্তরমালা										
০১. খ	০২. খ	০৩. গ	০৪. খ	০৫. গ	০৬. খ	০৭. ক	০৮. খ	০৯. ঘ	১০. গ	১১. ঘ



আন্তর্জাতিক ও আঞ্চলিক অর্থনৈতিক জোট

আন্তর্জাতিক অর্থনৈতিক জোট

G-7 (Group of Seven)

- রাশিয়া ব্যতীত শিল্পোন্নত ৭টি দেশের অর্থনৈতিক জোট কে জি-৭ বলে।
- বর্তমান সদস্য দেশ ৭টি। যথা-কানাডা, যুক্তরাষ্ট্র, ফ্রান্স, জার্মানি, যুক্তরাজ্য, ইতালি ও জাপান।
- G-7 এর একমাত্র এশীয় দেশ হলো জাপান।
- সদরদপ্তর: নেই।

G-77 (Group of Seventy Seven)

- ১৯৬৪ সালের ১৫ জুন তৃতীয় বিশ্বের তথা উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক ও বাণিজ্যিক স্বার্থ রক্ষার জন্য গঠিত হয়।
- এর বর্তমান সদস্য দেশ ১৩৪ টি।
- সদরদপ্তর: নেই।

